Cólonize, *v.* নূতন দেশে বসতি ক।
Cólonnáde, *s.* শ্রেণীবদ্ধ স্তম্ভ।
Cólony, *s.* দেশান্তরবসতি,উপনিবাস।

Cólophony, *s.* ধূপ, ধুনা।
Colóssal, *a.* বৃহদাকৃতিবিশিষ্ট, অতিপ্রকাণ্ড।
Colóssus, *s.* প্রকাণ্ড মূর্ত্তি।
Cólour, *v.* বিচিত্র ক, রঙ্গ দে।
Cólour, *s.* বর্ণ, রঙ্গ, রূপ; ছুতা।
Cólours, *s.* পতাকা, ধ্বজা।
Colt, *s.* ঘোটকের বাচ্চা, কিশোর।
Cólter, *s.* লাঙ্গলের ফাল বা তদগু।
Columbary, *s.* পায়রার বা ঘুঘুর খোপ।
Column, *s.* স্তম্ভ; সূচীব্যূহ, পৃষ্ঠার এক খণ্ড।
Cóma, *s.* নিদ্রাকর্ষণ,অবসন্নতা।
Cómb, *v.* চিরণী দিয়া আঁচড়া।
Comb, *s.* চিরণী; ফুল্‌কা; মধুচাক; কুক্‌কুটের মস্তকের ফুল।
Cómbat, *s.* যুদ্ধ, সংগ্রাম, লড়াই।
Cómbatant, *s.* যোদ্ধা, সংগ্রামকর্ত্তা।
Combinátion, *s.* যোগ, সংযোগ।
Combine, *v.* যোগ ক, ঐক্য হ।
Combústible, *a.* আশুজ্বলনশীল।
Combústion, *s.* অগ্নিদাহ, জ্বলন; গোলমাল।
Come, *v.* আইস, আগমন ক; ঘট।
Comédian, *s.* সংকর্ত্তা,তামাসা কর,নট
Cómedy, *s.* সং, হাস্য উৎপাদক নাটক, তামাসা।
Cómeliness, *s.* সৌন্দর্য্য,শোভা।
Cómely, *a.* সুদৃশ্য,সুন্দর,মনোহর।
Cómet, *s.* ধূমকেতু।
Cómfit, *s.* শুষ্ক মিঠাই বিশেষ।
Cómfort, *v.* সান্ত্বনা ক,প্রবোধ জন্মা।
Cómfort, *s.* সান্ত্বনা,আরাম, প্রবোধ।
Cómfortable, *v.* সান্ত্বনাদায়ক,সুখদ
Cómforter, *a.* প্রবোধকর্ত্তা,আশ্বাসক।
Cómfortless, *a.* সান্ত্বনা রহিত, নিরানন্দ।
Cómic, *a.* উপহাস্য, কৌতুকী।
Cómical, *a.* হাস্য উৎপাদক, রসিক।
Cóming, *s.* আগমন; *a.* আগামী।
Cómma, *s.* পদবিচ্ছেদ সূচক চিহ্ন, যথা (,)।
Commánd, *s.* আজ্ঞা, আদেশ
Commánder, *s.* অধ্যক্ষ, অধিপতি।
Commándment, *s.* আজ্ঞা,আদেশ।
Commémorate, *v.* স্মরণার্থ ক্রিয়া ক।
Commemorátion, *s.* স্মরণার্থক্রিয়া।
Comménce, *v* আরম্ভ ক, উপক্রম ক।
Comméncement, *s.* আরম্ভ, আদি।
Comménd, *v.* প্রতিষ্ঠা ক,প্রশংসা ক; সমর্পণ ক।
Comméndable, *a.* প্রশংসনীয়।
Commendátion, *s.* প্রতিষ্ঠা,প্রশংসা।
Comménsurate, *a,* সমপরিমিত,তুল্য।
Commensurátion, *s.* সমপরিমাণকরণ
Cómment, Cómmentary, } *s.* টীকা, টিপ্পনী, ব্যাখ্যা।
Cómmentator, *s.* টীকাকার।
Cómmerce, *s.* বাণিজ্য; সম্ভাষ।
Commércial, *a.* বাণিজ্যসম্বন্ধীয়।
Comminátion, *s.* শাস্তিপ্রতিজ্ঞা, অভিশাপ।
Commíngle, *v.* সংশ্লিষ্ট ক,মিশ্রিত ক।
Comminúte, *v.* চূর্ণ ক, গুঁড়া ক।
Commíserate, *v.* দয়া ক, করুণা ক।
Commiserátion, *s.* দয়া,করুণা,কৃপা।

Cómmissary, *s.* সৈন্যের ভক্ষ্যায়োজনকর্ত্তা, নিয়োগী।
Commíssion, *s.* দালালী; বেতন; আজ্ঞা; কর্ম্মের ভার। [ক্ষমতা দে।
Commíssion, *v.* নিযুক্ত ক, ভর দ,
Commíssioner, *s.* আমীন, রাজকর্ম্ম নির্ব্বাহার্থে নিযুক্ত ব্যক্তি।
Commít, *v.* কর, সমর্পণ ক।
Commíttee *s.* কর্ম্মসম্পাদিকা সভা।
Cómmix, *v.* মিশ্রিত ক, একত্র ক।
Commódious, *a.* উপযুক্ত, প্রশস্ত, কর্ম্মণ্য।
Commódity, *s.* বাণিজ্য দ্রব্য, লভ্য।
Cómmodore, *s.* যুদ্ধজাহাজ সমূহের অধ্যক্ষ।
Cómmon *a.* সামান্য, নীচ, সাধারণ।
Cómmon, *s.* সাধারণভূমি, পড়া মাঠ।
Cómmonalty, *s.* সামান্য লোকসমূহ।
Cómmoner, *s.* অকুলীন, সামান্যলোক
Cómmonly, *ad* সচরাচর, প্রচরদ্রূপে।
Cómmons, *s.* সাধারণাহার; রাজকীয় সাধারণ সভা।
Commonplace, *a.* সামান্য, সাধারণ।
Cómmonwealth, *s.* সাধারণ কর্ত্তৃত্ব।
Commótion, *s.* কলহ, ব্যাকুলতা।
Commune, *v.* কথোপকথন ক।
Commúnicate, *v.* জ্ঞাত ক, প্রকাশ ক।
Communicátion, *s.* বিজ্ঞাপন, আলাপ
Commúnion, *s.* সম্ভাষণ, সংসর্গ; স্মরণার্থে ঈশ্বরীয় ভোজন।
Commúnity, *s.* প্রজাবর্গ, সাধারণত্ব।
Commutátion, *s.* পরিবর্ত্তন, বিনিময়
Cómpact, *s.* নিয়ম, চুক্তি, নির্দ্ধারণ।

Cómpact, *a.* পরিপাটীরূপে বদ্ধ, দৃঢ়
Compánion, *s.* সঙ্গী, সখা, মিত্র।
Cómpany, *s.* সম্প্রদায়, সহবর্ত্তী।
Cómparable, *a.* উপমেয়, তুল্য।
Cómparatively, *ad.* তুল্যরূপে, তারতম্য রূপে।
Compáre, *v.* তুল্য ক, উপমা ক।
Compárison, *s.* তুলনা; উপমা, দৃষ্টান্ত
Compártment, *s.* অংশ, ভাগ।
Cómpass, *v.* বেষ্টন ক, প্রদক্ষিণ ক; উদ্যোগ ক। [পণ যন্ত্র।
Compass, *s.* বেষ্টন, বেড়; দিক্‌নিরূ-
Compasses, *s.* বর্ত্তুল লেখার্থক যন্ত্র।
Compássion, *s.* করুণা, অনুকম্পা, দয়া।
Compássionate, *a.* দয়ালু, কৃপাবান্।
Compátible, উপযুক্ত, যোগ্য, সঙ্গত।
Compátriot, *s.* স্বদেশীয় ব্যক্তি।
Compeér, *s.* সমযোদ্ধা, সঙ্গী।
Compel, *v.* বলদ্বারা করা, বাধ্য ক।
Compéndious, *a.* সংক্ষেপ, সমবেত।
Compéndium, *s.* সারসংগ্রহ, চুম্বক।
Compénsate, *v.* ক্ষতিপূর, প্রতিফল
Compéte, *v.* প্রতিযোগিতা ক [দে।
Cómpetence, } *s.* যথেষ্ট সংস্থান,
Cómpetency, } যোগ্যতা, ক্ষমতা।
Cómpetent, *a.* পারক, যোগ্য, উপযুক্ত
Competítion, *s.* প্রতিযোগিতা, একবিষয়াভিলাষ।
Compéititor, *s.* প্রতিপক্ষ, প্রতিযোগী
Compilátion, *s.* সংগ্রহ, সমুদ্ধার।
Compíle, *v.* সংগ্রহ ক, সমাহার ক।
Complácency, *s.* সন্তোষ, প্রসন্নতা, সুশীলতা।

Complácent, *a.* সন্তুষ্ট, প্রসন্ন, স্নিগ্ধ।
Complain, *v.* আক্ষেপ ক, নালিস-ক; বিলাপ ক।
Compláinant, *s.* ফরিয়াদী.আক্ষেপী।
Compláint, *s.* দুঃখের পরিচয়;রোগ
Complaisánce, *s.* সুশীলতা,সৌহৃদ্য।
Complaisánt, *a.* সুহৃৎ,সুশীল,শিষ্ট।
Cómplement, *s.* যাহাতে সম্পূর্ণ বা সাঙ্গ করে।
Compléte, *a.* সম্পূর্ণ, সমাপ্ত, সাঙ্গ।
Complétion, *s.* সম্পূর্ণ করণ,সমাপ্তি।
Cómpléx, *a.*সঙ্কর,মিশ্রিত;পাক্‌পড়া।
Compléxion, *s.* বর্ণ, বদনের বর্ণ;শারীরিক ধর্ম্ম।
Complíance, *s.* স্বীকার, সম্মতি।
Complíant, *a.* স্বীকারী, শিষ্ট, নম্র।
Cómplicated, *a.* সঙ্কর,মিশ্রিত,জড়ীভূত।
Cómpliment, *s.* শিষ্টাচার, প্রণাম।
Cómpliment, *v.* শিষ্টাচার ক, প্রশংসা ক।
Complý, *v.* সম্মত হ, স্বীকার ক।
Compónent, *a.* সঙ্কর বস্তুর পৃথক্২ অংশ সম্বন্ধীয়। [বহার ক।
Compórt, *v.* যোগ্য হ, মেল হ, ব্য-
Compóse, *v.* রচনা ক; সান্ত্বনা ক।
Compósed, *a.* স্থির, ধীর, ক্ষান্ত।
Compóser, *s.* রচক,লেখক,গ্রন্থকর্ত্তা।
Composítion, *s.* মিশ্র;রচিতগ্রন্থ;রফা
Compósitor,*s.*ছাপার অক্ষরযোজক।
Cómpost, *s.* নানা দ্রব্য মিশ্রিত করিয়া যে সার প্রস্তুত হয়, সারমাটি, গোবর।

Compósure, *s.* স্থিরতা, ধৈর্য্য।
Compoúnd, *v.* মিশ্রিত ক, মিলা।
Cómpound, *s.* মিশ্রণ; উঠান, অঙ্গন।
Comprehénd, *v.*বুঝ;ধারণ ক,ভুক্ত ক
Comprehénsion, *s.* বোধ, জ্ঞান,বুদ্ধি
Comprehénsive, *a.* নানার্থক, পারদর্শী, পূর্ণ।
Conmprèss, *v.* বিমর্দ্দন ক,চাপ, ঠাস।
Compréssion, *s.* চাপন,ঠাসন,দাবন।
Comprise, *a.* ধারণ ক, ভুক্ত ক।
Cómpromise, *v.* মধ্যস্থ মান, রফা ক, মিলা।
Compt, *s.*হিসাব,গণনা। [অনিবার্য্য।
Compúlsatory,*a.*প্রবল, বলবান্।
Compúlsion, *s.* বলাৎকার,বলকরণ।
Compúlsory, *a* প্রবলকারী, সবল।
Compúnction, *s.* অনুতাপ, খেদ।
Computátion, *s.* গণনা, সংখ্যা।
Compúte, *s.* সংখ্যা ক, গণনা ক।
Cómrade, *s.* সঙ্গী, সাথী, মিত্র।
Con, *v.* অভ্যাস ক, চিন্তা ক।
Concatenátion, *s.* শৃঙ্খলতা, শ্রেণী।
Cóncave, *a.* মধ্যনিম্ন, উত্তান।
Concávity, *s.* খোল, উত্তানতা।
Concéal, *v.* গুপ্ত ক, লুকা,সম্বরণ ক।
Concéalment, *s.* গোপন, সম্বরণ।
Concéde, *v.* স্বীকৃত হ, সম্মত হ, মান ত্যাগ ক।
Concèit, *s.* দম্ভ, আত্মশ্লাঘা; মানস, অনুভব।
Concéited, *a.* দাম্ভিক, দর্পী, গর্ব্বী, আত্মাভিমানী। [ক।
Concéive, *v.* অনুভব ক; গর্ভে ধারণ

Concéntrate, *v.* অনেক বস্তু এক স্থানে আন, সংশ্লেষ ক, গুটা।
Concéntre, *v.* একমধ্য হ, মধ্যে মেল।
Concéption, *s.* গর্ভধারণ; বোধ।
Concérn, *s.* ভাবনা; সম্পর্ক; বিষয়।
Concérn, *v.* সম্বন্ধ থাক; ভাবিত হ।
Concérning, *pr.* বিষয়ক, সম্বন্ধীয়।
Concért, *v.* গোপনে মন্ত্রণা ক।
Concért, *s.* বৈঠকি গান বা বাদ্য; ঐক্য
Concéssion, *s.* স্বীকার; দেওয়া।
Conch, *s.* শঙ্খ, শাঁক, জোঙ্গড়া বিশেষ। [ক, মিলা।
Concíliate, *v.* পুনর্মেল ক, সামঞ্জস্য।
Concíliatory, *a.* পুনর্মেল সূচক, মিলকারক।
Concíse, *a.* সংক্ষেপ, খাট, হ্রস্ব।
Concísion, *s.* ছেদন, কাটন, ছাঁটন।
Cónclave, *s.* ধর্ম্মসভা, গুপ্ত সভা।
Conclúde, *v.* সাঙ্গ ক; সিদ্ধান্ত ক, স্থির ক। [নিশ্চয়।
Conclúsion, *s.* শেষ; সিদ্ধান্ত, চূড়ান্ত,
Conclúsive, *a.* প্রামাণ্য, নিশ্চায়ক।
Concóct, *v.* পাক ক, পরিপক্ক ক।
Concóction, *s.* পরিপাক, অন্নপাক, জীর্ণ করণ। [*s.* সহযোগী।
Concómitant, *a.* সংযুক্ত, মিলিত.
Cóncord, *s.* মিলন, ঐক্য, সুহৃদতা।
Concordance, *s.* ধর্ম্মপুস্তকের নির্ঘণ্ট
Concórdant, *a.* অনুসারী, উপযুক্ত,
Cóncourse, *s.* জনসমূহ, জনতা, ভিড়।
Concrémation, *s.* সহপোড়ন।
Concréte, *a.* সংযত, জড়ীভূত, লোষ্ট্রবৎ।
Concrétion, *s.* সংযম, জড়ীভাব।
Cóncubine, *s.* উপস্ত্রী, উপপত্নী।
Concúpiscence, *s.* কাম, লাম্পট্য, কুঅভিলাষ।
Concúr, *v.* একচিত্ত হ, সংঘটিত হ।
Concúrrence, *s.* যোগ, ঐক্য, সংঘটন।
Concússion, *s.* দুই বস্তুর পরস্পর আঘাতদ্বারা লড়ন।
Condémn, *v.* দোষী ক, দণ্ডাজ্ঞা ক।
Condemnátion, *s.* দণ্ডাজ্ঞা, দোষীকরণ।
Condémnatory, *a.* দোষকর, দণ্ডসূচক
Condénse, *v.* গাঢ় ক, ঘন ক, চাপ।
Condescénd, *v.* নম্রতাপূর্ব্বক শিষ্ট হ
Condescénsion, *s.* নম্রতা, শিষ্টতা।
Condígn, *a.* সমুচিত, উপযুক্ত।
Cóndiment, *s.* ব্যঞ্জন, মসালা।
Condítion, *s.* দশা, অবস্থা; নিয়ম
Condítional, *a.* নিবন্ধ, নিয়মান্বিত, পণযুক্ত।
Condóle, *v.* পরদুঃখে দুঃখী হ।
Condólence, *s.* পরদুঃখে খেদোক্তি।
Condór, *s.* বৃহৎপক্ষিবিশেষ।
Condúce, *c.* সাহায্য ক, পোষকতা ক
Condúcive, *a.* প্রবর্ত্তক, সম্পাদক, পুষ্টিকারক, সাধক।
Cónduct, *s.* আচার, ব্যবহার, চলন।
Condúct, *v.* পথ দেখা; আচরণ ক।
Condúctor, *s.* পথদর্শক, অগ্রসর।
Cónduit, *s.* নালা, প্রণালী।
Cone, *s.* সূচি, অধোভাগে মণ্ডলাকার ও অগ্রভাগে সূচ্যাকার বস্তু।
Confabulátion, *s.* আলাপ, গপ্প।
Conféction, *s.* মোরব্বা, মিষ্টান্ন।

Conféctioner, *s.* মোদক, ময়রা।
Conféderacy, *s.* সন্ধি, ঐক্যতা, চক্র।
Conféderate, *v.* সন্ধি ক, ঐক্য হ।
Conféderate, *s.* একপরামর্শী, মিত্র।
Conféderation, *s.* সখ্য,সন্ধি,মিলন
Confér, *v.* পরামর্শ ক; দান ক।
Cónference, *s.* কথোপকথন, বিবেচনার্থ সভা।
Confess, *v.* স্বীকার ক, মান।
Confessedly, *ad.* স্বীকারপূর্ব্বক, নিঃসন্দেহ রূপে।
Confession, *s.* স্বীকার,দোষস্বীকার।
Confessor,*s.* পাপস্বীকার শ্রবণকারী; স্বীকার কর্ত্তা।
Confidánt, *s.* বিশ্বাসপাত্র, সখা।
Confíde, *v.* বিশ্বাস ক, গছা।
Confidence, *s.* বিশ্বাস, আস্থা।
Cónfident, *a.* নিঃসন্দিগ্ধ,উৎসাহশীল।
Confidential, *a.* বিশ্বাসী, বিশ্বস্ত।
Configurátion, *s.* অবয়ব, আকার।
Confine, *v.* সীমান্ত ক; কারাবদ্ধ ক।
Cónfine, *s.* সীমা, সীমানা, প্রান্ত।
Confinement, *s.* আটক, কারাবন্ধন।
Confiirm, *v.* সাব্যস্ত ক, দৃঢ় ক।
Confirmation, *s.* নিশ্চয়করণ।
Confíscate, *v.* দণ্ডার্থ কাড়িয়া ল, ক্রোক বা জব্দ ক।
Confiiscátion, *s.* দণ্ডার্থ ধনাদি হরণ, বৃত্তিচ্ছেদ।
Conflagration, *s.* মহাগ্নিদাহ, ব্যাপক অগ্নি।
Cónflict, *s.* সংগ্রাম, কলহ, বিবাদ।
Conflíct, *v.* সংগ্রাম ক, বিবাদ ক।
Cónfluence, *s.* অনেক স্রোতের সঙ্গম বা যোগ; জনতা।
Cónflux, *s.* সঙ্গম; জনতা।
Confórm, *v.* অনুসারে চল,সম্মত হ।
Confórmably, *ad.* অনুসারে।
Conformátion, *s.* আকৃতি, অবয়ব।
Confórmity, *s.* সাদৃশ্য, ঐক্য।
Confoúnd, *v.* মিশ্রিত ক; গোলমাল ক; অপ্রতিভ ক।
Confoúnded, *a.* অপ্রতিভ; অপকৃষ্ট।
Confront, *v.* সম্মুখবর্ত্তী হ, মিলা।
Confúse, *v.* মিশ্রিত ক; অপ্রতিভ ক, ঘবরা।
Confúsion,*s.* গোলমাল, বুদ্ধি ভ্রংশ
Confutátion, *s.* পরিহার, প্রমাণের দ্বারা অসাব্যস্ত করণ,খণ্ডন,বাধা।
Confúte, *v.* অসাব্যস্ত ক, খণ্ডা।
Congé, *s.* প্রণাম, বিদায়।
Congéal, *v*, জমিয়া যা, গাঢ় হ।
Congelátion, *s.* ঘন হওন, সংযম।
Congénial, *a.* একভাবাপন্ন, সবর্ণ।
Congéries, *s.* রাশি, স্থূল, সমাগম।
Conglomerate, *v.* জড়া, গুটা, বর্ত্তুলাকৃতি ক।
Conglómeration, *s.* গুটান, মিশ্রণ।
Congratulate,*v.* পরমঙ্গলে হর্ষ জানা।
Congratulátion, *s.* মঙ্গলবাদন, অন্যের মঙ্গলে আহ্লাদ।
Cóngregate, *v.* একত্র ক, মণ্ডলী ক।
Congregátion, *s.* মণ্ডলী, সভা।
Cóngress, *s.* রাজসভা, সমাজ।
Congruíty, *s.* উপযুক্ততা, সমভাব।
Congruous, *a.* উপযুক্ত, সমভাবী।

Cònical, *a* সূঁচাল, চূড়াকৃতি।
Conjéctural, *a.*আনুমানিক,আন্দাজি
Conjécture, *s.* অনুমান, অনুভব।
Conjoin, *v.* সংলগ্ন ক, সংযোগ ক।
Conjointly, *ad,* সংযোগপূর্ব্বক, ঐক্যরূপে।
Cónjugal, *a.* বিবাহসম্বন্ধীয়।
Cónjugate, *v.* সংযুক্ত ক,ধাতুরূপ ক
Cenjugátion,*s.*ধাতুরূপকরণ,সমাহার
Conjúnction, *s.* যোগ,সন্ধি;উপসর্গ।
Conjúncture. *s.* সন্ধিক্ষণ, সংঘটনা।
Conjúre, *v.* পবিত্র নামে শপথ ক, ঈশ্বরের নামোল্লেখে দিব্য ক।
Cónjure, *v.* ভেল্কী ক, কুহক ক।
Cónjurer, *s.* ভেল্কী কারক,মায়াবী, প্রবঞ্চক।
Connáte, *a.* এককালীন জাত, সহজ।
Connátural,*a.* একস্বাভাবিক,সহজাত।
Connéct, *v.* যুক্ত ক, সংলগ্ন ক।
Connéctive, সংলগ্নকারী।
Connéction, *s.* সংযোগ, সম্পর্ক।
Connívance, s. দেখিয়া না দেখন, শুনিয়া না শুনন। [য়াও না শুনা।
Connívе, *v.* দেখিয়াও না দেখা,শুনি-
Connoisséur, *s.* গুণবোদ্ধা, বিচারক।
Connúbial, *a.* বিবাহসম্বন্ধীয়।
Cónquer, *v.* জয় ক, পরাস্ত ক।
Cónqueror, *s.* জয়কর্ত্তা, বিজয়ী।
Cónquest, *s.* জয়, জয়েতে লব্ধ।
Consanguinity, *s.*জ্ঞাতিত্ব,সগোত্রতা
Conscience, *s.* চেতনা, হৃদয়স্থ ভাল মন্দ বোধ। [যাথার্থিক।
Consciencious, *a.* বিবেকী,ধর্ম্মভীত,

Cónscionable, *a.* যুক্তিসিদ্ধ,প্রকৃত।
Cónscious, *a.* সচেতন, জ্ঞাতসার।
Cónsciousness,*s.*অন্তর্বোধ,স্বজ্ঞানতা।
Conscríption, *s.* নামাঙ্কিত করণ।
Cónsecrate, *v.* পবিত্র ক, প্রতিষ্ঠা ক, সমর্পণ ক।
Consecrátion, *s.* সংস্কার, উৎসর্গ।
Consécutive, *a.* পরপর,ক্রমিক।
Consént, *s.* সম্মতি, স্বীকার,অনুমতি
Cónsequence, *s.* ফল, প্রয়োজন।
Cónsequent, *a.* পশ্চাদ্গত, অনুবৃত্ত।
Conséquential, *a.* জন্য; গর্ব্বী, গা ফুলানিয়া।
Cónsequently *ad.* সুতরাং, ফলতঃ।
Consérvancy, *s.* রক্ষণ, রক্ষা করণ।
Conservátion, *s.* রক্ষণ,রক্ষণাবেক্ষণ
Consérvative, *a.* রক্ষণকারী।
Consérvatory, *s.* রক্ষণস্থান।
Cónserve, *s.* মিঠাই, মোরব্বা।
Consíder, *v.* বিবেচনা ক, জ্ঞান ক।
Consíderable, *a.* বিবেচনীয়, বিবেচনার যোগ্য; অধিক।
Consíderate, *a.* বিবেচক, ধীর।
Considerátion, *s.* বিবেচনা; গুরুতা; লাভাকাঙ্ক্ষা।
Consign, *v.* সমর্পণ ক, গচ্ছিত ক।
Consígnment, *s.* সমর্পণ, গছান।
Consíst, *v.* স্থিত হইয়া থাক।
Consístency,*s.*বস্তুতা,ঘনতা; সঙ্গততা।
Consistent, *a.* সদা সমান, সঙ্গত উপযুক্ত।
Consístory, *s.* ধর্ম্মাধ্যক্ষদের সভা ধর্ম্ম সভা।

Consólation, *s.* সান্ত্বনা, দুঃখোপশম, প্রবোধ।
Consólatory, *a.* সান্ত্বনাজনক, প্রবোধক
Consóle, *v.* প্রবোধ দে, সান্ত্বনা ক।
Consólidate, *v.* শক্ত ক, সংযোগ ক।
Cónsonance, *s.* স্বরের মেল, ঐক্য।
Cónsonant, *a.* সদৃশ, উপযুক্ত।
Cónsonant, *s.* ব্যঞ্জন বর্ণ, যথা ক খ গ ঘ ইত্যাদি।
Cónsort, *s.* স্ত্রী বা স্বামী; সঙ্গী, মিত্র।
Consórt, *v.* সংসর্গ ক, বিবাহ ক, সহবাস ক। [দেদীপ্যমান।
Conspícuous, *a.* স্পষ্ট, সপ্রকাশ,
Conspíracy, *s.* কুযুক্তি, কুমন্ত্রণা, ষড়যন্ত্র।
Conspírator, *s.* কুমন্ত্রণাকারী, ষড়যন্ত্রকারী।
Conspíre, *v.* কুমন্ত্রণা ক, একমত ক।
Cónstable, *s.* পেয়াদা, দণ্ডনায়ক।
Cónstancy, *s.* স্থিরতা, স্থৈর্য্য।
Cónstant, *a.* নিত্য, স্থির, নিরন্তর।
Cónstantly, *ad.* নিত্য ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক, সর্ব্বদা। [সমূহ।
Constellátion, *s.* রাশি নক্ষত্র, তারা-
Consternátion, *s.* শঙ্কা, ভয়, বিস্ময়।
Constipation, *s.* নিবিড়করণ; মলবদ্ধ।
Constítuent, *a.* সমূলক, আবশ্যক।
Constítuent, *s.* নিয়োজক, প্রেরক, প্রতিনিধি।
Constitute, *v.* নিয়োগ ক, নির্ম্মাণ ক।
Constitútion, *e.* স্বভাব, মূলব্যবস্থা।
Constitútional, *a.* মূলসম্বন্ধীয়, স্বভাবক।
Constráin, *v.* বল করিয়া করা, বদ্ধ ক।
Constráint, *s.* বলাৎকার, প্রতিবন্ধ।
Constríction, *s.* কোঁকড়ান, সঙ্কোচ।
Constrúct, *v.* নির্ম্মাণ ক, গঠ।
Constrúction, *s.* গঠন; অর্থ; সমাস।
Cónstrue, *v.* অর্থ ক, শব্দ বিন্যাস ক।
Constuprátion, *s,* ভ্রষ্ট করণ, ব্যভিচারিণী করণ।
Consubstántial, *a.* সমমূলক, সমবস্তু।
Cónsuetude, *s.* রীতি, ব্যবহার।
Cónsul, *s.* রোমাণদের মধ্যে প্রধান রাজ কর্ম্মকারী; বিদেশে স্বজাতীয় বাণিজ্য নির্ব্বাহ করণার্থে নিযুক্ত ব্যক্তি।
Consúlt, *v.* পরামর্শ ক, বিবেচনা ক।
Consultátion, *s.* পরামর্শ করণ, মন্ত্রণা।
Consúme, *v.* ক্ষয় ক, দগ্ধ ক, নাশ ক।
Consúmmate, *a.* সম্পূর্ণ, সাঙ্গ।
Consúmmate, *v.* সম্পূর্ণ ক, সমাপ্ত ক।
Consummátion, *s.* শেষ, সমাপ্তি, সম্পাদন। [যক্ষ্মা।
Consumption, *s.* ক্ষয়, ক্ষয়রোগ,
Consúmptive, *a.* ক্ষয়কারী, ক্ষয়গ্রস্ত।
Cóntact, *s.* সংযোগ, সংস্পর্শ, অঙ্গসঙ্গ
Contágion, *s.* সংস্পর্শাক্রামি রোগ, ছোঁয়াচি রোগ।
Contagious, *a.* ছোঁয়াচিয়া, সংস্রাবক।
Contáin, *v.* ধারণ ক; ধৈর্য্য হ।
Contáminate, *v.* ভ্রষ্ট ক, অপবিত্র ক।
Contemn, *v.* তুচ্ছ ক, উপেক্ষা ক।
Contémplate, *v.* ধ্যান ক, ভাবনা ক, মানস ক।
Contémplation, *s.* ধ্যান, ভাবনা।
Contémporary, *a.* সমকালীন।

Contémpt, s. অবজ্ঞা, তাচ্ছল্য, অশ্রদ্ধা।
Contémptible, a. তুচ্ছনীয়, হেয়। [ক্কারী
Contémptuous, a. হেয়বোধক; অহ-
Conténd, v. বিরোধ ক, বিবাদ ক।
Contént, a. সন্তুষ্ট, তৃপ্ত, শান্ত।
Contention, s. কলহ, কচ্‌কচি, বিবাদ।
Conténtious, a. বিবাদী, বিরোধী।
Conténtment, s. সন্তোষ, নিরাকাঙ্ক্ষা
Contents, s. নির্ঘণ্ট, সূচী পত্র।
Contérminous, a. সীমাবর্ত্তী, সংসৃষ্ট।
Cóntest, s. যুদ্ধ, বাদানুবাদ, বিবাদ।
Contést, v. বাদনুবাদ ক, যুদ্ধ ক।
Cóntext, s. পূর্ব্বাপর পাঠ; দৃঢ় বন্ধ।
Contéxture, s. বহু অংশের সংযোগ
Contigúity, s. নৈকট্য, সামীপ্য।
Contíguous, a. নিকটবর্ত্তী, সন্নিকট।
Cóntinence, s. জিতেন্দ্রিয়তা, সতীত্ব।
Cóntinent, a. জিতেন্দ্রিয়, পরিমিত,
Cóntinent, s. মহাদ্বীপ। [সাধু।
Continéntal, a. মহাদ্বীপসম্বন্ধীয়।
Contíngency, s. দৈবঘটনা, অনিশ্চয়।
Contíngent, a. আকস্মিক, অনিশ্চিত।
Contíngent, s. অনিশ্চিত বিষয়।
Contínual, a. অনবরত, অবিরত।
Contínually, ad. সর্ব্বদা, সতত।
Contínuance, s. স্থিতি, অবিচ্ছিন্নত্ব, স্থায়িত্ব।
Continuation, s. ক্রমিকতা, নিত্যতা।
Contínue, v. স্থিতি ক, থাক; তিষ্ঠ।
Continúity, s. অভেদ, অবিচ্ছিন্ন ভাব
Contínuous, a. অবিচ্ছেদরূপ, নিত্য
Contórtion, s. আকুঞ্চন, মোচড়ান।
Contoúr, s. আকৃতি, মূর্ত্তির গঠন।

Cóntra, pr. বিপরীত, বিরুদ্ধ; সম্মুখ।
Cóntraband, a. নিষিদ্ধ, ব্যবস্থাবিরুদ্ধ।
Cóntract, s. মোক্তা, ফুরাণপত্র, নিয়ম।
Contráct, v. চুক্তি ক; সঙ্কোচ ক।
Contráctile, a. সঙ্কোচকরণক্ষম, সংক্ষেপ যোগ্য।
Contraction, s. সঙ্কোচ করণ।
Contráctor, s. ফুরাণকারক; সংক্ষেপক। [রার ক।
Contradíct, v. কথা কাটিয়া দে, তক-
Contradíction, s. বিপরীত বাক্য।
Contradíctory, a. বিপরীত, অসঙ্গত।
Contradistínction, s. গুণেরপার্থক্য; বিপরীত ভাব। [থক্ ক।
Contradístinguish, v. ভেদ ক, পৃ-
Contrariety, s. বৈপরীত্য, বিপর্য্যয়।
Cóntrariwise, ad. বিপরীতমতে।
Cóntráry, a. বিপরীত, বিলোম।
Cóntrást, s. ভিন্ন বস্তুর তুলনা; বৈলক্ষণ্য।
Contrast, v. ভিন্ন বস্তুর তুলনা দে।
Contravéne, v. ব্যাঘাত ক, ব্যর্থ ক।
Contravénsion, s. বিপক্ষতা, বাধা।
Contríbute, v. প্রদান ক, সাহায্য ক, ভাগী হ। [হায়তা।
Contribútion, s. অর্থদান, চাঁদা, স-
Contríbutor, s. আনুকূল্যকারী, অংশ দাতা। [ভগ্নমনাঃ।
Cóntrite, a. খেদান্বিত, অনুতাপী,
Contrítion, s. ঘর্ষণ; খেদ, অনুতাপ।
Contrívance, s. কল্পনা, ফিকির, উ-
Contríve, v. কল্পনা ক, উপায় ক। [পায়
Contról, s. কর্তৃত্ব, বশতা, শাসন।

Contróller, *s.* অধ্যক্ষ, শাসক।
Controvérsial, *a.* বিবাদী, বিতণ্ডক।
Cóntroversy, *s.* বিচার, বাদানুবাদ।
Cóntrovert, *v.* বাদানুবাদ ক।
Contumácious, *a.* একগুঁয়া, অবাধ্য।
Contumácy, *s.* অবাধ্যতা, গোঁটামি।
Contumélious, *a.* নিন্দক, অপবাদক।
Contumely, *s.* গ্লানি, নিন্দা, অপবাদ।
Contúsion, *s.* আঁচড়, নীলিকা ক্ষত, থেঁতলান।
Conúndrum, *s.* প্রহেলিকা, হিঁয়ালী।
Convaléscence, *s.* স্বাস্থ্য, আরাম।
Convaléscent, *a.* উপশম প্রাপ্ত।
Convéne, *v.* একত্র ক, আহ্বান ক।
Convénience, *s.* যোগ্যতা, সুবিধা।
Convénient, *a.* সুগোচ, সুসাধ্য।
Cónvent, *s.* মঠ, ধর্ম্মশালা।
Convénticle, *s.* আরাধনার্থ সভা।
Convéntion, *s.* সভা. সমাগম; নিয়ম।
Convéntional, *a.* নিয়মিত, নির্দ্ধারিত।
Convérge, *v.* এক স্থানে ঝুঁক।
Cónvérsant, *a.* বিজ্ঞ, নিপুণ, পটু।
Conversátion, *s.* কথোপকথন, সংসর্গ
Convérsative, *a.* আলাপী, সম্ভাষণীয়।
Convérse, *s.* আলাপ, কথাবার্ত্তা।
Convèrse, *v.* আলাপ ক, সংসর্গ ক।
Convérsely, *ad.* ব্যতিক্রমে, উল্টা রূপে। [পরধর্ম্ম গ্রহণ।
Convérsion, *s.* মনের পরিবর্ত্তন,
Cónvert, *s.* স্বমত ত্যাগী।
Convért, *s.* মতান্তর ক, পরিবর্ত্তন ক।
Convértible, *a.* পরিবর্ত্তনীয়।
Cónvex, *a.* কূর্ম্মপৃষ্ঠের ন্যায় আকার।
Convéxity, *s.* ন্যুব্জতা, বিম্বাকার।
Convéy, *v.* লইয়া যা, বহ, চালা।
Convéyance, *s.* যান; স্থানান্তর করণ।
Convíct, *s.* রাজবিচারে দোষগ্রস্ত ব্যক্তি
Convict, *v.* দোষসাভ্যস্ত ক।
Convíction, *s.* দোষ সাভ্যস্ত করণ।
Convínce, *v.* বিশ্বাস জন্মা, বুঝা।
Convívial, *a.* আমোদিয়া, প্রীত্যাপন্ন।
Cónvocate, *v.* সমাজ ক, একত্র ক।
Convocátion, *s.* ধর্ম্মসম্পর্কীয় সভা।
Convóke, *v.* সমাজে আহ্বান ক।
Convólve, *v.* গুটা, জড়া, তো ক।
Convolútion, *s.* গুটন, তো হওন।
Cónvoy, *s.* পথের রক্ষক।
Convúlse, *v.* অঙ্গ খেঁচ, থরথর ক।
Convúlsion, *s.* অঙ্গখেঁচন, থরথরাণ।
Cony, *s.* শশারুর ন্যায় পশু বিশেষ।
Coo, *v.* ঘুঘুর ন্যায় রব ক।
Cook, *v.* পাক ক, রন্ধন ক, রসুই ক।
Cook, *s.* পাচক, সূপকার, রসুয়া।
Cóokery, *s.* পাকবিদ্যা, রান্না, রসুই।
Cool, *a.* অল্পশীতল; অনুদ্যোগী।
Cool, *v.* শীতল ক, থামা, স্নিগ্ধ হ।
Coolhéaded, *a.* ধীর; স্থিরমনাঃ।
Coólness, *s.* শীতলতা, স্নিগ্ধতা; ধৈর্য্য।
Coop, *s.* কুকুড়া রাখিবার ঘর; কাষ্ঠ
Coop, *v.* পিঞ্জরে বদ্ধ ক। [ভাণ্ড, পিপা।
Coóper, পিপানির্ম্মাণকর্ত্তা।
Co-óperate, *v.* সহকারী হ, সঙ্গে উদ্যোগ ক। [বিশিষ্ট।
Co-ordinate, *a.* সমপদস্থ, তুল্যাবস্থা
Copártner, *s.* ভাগী, অংশী। [ভাগি।
Copártnership, *s.* অংশিত্ব, ভাগা-

Cope, *v.* প্রতিযোগিতা ক; আবরণ ক: *s.* খিলান; মস্তকাবরণ। [ভাগ।
Cóping, *s.* প্রাচীরের মুরলি, উপরি
Copious, *a.* বহুল, প্রচুর, সম্পূর্ণ।
Cópper, *s.* তাম্র, তাম্বা; কটাহ, ডেগ্।
Cópperas, *s.* হীরাকষ।
Copper-plate, *s.* ছাপার নিমিত্ত খোদিত তাম্র ফলক। [ঝাড়।
Cóppice, Copse, *s.* ঝোপ, গাছের
Cópulate, *v.* মৈথুন ক, শৃঙ্গার ক।
Cópulative, *a.* সংযোগকারী।
Cópy, *s.* প্রতিলিপি, আদর্শ।
Cópy, *v.* প্রতিলিপি ক, অনুরূপ ক।
Cópybook, *s.* শিক্ষার নিমিত্ত লিখিবার বহী।
Cópyist, *s.* প্রতিলিপিকারক।
Cópyright, *s.* গ্রন্থরচকের গ্রন্থে স্বত্ত্ব।
Coquét, *v.* প্রীতিবাক্যদ্বারা ভুলা।
Coquétry, *s.* রসিকতা, নেখ্‌রা, নেঙ্গামি
Coquétte, *s.* রসিকা, খেলাড়ী, বিCóral, *s.* পলা, প্রবাল। [লাসিনী।
Córalline, *a.* পলানির্ম্মিত, সপ্রবাল।
Córban, *s.* ভিক্ষাপাত্র; দান।
Cord, *s.* রসী, রজ্জু, দড়ী। [সমূহ।
Córdage, *s.* দড়াদড়ী, জাহাজের রজ্জু
Córdial, *a.* ধাতুপোষক পানীয় দ্রব্য।
Cordial, *a.* স্বস্তিজনক, যথার্থ।
Cordiálity, *s.* সৌহার্দ্য, আন্তরিকতা, সরলতা, অকাপট্য। [ণের সহিত।
Córdially, *ad.* সারল্যভাবে, অন্তঃকর-
Córdwainer, *s.* মুচী, চামার।
Core, *s.* মধ্যভাগ, সার, মাইজ।
Coríander, *s.* ধন্যা, ধন্যাক।
Cork, *s.* শোলা বিশেষ, ছিপী।
Córkscrew, *s.* ছিপী খুলিবার পেঁচ।
Córmorant, *s.* মৎস্যখাদক পক্ষী; পেটুক।
Corn, *s.* ধান্যাদি শস্য; পদের কড়া।
Córnea, *s.* চক্ষুর ছাল, শার্ঙ্গত্বক্।
Cornélian, *s.* মণি বিশেষ, আকিক।
Córner, *s.* কোণ; গুপ্তস্থান।
Córnet, *s.* রণশিঙ্গা; অশ্বারূঢ় ধ্বজা-
Córnice, *s.* নিকাল, মাথ্‌লা। [ধর।
Cornucópia, *s.* রোমাণদের পূজিত লক্ষ্মীর হস্তস্থ শৃঙ্গ।
Córóllary, *s.* অনুবৃত্তি, সিদ্ধান্ত।
Coronátion, *s.* রাজাভিষেক, মুকুট ধারণক্রিয়া।
Córoner, *s.* অপমৃত্যুর বিচারকর্ত্তা।
Córonet, *s.* ইউরোপে কুলীন বংশ্যেরদের কিরীট। [কনিষ্ঠ নায়ক।
Córporal, *s.* পদাতিক সৈন্যের মধ্যে
Córporate, *a.* একত্রীকৃত, সাধারণ।
Corporátion, *s.* নগরীয় কার্য্য বা অন্য কোন কর্ম্ম নির্ব্বাহার্থ রাজাজ্ঞাস্থাপিত সমাজ।
Corpóreal, *a.* শারীরিক, কায়িক।
Corporéity, *s.* শারীরিকত্ত্ব; বস্তুতা।
Corps, *s.* সৈন্য দল, পল্টন।
Corpse, *s* শব, মড়া, মৃতশরীর, কুণপ।
Córpulence, *s.* স্থূলকায়ত্ত্ব, স্থূলতা।
Córpulent, *a.* স্থূলকায়, উদরী।
Córpuscle, *s.* অণু, কণা, সূক্ষ্ম বস্তু।
Corréct, *v.* শাসন ক; শুদ্ধ ক।
Corréct, *a.* ঠিক, শুদ্ধ, নির্দ্দোষ।
Corréction, *s.* শাস্তি; শুধরণ।

Corréctive, *a.* শোধক, শুদ্ধকারক।
Corréctly, *ad.* শুদ্ধরূপে।
Corréctness, *s.* শুদ্ধতা, নির্দোষিতা।
Corrélative, *a.* পরস্পর সম্বন্ধীয়।
Correspónd, *v.* মিল, সমান ক; পত্র লিখ।
Correspóndence, *s.* মিলন; লেখালেখি
Correspóndent, *s.* পত্র লেখক; সম্পর্কীয় ব্যক্তি।
Correspóndent, *a.* উপযুক্ত, ঐক্য।
Corridór, *s.* দীর্ঘ বারাণ্ডা বিশেষ।
Corróborate, *v.* দৃঢ় ক, সাভ্যস্ত ক।
Corroborátion *s.* সাভ্যস্ত করণ, দৃঢ় [করণ।
Corróde, *v.* ক্ষয় ক, জীর্ণ ক।
Corrósion, *s.* ক্ষয় করণ, খাদন।
Corrósive, *a.* ক্ষয়কারী, জারক।
Corrógate, *v.* সঙ্কোচ ক, কোঁকড়া।
Corrúpt, *v.* নষ্ট ক, ভ্রষ্ট ক, বিগড়া।
Corrúpt, *a.* দুষ্ট, পচা, বিগড়া।
Corrúptible, *a.* ক্ষয়ণীয়, নাশ্য।
Corrúption, *s.* গলিতত্ব, পচাভাব, পূঁয; ধর্ম্মচ্যুত করণ।
Córsair, *s.* সমুদ্রের দস্যু, বম্বাটিয়া।
Córselet, *s.* সাঁজোয়া বিশেষ।
Córset, *s.* স্ত্রীলোকের অঙ্গরক্ষণী।
Cortége, *s.* সমভিব্যাহারী সমূহ; দাস দাসীগণ।
Coruscátion, *s.* চিকিমিকি, চমক।
Cosmétic, *s.* গাত্ররঞ্জন, অঙ্গরাগ।
Cosmógony, *s.* জগতের সৃষ্টি।
Cosmógraphy, *s.* ব্রহ্মাণ্ড বিদ্যা।
Cosmópolite, *s.* দেশ বিদেশ সমান জ্ঞান করে যে।
Cost, *s.* মূল্য, দর; ব্যয়; ক্ষতি।
Còstive, *a.* কোষ্ঠবদ্ধ, শক্ত, কষা।
Cóstly, *a.* বহুমূল্য, মহার্ঘ্য।
Cóstume, *s.* পরিধানের রীতি।
Cot, *s.* খাট; কুঁড়িয়া ঘর।
Coteríe, *s.* অন্তরঙ্গ লোকদের দল।
Cóttage, *s.* কুঁড়িয়া ঘর, ক্ষুদ্র ঘর।
Cóttager, *s.* কুঁড়িয়াবাসী।
Cótton, *s.* তুলা, কার্পাস।
Couch, *v.* গুঁড়ি মার, লুকাইয়া থাক; বর্শা প্রভৃতি অস্ত্র উঁচায়; চক্ষুর ছানি তোল।
Couch, *s.* খট্টা, পর্য্যঙ্ক, শয্যা।
Cough, *s.* উৎকাশী, কাশ, কফ।
Coúlter *s.* লাঙ্গলের ফাল।
Coúncil, *s.* মন্ত্রিসভা, মন্ত্রণার্থ সভা।
Coúnsel, *s.* পরামর্শ, মন্ত্রণা।
Counsellor, *s.* পরামর্শক, মন্ত্রী, সচিব।
Count, *s.* সংখ্যা; ইউরোপে কুলীনেরদের উপাধি বিশেষ।
Count, *v.* গণনা ক, বিবেচনা ক।
Coúntenance, *s.* মুখশ্রী; সাহায্য।
Coúntenance, *v.* সাহায্য ক, সাহসদে।
Coúnter, *s.* দোকানের মেজ যাহার উপর দ্রব্যাদি সাজাইয়ারাখে; ঘুঁটি; কৃত্রিম মুদ্রা।
Coúnter, *ad.* বিপরীতে, বিরুদ্ধে।
Coúnteract, *v.* প্রতিপক্ষতা ক, বাধা দে।
Counterbálance, *v.* তুল্যপরিমাণ ক।
Coúntercharm, *s.* বাণকাটা মন্ত্র, জাদু কাটাইবার মন্ত্র।
Coúnterfeit, *a.* মেকী, কৃত্রিম, মিথ্যা।

Countermánd, *v.* আজ্ঞা রহিত ক।
Coúntermarch, *s.* পশ্চাৎ হাঁটন।
Countermíne, *v.* বিরুদ্ধসুড়ঙ্গ ক, গুপ্ত রূপে অন্যের কল্পনা ভঙ্গ ক।
Coúnterpane, *s.* শয্যার আচ্ছাদন, পালঙ্গ পোষ।
Coúnterpart, *s.* প্রতিরূপ, প্রতিলিপি।
Coúnterpoise, *v.* তুল্যপরিমাণ ক।
Counterpoíson, *s.* বিষনাশক বিষ।
Coúntersign, *v.* স্বাক্ষরের নীচে স্বাক্ষর ক।
Countervaíl, *v.* সমতুল্য হ, তুল্যমূল্য হ
Coúntess, *s.* কুলীন পদবিশিষ্ট ব্যক্তির স্ত্রী।
Coúntinghouse, *s.* দপ্তরখানা।
Coúntless *a.* অগণ্য, অসংখ্য।
Coúntry, *s.* দেশ, পল্লীগ্রাম। [কৃষক।
Coúntryman, *s.* স্বদেশী; পল্লীগ্রামী,
Coúnty, *s.* চাক্‌লা, প্রদেশ, জেলা।
Coúple, *s.* যোড়া, দম্পতী, দুই।
Coúplet, *s.* দুই চরণের শ্লোক।
Coúrage, *s.* সাহস, বিক্রম, বীরত্ব।
Courágeous, *a.* সাহসিক, বিক্রান্ত।
Couríer, *s.* দূত, ধাবক, সংবাদক।
Course, *s.* দৌড়, গমন, ঘোড় দৌড়ের স্থান; ধারা। [দ্ধাবমান হ।
Course, *v.* মৃগয়া ক, শিকার ক, পশ্চা-
Coúrser, *s.* দ্রুতগামী অশ্ব।
Court, *s.* রাজগৃহ, আদালৎ, উঠান।
Court, *v.* প্রীতিচেষ্টা ক, উপাসনা ক।
Coúrteous, *a.* সুশীল, শিষ্ট, সদ্ভাবী।
Courtesán, *s.* বেশ্যা, কুলটা।
Coúrtesy, *s.* সুশীলতা, শিষ্টতা।
Coúrtier, *s.* সভাসদ্, অমাত্য।
Coúrtship, *s.* বিবাহার্থে উপাসনা।
Coúsin, *s.* জ্যেঠ্‌তুতা খুড়্‌তুতা ভাই ও
Cove, *s.* খাল, খাঁড়ি। [ভগিনী।
Cóvenant, *s.* নিয়ম, পণ, নির্দ্ধারণ।
Cóver, *v.* ঢাক, আচ্ছাদন ক, ছাপ; সঙ্গম ক।
Cóver, *s.* ঢাকনী, আবরণ, আচ্ছাদন।
Cóvering, *s.* পরিচ্ছদ, আবরণ।
Cóverlet, *s.* খট্টাবরণ, পালঙ্গপোষ।
Cóvert, *s.* নিবিড় বন, আশ্রয় স্থান।
Cóvert, *a.* আচ্ছাদিত, আশ্রিত, গুপ্ত।
Cóvet, *v.* লোভ ক, আকাঙ্ক্ষা ক।
Còvetous, *a.* লোভী, লালসী, লিপ্সু।
Cóvetousness, *s.* লোভ, লিপ্সা।
Cóvey, *s.* পক্ষীর ঝাঁক।
Cow, *s.* গোরু, গাই, গাভী, ধেনু।
Cow, *v.* ভয়েতে ত্রস্ত ক, ধম্‌কা।
Cóward, *s.* ভীরু, কাপুরুষ।
Cówardice, *s.* ভীরুতা, অবীর্য্য।
Cówherd, *s.* রাখাল, গোপাল।
Cówleech, *s.* গোবৈদ্য।
Cówer, *v.* হেঁট হ, ভয়েতে নত হ।
Cowl, *s.* রোমান কাতোলিকদের মধ্যে পুরোহিতের মস্তকাচ্ছাদন বিশেষ; জলপাত্র বিশেষ।
Cówry, *s.* কড়ি, কপর্দ্দক।
Cówslip, *s.* ক্ষেত্রপুষ্প বিশেষ।
Cóxcomb, *s.* কুক্কুটের ঝুঁটি; সুবেশী, আত্মশ্লাঘী।
Coy, *a.* লাজুক, লজ্জিত, ব্রীড়িত।
Cózen, *v.* প্রবঞ্চনা ক, ছল ক।
Cózenage, *s.* প্রবঞ্চনা, প্রতারণা।

Crab, *s.* কর্কট ; অম্ল ফল বিশেষ।
Crabbed, *a.* কর্কশ, পরুষ, উগ্র।
Crack, *s.* চড়্চড়্ শব্দ; ছিদ্র, ফাটল।
Crack, *v.* ফাট, ফুট, চট, ভগ্ন হ।
Cráckle, *v.* চট্পট্ শব্দ ক, চড়াৎ ক।
Crádle, *s.* দোল্না, হিন্দোলা, আধার।
Craft, *s.* কৈতব; ব্যবসায়; নৌকাদি।
Cráfty, *a.* ধূর্ত্ত, শঠ, প্রতারক, খল।
Crag, *s.* শৈল, আড়রী, ভগ্নপর্ব্বত।
Crággy, *a.* আড়রীময়, শৃঙ্গী।
Cram, *v.* ঠাস, গাদ, অতি পূর্ণ ক।
Cramp, *s.* অঙ্গগ্রহ, বাতরোগ।
Cramp, *v.* বদ্ধ ক, আঁকড়া, অবশ ক।
Crane, *s.* সারস পক্ষী; দ্রব্যাদি তুলিবার কল; নল বিশেষ।
Cránium, *s.* মাথার খুলী, খর্পর।
Cránny, *s.* ছিদ্র, ছেঁদা, ফাঁক, রন্ধ্র।
Crape, *s.* রেশমী বস্ত্র বিশেষ।
Crash, *s.* ভাঙ্গনের হুড়্মুড়্ শব্দ।
Crate, *s.* চুপ্ড়ী বিশেষ।
Cráter, *s.* আগ্নেয় পর্ব্বতের মুখ।
Cravát, *s.* গলাবন্ধ।
Crave, *v.* মাঙ্গ, কাতরে যাচ্ঞা ক।
Cráven, *s*, ভীরু ব্যক্তি, কাপুরুষ।
Craw, *s.* পক্ষ্যাদির জঠর।
Cráwfish, *s.* চিঙ্গড়ী মৎস্য বিশেষ।
Crawl, *v.* হামাগুড়ি দে, উরোগমন ক, বুকে হাঁট। [খড়িমাটির কলম।
Cráyon, *s.* ছবি তুলিবার নিমিত্ত
Craze, *v.* ভগ্ন ক, হতবুদ্ধি ক।
Crazy, *a.* উন্মত্ত, ক্ষিপ্ত, জীর্ণ, দুর্ব্বল।
Creak, *v.* কর্কশ শব্দ ক, গাড়ীর চাকার শব্দ ক।

Cream, *s.* দুগ্ধের সার, সারভাগ।
Crease, *s.* ভাঁজের দাগ, চুনট।
Create, *v.* সৃষ্টি ক, সৃজন ক, নির্ম্মাণ ক।
Creátion, *s.* সৃষ্টি, উৎপত্তি; বিশ্ব।
Creátor, *s.* সৃষ্টি কর্ত্তা, স্রষ্টা।
Creáture, *s.* সৃষ্টবস্তু, জীব, জন্তু; অধীন বা অনুগত ব্যক্তি।
Crédence, *s.* বিশ্বাস, প্রত্যয়, শ্রদ্ধা।
Credéntials, *s.* প্রত্যয়জনক পত্র।
Credibílity, *s.* প্রত্যয়যোগ্যতা।
Crédible, *a.* প্রত্যয়ার্হ, বিশ্বাসযোগ্য।
Crédit, *s.* প্রত্যয়, সম্ভ্রম, প্রমাণ।
Crédit, *v.* বিশ্বাস ক, প্রত্যয় ক।
Créditable, *a.* সম্ভ্রান্ত, ভদ্র। [রূপে।
Créditably, *ad.* সম্ভ্রমপূর্ব্বক, উত্তম-
Créditor, *s.* মহাজন, উত্তমর্ণ।
Credúlity, *s.* আশুপ্রত্যয়, অবিবেচনা পূর্ব্বক বিশ্বাস। [ন্দেহী।
Crédulous, *a.* আশুপ্রত্যয়ী, অস-
Creed, *s.* ধর্ম্মবিষয়ক প্রত্যয়ের সার।
Creek, *s.* খাল, নালা, খাঁড়ি।
Creep, *v.* লতিয়া যা, উরোগমন ক।
Créeper, *s.* লতাবৃক্ষ।
Cremátion, *s.* দগ্ধ করণ।
Crepitátion, *s.* চটপট্ শব্দ।
Crepúscule, *s.* উষা, গোধূলি।
Créscent, *s.* অর্দ্ধচন্দ্র, শুক্লপক্ষীয়
Créscent, *a.* বর্দ্ধিষ্ণু, বর্দ্ধনশীল। [চন্দ্র।
Cress, *s.* হালিম।
Crest, *s.* চূড়া, শিখা, মস্তকাভরণ।
Crést-fallen, *a.* বিষণ্ণমুখ, নম্রীকৃত।
Crévice, *s.* ছিদ্র, ছেঁদা, রন্ধ্র, ফুকর।
Crew, *s.* জাহাজের নাবিকসমূহ, দল।

Crib, *s.* জাবপাত্র; কেঠুয়া; ক্ষুদ্র গৃহ।
Crib, *v.* সঙ্কীর্ণ স্থানে বদ্ধ ক, চুরি ক।
Críbbage, *s.* তাসখেলা বিশেষ।
Crícket, *s.* ভৃঙ্গারিকা; দাঁড়াগুলি।
Críer, *s.* ঢেঁড়রিয়া, ঘোষক।
Crime, *s.* দুষ্কর্ম্ম, অপরাধ, পাতক।
Críminal, *s.* দুষ্কর্ম্মকারী, অপরাধী।
Críminal, *a.* দুষ্ট, দোষী, সদোষ।
Críminal-court, *s.* ফৌজদারি আদালৎ
Criminálity, *s.* দোষিত্ব, পাপ।
Críminate, *v.* দোষ দে, দূষ্য ক।
Crimp, *a.* মড়মড়িয়া, টুসুক, ঠুন্কা।
Crímson, *s.* রক্তবর্ণ, শোণিত বর্ণ।
Cringe, *v.* খোসামোদ ক, বন্দনা ক।
Cripple, *s.* পঙ্গু, খোঁড়া, খঞ্জ।
Crísis, *s.* কার্য্যনির্ব্বাহণ ক্ষণ, নিষ্পাদক কাল; রোগাদি বৃদ্ধি অথবা হ্রাস হওনের সময়।
Crisp, *a.* কোঁকড়া; টুসুক, ঠুন্কা।
Critérion, *s.* যাথার্থ্য বোধক চিহ্ন।
Crític, *s.* গ্রন্থের দোষগুণ বিচারক।
Crítical, *a.* শুভাশুভ সম্পাদক; প্র-
Críticise, *v.* দোষগুণ বিচার ক। [সিদ্ধ
Críticism, *s.* দোষগুণ বিবেচনা।
Critíque, *s.* দোষগুণ ব্যাখ্যা।
Croak, *v.* মণ্ডূকের ধ্বনি ক; বৈরক্তি প্রকাশ ক।
Crockery, *s.* মৃত্তিকার বাসনাদি।
Crócodile, *s.* কুম্ভীর, ঘড়িয়াল।
Crone, *s.* মাগী, বৃদ্ধা স্ত্রী, বুড়ী, ডাইন।
Cróny, *s.* বহুকালের বন্ধু, সখা।
Crook, *s.* আকর্ষণী, পাঁচনী; বাঁক।
Crooked, *a.* ন্যুব্জ, বক্র; কুটিল
Crop, *s.* পক্ষীর গলার থলী; ফসল।
Crop, *v.* ছাঁট, কাট, ছেদ, কপ্চা।
Crósier, *s.* ধর্ম্মাধ্যক্ষের দণ্ড।
Cross, *v.* আড় ক, উত্তীর্ণ হ; বাধা দে।
Cross, *s.* ঢেরা, ক্রুশনামক যন্ত্র; বৈরক্তি
Cross, *a.* আড়; খিট্খিট্; বিপরীত।
Cróssbow, *s.* গুল্তি, নলিয়া ধনুক।
Cross-exámine, *v.* পুনঃ ২ প্রশ্ন ক।
Cróss-grained, *a.* উল্টাচোঁচ বিশিষ্ট; ঠেঁটা। [শ্চাপল্য; ঊর্ম্মি।
Crótchet, *s.* গ্রন্থে চিহ্নবিশেষ; মন-
Crouch, *v.* গুঁড়ি মার, হেঁট হ।
Croup, *s.* কণ্ঠ্য রোগবিশেষ, উৎকাশী।
Crow, *s.* কাক; শাবল, গাঁতি।
Crow, *v.* কুক্কুটের রব ক; শ্লাঘা ক।
Crowd, *s.* ভিড়, জনতা, লোকারণ্য।
Crown, *s.* মুকুট, কিরীট; ব্রহ্মতালুকা; মুদ্রা বিশেষ।
Crown, *v.* রাজাভিষেক ক, ভূষিত ক।
Crúcible, *s.* মুষী, আবর্ত্তনী। [মূর্ত্তি।
Crúcifix, *s.* খ্রীষ্টের ক্রুশে হত হওনের
Crucifíxion, *s.* ক্রুশে হত হওন।
Crúciform, *a.* ক্রুশাকৃতি, ঢেরাকৃতি।
Crúcify, *v.* ক্রুশ যন্ত্রে বধ ক।
Crude, *a.* কাঁচা, অপক্ক, অজীর্ণ; অবিবেচিত।
Crúdity, *s.* অপক্কতা, অপাক।
Crúel, *a.* নিষ্ঠুর, নির্দ্দয়, ক্রূর।
Crúelty, *s.* নিষ্ঠুরতা, ক্রূরতা।
Crúet, *s.* ক্ষুদ্র শিশী।
Cruise, *v.* শত্রুর জাহাজ অন্বেষণে জাহাজে যাতায়াত ক। [গুড়া।
Crumb, *s.* রুটীর কোমলাংশ বা

Crúmble, *v.* গুঁড়া ক,গুঁড়,চূর্ণ ক,গুঁড়া হ।
Crúmple, *v.* কোঁক্‌ড়া,তোব্‌ড়া,চাঁচর ক।
Crúpper, *s.* ঘোড়ার দুম্‌চি।
Crusáde, *s.* যিরুশালম উদ্ধারার্থে খ্রীষ্টীয়ানদের সহিত মুসলমানদের [যুদ্ধ
Crush, *v.* পেষণ ক,মর্দ্দন ক,কুট।
Crust, *s.* ছাল, ছিল্‌কা, খোসা।
Crustáceous, *a.* ছিল্‌কাবিশিষ্ট।
Crústy, *a.* ছিল্‌কাযুক্ত; কর্কশ।
Crutch, *s.* পঙ্গু ব্যক্তির যষ্টি।
Cry, *s.* চীৎকার, বিলাপ, ডাক।
Cry, *v.* রোদন ক, চীৎকার ক, ডাক।
Cry'stal, *s.* স্ফটিক, চাক।
Cry'stalline, *a.* স্ফটিকময়, স্বচ্ছ।
Cry'stallize, *v.* জমাট হ,স্ফটিকবৎ হ।
Cub, *s.* পশু শাবক।
Cubátion, *s.* শয়ন করণ,গাত্রপাতন।
Cube, *s.* নিরেট চতুষ্কোণ বস্তু
Cúbic, *a.* নিরেট চতুষ্কোণ।
Cúbit, *s.* এক হাত পরিমাণ।
Cúckold, *s.* ব্যভিচারিণীর স্বামী।
Cúckoo, *s.* কোকিল, পিক পক্ষী।
Cúcumber, *s.* শসা, ক্ষীরা।
Cud, *s.* জাওর, উগরিত গোঘাস।
Cúddle, *v.* লাগিয়া থাক,আলিঙ্গন ক।
Cúdgel, *s.* মুদ্‌গর, গদা,লাঠী,যষ্টি।
Cue, *s.* প্রান্তভাগ, লাঙ্গুল; ইঙ্গিত।
Cuff, *s.* চড়; আস্তিনের অগ্রভাগ।
Cuiráss, *s.* বুকপাটা,বক্ষের সাঁজোয়া।
Cuirássier, *s.* বুকপাটাবিশিষ্ট সৈন্য।
Cúlinary, *a.* পাকাগার সম্বন্ধীয়।
Cull, *v.* বাছিয়া ল,চুন,মনোনীত ক।
Cúlminate, *v.* ঊর্দ্ধ স্থান প্রাপ্ত হ।
Culpabílity, *s.* দোষযোগ্যতা।
Cúlpable, *a.* দোষার্হ, অপরাধী।
Cúlprit, *s.* অপরাধী, বিচারিত হওনার্থ আদালতে উপস্থিত ব্যক্তি।
Cúltivate, *v.* কর্ষণ ক, সৌষ্ঠব ক।
Cultivátion, *s.* কর্ষণ; বিদ্যানুশীলন।
Cúlture, *s.* চাষক্রিয়া, বর্দ্ধিত করণ।
Cúmber, *v.* ভার দে, দুঃখ দে।
Cúmbersome, *a.* ক্লেশদায়ক, ভারী।
Cúmin, *s.* জীরা, জীরক।
Cúneiform, *a.* কীলের আকৃতি।
Cúnning, *s.* ধূর্ত্ততা, চাতুরী, খলতা।
Cúnning, *a.* প্রজ্ঞ, চতুর, ধূর্ত্ত, খল।
Cup, *s.* পেয়ালা, পানপাত্র, বাটিকা।
Cup, *v.* রক্তমোক্ষণ ক, শিঙ্গা লাগা।
Cúpbearer, *s.* পানপাত্রবাহক।
Cúpboard, *s.* বাসনরাখিবার আধার।
Cúpid, *s.* কন্দর্প দেব।
Cúpídity, *s.* কাম, কু অভিলাষ, লা- [লসা।
Cúpola, *s.* গুম্বেজ, খিলান ঘর।
Cur, *s.* কদর্য্য কুক্কুর; ব্যঙ্গোক্তিতে ইতর লোক।
Cúrable, *a.* প্রতিকার্য্য, চিকিৎস্য।
Cúracy, *s.* ধর্ম্মোপদেশকের পদ বা অধিকার।
Cúrate, *s.* ইংলণ্ডীয় পল্লীগ্রামস্থ পুরোহিত,ধর্ম্মোপদেশকের উপাধি।
Cúrative, *a.* রোগশান্তি সম্বন্ধীয়।
Curátor, *s.* রক্ষক, তত্ত্বাবধারক।
Curb, *s.* ঘোড়ার থুঁতনী বাঁধা শৃঙ্খল।
Curb, *v.* বেগ নিবারণ ক, আট্‌কা।
Cúrd, *s.* দধি, দই, ছানা।
Cúrdle, *v.* দধি ক, ঘন ক, গাঢ় হ।

Cure, *v.* সুস্থ ক; লবণাক্ত ক।
Cure, *s.* উপায়, সুস্থতা, প্রতীকার।
Cúrfew, *s.* অগ্নি নির্ব্বাণার্থে ইংলণ্ড দেশে প্রাচীন ব্যবহারে রাত্রি চারি দণ্ডের পর যে ঘণ্টা বাজিত তাহা।
Curiósity, *s.* বুভুৎসা, অনুসন্ধানেচ্ছা; দুষ্প্রাপ্য দ্রব্য।
Cúrious *a.* চমৎকার, সন্ধানেচ্ছুক।
Curl, *s.* চাঁচর চুল, কোঁকড়া চুল; পেঁচ, বক্র, মোড়া।
Curl, *v.* চাঁচর ক, কোঁকড়া।
Cúrlew, *s.* কোঁচ বক। [লোভী ব্যক্তি।
Cúrmudgeon, *s.* কৃপণ, ব্যয়কুণ্ঠ,
Cúrrant, *s.* ফল বিশেষ।
Cúrrency, *s.* চলন; চলিত মুদ্রা।
Cúrrent, *a.* চলিত, ব্যবহারিত।
Cúrrent, *s.* প্রবাহ, স্রোত, ধারা।
Cúrrently, *ad.* প্রচরদ্রূপে, লোকতঃ, প্রসিদ্ধ রূপে।
Cúrricle, *s.* দুই ঘোড়ার গাড়ী বিশেষ
Cúrrier, *s.* মুচী, চামার, চর্ম্মকার।
Cúrry, *s.* ব্যঞ্জন, উপকরণ।
Cúrry, *v.* চর্ম্ম ছোল, রগড়া।
Cúrrycomb, *s.* খড়রা, মার্জ্জনী।
Curse, *s.* অভিশাপ, মন্যু; ক্লেশ।
Cúrsed, *a.* অভিশপ্ত, শাপগ্রস্ত, দুঃখিত। [বধান।
Cúrsory, *a.* অনির্দ্দিষ্ট, শীঘ্র, অসা-
Curtáil, *v.* হ্রস্ব ক, কাট, ছাঁট।
Cúrtain, *s.* পর্দ্দা, যবনিকা, মশারী; দুর্গের মধ্যের প্রাচীর।
Cúrtsy, *s.* স্ত্রীলোকের প্রণাম।
Cúrvature, *s.* বক্রভাব, বক্রতা।
Curve, *s.* ধনুকের আকৃতি, গোলাকার বস্তু, ভুজ।
Curvét, *v.* লম্ফ দে, কুঁদ, ফাঁদ।
Cúshion, *s.* গদি, বালিশ, শিতান।
Custard, *s.* ডিম্ব দুগ্ধ চিনি মিশ্রিত মিঠাই বিশেষ। [ফল।
Cústard-apple, *s.* আতাফল, সীতা-
Cústody, *s.* বদ্ধ থাকার অবস্থা, ভার, জিম্মা।
Cústom, *s.* রীতি, ধারা; শুল্ক।
Cústomary, *a.* ব্যবহারিত, চলিত।
Cústomer, *s.* ক্রেতা, ক্রয়কারী।
Cústom-house, *s.* পঞ্চোত্তরা ঘর যে স্থানে শুল্ক আদায় হয়।
Cut, *s.* আঘাত, ক্ষত; খাট পথ; ছবি।
Cut, *v.* কাট, ছেদ, খোদ, বিভাগ ক।
Cutáneous, *a*, শরীরের উপরিভাগের চর্ম্মসম্বন্ধীয়। [চর্ম্ম।
Cúticle, *s.* শরীরের বাহ্য ত্বক্, সূক্ষ্ম
Cútlass, *s.* খড়্গ, খাঙ্গন, তরবার।
Cútler, *s.* ছুরীকাঁচিইত্যাদিনির্ম্মাণকর্ত্তা
Cútlery, *s.* ছুরী কাঁটা ইত্যাদি।
Cútpurse, *s.* গাঁইটকাটা চোর।
Cútter, *s.* শীঘ্রগামি ক্ষুদ্র নৌকা বিশেষ; ছেদক।
Cútting *s.* খণ্ড; বৃক্ষের কলম।
Cycle, *s.* গণ্ডী, মণ্ডল; নিয়মিত কালক্রম। [দিগ্‌দর্শন।
Cyclopæ'dia, *s.* বিদ্যাহারাবলী,
Cýgnet, *s.* হংস শাবক।
Cýlinder, *s.* বেলন, ডল্‌না, চুঙ্গি।
Cylíndrical, *a.* বেলনাকৃতি, নলাকৃতি।
Cýmbal, *s.* করতাল, ঝর্ঝরী, মন্দিরা।

Cýnic, *a.* দোষমাত্রগ্রাহী, উদাসীন।
Cýpress, *s.* শ্মশানবৃক্ষ, শোক সূচক
Czar, *s.* রুসদেশীয় রাজা। [বৃক্ষ।
Czarína, *s.* রুসদেশীয় রাণী।

D

Dab, *v.* আর্দ্র দ্রব্যদ্বারা লেপ, লঘ্বাঘাতক। [চর্চ্চা ক।
Dábble, *v.* জলক্রীড়া ক; অনধিকার
Dábbler, *s.* জলক্রীড়ক; পল্লবগ্রাহী।
Dáctyle, *s.* এক দীর্ঘ দুই হ্রস্ব পদ।
Dad, Daddy, *s.* বাপ, বাবা, পিতা।
Dágger, *s.* ছোরা, কাটার, যমধার।
Daily, *ad.* প্রত্যহ; প্রাত্যহিক।
Dáinty, *a.* সুস্বাদু; উত্তমভোগী।
Dáinty, *s.* সুস্বাদু দ্রব্য।
Dáiry, *s.* গোপগৃহ, দধিমন্থনাগার।
Dáirymaid, *s.* গোয়ালিনী, গোপিনী।
Dáisy, *s.* ক্ষেত্রপুষ্প বিশেষ।
Dale, *s.* দুই পর্ব্বতের মধ্যস্থান।
Dálliance, *s.* ক্রীড়া, লীলা, বিলাস।
Dálly, *v.* গড়িমসি ক, টাল মটাল ক, লালা ক।
Dam, *s.* পশুর মাতা; বাঁধ, সেতু।
Dámage, *s.* অপচয়, ক্ষতি, হানি।
Dámages, *s.* ক্ষতিপূরণ, অর্থদণ্ড।
Dámask, *s.* বুটাদার কাপড়।
Dame, *s.* কর্ত্রী, গৃহিণী, ঠাকুরাণী।
Damn, *v.* অভিশাপ দে, দণ্ডাজ্ঞা ক।
Dámnable, *a.* নারকী, দণ্ডযোগ্য।
Damnátion, *s.* নরক দণ্ড।
Damp, *a.* আর্দ্র, ভিজা, ক্লিন্ন, সোঁতা।
Damp, *v.* আর্দ্র ক; মনোভগ্ন ক।
Dámsel, *s.* যুবতী, কুমারী, কন্যা।
Dance, *s.* নৃত্য, নাচ, নাট।
Dándle, *v.* কোলে করিয়া নাচা।
Dánger, *s.* আপদ, বিঘ্ন, সঙ্কট, দায়।
Dángerous, *a.* আপদীয়, শঙ্কাযুক্ত।
Dángle *v.* ঝুল; অনুজীবী হ।
Dángler, *s.* স্ত্রীপরায়ণ; স্ত্রৈণ, অনুজীবী।
Dank, *a.* ক্লিন্ন, আর্দ্র, ভিজা।
Dápper, *a.* বেঁটিয়া অথচ সত্ত্বর।
Dápple, *a.* চিত্রবিচিত্র, পাঁচরঙ্গা।
Dare, *v.* সাহস ক, স্পর্দ্ধা ক।
Dáring, *a.* সাহসিক, অকুতোভয়।
Dark, *a.* অন্ধকারময়; অপ্রসন্ন।
Dárken, *v.* অন্ধকার ক, অস্পষ্ট ক।
Dárkness, *s.* অন্ধকার, তিমির।
Dárksome, *a.* দীপ্তিহীন, ঘোর।
Dárling, *s.* প্রিয়তম, দুলাল।
Darn, *v.* রিফু ক, ছিদ্র সার।
Dart, *s.* বর্শা, তীর, বাণ, শূল।
Dart, *v*, নিক্ষেপ ক. ছোঁ মার। [—।
Dash, *s.* আছড়ান; লিখনের ছেদ যথা
Dash, *v.* আছড়া, ধাক্কা লাগা।
Dáshing, *a.* অসাবধান, অবিবেকী।
Dástard, *s.* ভীরু, কাপুরুষ, ডরুক।
Dáta, *s.* সত্যতা, প্রমাণ্য।
Date, *s.* তারিখ, দিন; খেজুর।
Dátive case, *s.* সম্প্রদান কারক।
Daub, *v.* লেপন ক, ম্রক্ষ, মাখা।
Daúghter, *s.* কন্যা, দুহিতা, সুতা।
Daúghter-in-law, *s.* পুত্রবধূ, বহু।
Daunt, *v.* সাহস ভঙ্গ ক, ভীত ক।
Daúntless, *a.* নির্ভয়, নিঃশঙ্ক।

Daúphin, *s.* ফ্রান্সদেশীয় যুবরাজের [উপাধি।
Daw, *s.* কাক বিশেষ।
Dáwdle, *v.* গড়িমসি ক, টালমাটাল ক।
Dawn, *s.* প্রভাত, প্রত্যূষ, ভোর।
Day, *s.* দিন, দিবস; সময়।
Dáybook, *s.* জাব্দা বহী, রোজনামা।
Dáybreak, *s.* অরুণোদয়, প্রাতঃকাল।
Dáylight, *s.* সূর্য্যের আলোক।
Dáysman, *s.* মধ্যস্থ, প্রাড়্বিবাক।
Dáyspring, *s.* অরুণোদয়, প্রভাত।
Dáystar, *s.* প্রভাতি তারা, শুক্রতারা।
Dázzle, *v.* চক্ষু খরিয়া যা, ধাঁদা লাগ।
Déacon, *s.* উপপুরোহিত, উপধর্ম্মাধ্যাপক।
Dead, *a.* মৃত, নিস্তেজ, নীরস।
Déaden, *v.* তেজোহীন ক, জড়সড় ক।
Deádly, *a.* মৃত্যুজনক, প্রাণনাশক।
Deádness, *s.* স্পন্দরাহিত্য, জড়তা।
Deaf, *a.* বধির, কালা, শ্রবণেন্দ্রিয়হীন।
Déafen, *v.* বধির ক, কালা ক।
Deal, *s.* সংখ্যা, পরিমাণ; দেবদারু [কাষ্ঠ।
Deal, *v.* ব্যবসায় ক, বণ্টন ক।
Deáler, *s.* ব্যবসায়ী, ব্যাপারী।
Dealing, *s.* সম্পর্ক, দানাদান, ব্যবহার।
Dean, *s.* ধর্ম্মাধ্যক্ষ বিশেষ।
Déanery, *s.* পূর্ব্বোক্ত ব্যক্তির পদ।
Dear, *a.* আক্রা, বহুমূল্য; প্রিয়।
Dearly, *ad.* দুর্ম্মূল্যে; স্নেহপূর্ব্বক।
Déarness, *s.* দুর্ম্মূল্যতা, মহার্ঘ্য।
Dearth, *s.* আকাল, দুর্ভিক্ষ।
Death, *s.* মৃত্যু, মরণ, পঞ্চত্ব, কাল।
Déathless, *a.* অমর, চিরজীবী, নিত্য।
Déathwatch, *s.* মরণসূচক কীট।

Debár, *v.* নিবারণ ক, নিষেধ ক।
Debárk, *v.* নৌকাহইতে নাম।
Debáse, *v.* মানহানি ক; ভাঁজ দে।
Debáte, *s.* বাদানুবাদ, বিতণ্ডা।
Debáuch, *s.* লাম্পট্যের উৎসব, শারীরিক ভোগের বাহুল্য।
Debáuch, *v.* ভ্রষ্ট ক, সতীত্বনাশ ক।
Debaucheé, *s.* লম্পট, লোচ্চা।
Debaúchery, *s.* লম্পটতা, লোচ্চামি।
Debénture, *s.* খৎ, ঋণপত্র।
Debílitate, *v.* দুর্ব্বল ক, জরাতুর ক।
Debílity, *s.* দুর্ব্বলতা, ক্ষীণতা।
Débit, *s.* পাওনা, খাতার খরচের দিক্।
Debonáir, *a.* সুন্দর, সুশীল, শিষ্ট।
Debt, *s.* ঋণ, ধার, কর্জ্জ, দেনা।
Débtor, *s.* ঋণী, অধমর্ণ, খাতক।
Décade, *s.* দশসংখ্যক, দশ।
Décagon, *s.* দশভুজ ক্ষেত্র।
Décalogue, *s.* খ্রীষ্টীয়ান ধর্ম্মানুসারে ঈশ্বরদত্ত দশ আজ্ঞা।
Decámp, *v.* তাঁবু উঠায়, প্রস্থান ক।
Decánt, *v.* সূক্ষ্মাধারে ঢাল।
Decánter, *s.* কাচের ছিপীযুক্ত কাচ পাত্র।
Decápitate, *v.* শিরশ্ছেদন ক।
Decapitátion, *s.* শিরশ্ছেদন।
Decáy, *s.* ক্ষয়, জীর্ণ, বিগড়ন।
Decease, *s.* মৃত্যু, মরণ, প্রাণত্যাগ।
Deceít, *s.* চাতুরী, শঠতা, প্রবঞ্চনা।
Deceitful, *a.* কুটিল, কপটী, ছলী।
Deceítfulness, *s.* কাপট্য, খলতা, বঞ্চনা।

Decéive, *v.* প্রবঞ্চনা ক, প্রতারণা ক।
Deceiver, *s.* প্রবঞ্চক, প্রতারক।
Decémber, *s.* ইউরোপীয়দের মধ্যে বৎসরের শেষ মাস।
Decéncy, *s.* উপযুক্ততা, সুলজ্জা, [সভ্যতা।
Decénnial, *a.* দশবর্ষীয়, দশাব্দিক।
Decent, *a.* উপযুক্ত, শোভাকর।
Decéption, *s.* বঞ্চনা, ছল, চাতুরী।
Decéptive, *a.* ভ্রামক, প্রতারণাক্ষম।
Decíde, *v.* নিষ্পত্তি ক, নির্ণয় ক।
Decídedly, *ad.* নিশ্চয়রূপে, নিতান্ত।
Decíduous, *a.* পতনশীল, অস্থায়ী।
Décimal, *a.* দশক, দশসংখ্যক।
Décimate, *v.* দশম ব্যক্তিকে দণ্ড ক।
Decípher, *v.* গূঢ়ার্থ প্রকাশ ক, সুস্পষ্ট ক।
Decísion, *s.* নিষ্পত্তি, নির্ণয়, চূড়ান্ত।
Decísive, *a.* নিষ্পত্তিজনক, চূড়ান্ত।
Decísively, *ad.* নিশ্চয়রূপে, নিতান্ত।
Deck, *s.* জাহাজের মেজিয়া।
Deck, *v.* বিভূষিত ক, শোভিত ক।
Decláim, *v.* ব্যাখ্যা ক, কথকতা ক, বক্তৃতা ক।
Declarátion, *s.* প্রকাশ, বিজ্ঞাপন।
Declárative, *a.* ব্যঞ্জক, প্রকাশক।
Declåratory, *a.* ব্যক্তকারী, জ্ঞাপক।
Declåre, *v.* জানা, প্রকাশ ক।
Declénsion, *s.* অধঃপতন; শব্দসাধন।
Declínable, *a.* বিভক্তিদ্বারা সাধ্য।
Declinátion, *s.* অধঃপতন, ঝুঁকন।
Declíne, *v.* হেঁট হ, ঝুঁক; অসম্মত হ।
Declíne, *s.* ক্ষয়, হ্রাস, পতন, জীর্ণ।
Declívity, *s.* গড়ানিয়াস্থান, ক্রমনিম্নতা।
Decóction, *s.* ক্বাথ, নির্যাস, সিদ্ধকরণ।
Decollátion, *s.* শিরশ্ছেদন।
Decompóse, *v.* দ্রুব ক, সঙ্কর বস্তু পৃথক্২ ক।
Decomposítion, *s.* গলন, দ্রুব হওন, সঙ্কর বস্তুর মূল বস্তু পৃথক্ করণ।
Décorate, *v.* ভূষিত ক, অলঙ্কৃত ক।
Decorátion, *s.* ভূষণ, অলঙ্কার, শোভা।
Decórous, *a.* উপযুক্ত, শিষ্টাচারী।
Decórum, *s.* শিষ্টাচার, সভ্যতা।
Decóy, *v.* লোভ দর্শাইয়া ধৃ, ফাঁদে আন।
Decréase, *s.* ন্যূনতা, ক্ষয়, হ্রাস।
Decréase, *v.* হ্রাস ক, হ্রস্ব হ, ঘাটা।
Decrée, *s.* আজ্ঞা নির্দ্ধারণ, রীতি; নিষ্পত্তি।
Decrée, *v.* আজ্ঞা ক, বিধান ক।
Decrépit, *a.* জীর্ণ, জরাতুর, অবজীর্ণ।
Decrépitude, *s.* জীর্ণাবস্থা, জড়িমা।
Decrétal, *s.* ব্যবস্থা সংহিতা।
Decrý, *v.* অখ্যাতি ক, নিন্দা ক।
Dédicate, *v.* প্রতিষ্ঠা ক, উদ্দেশে মঙ্গলাচরণ ক।
Dedicátion, *s.* উৎসর্গ, মঙ্গলাচরণ।
Dedúce, *v.* উপলব্ধি ক, অনুভব ক; তর্ক পূর্ব্বক নির্ণয় ক।
Dedúct, *v.* বাদ দে, কর্ত্তন ক।
Dedúction, *s.* বাদ, ধরাট; উপলব্ধি; যুক্তি সিদ্ধ কথা।
Deed, *s.* কর্ম্ম, মহাকাণ্ড; পাট্টা, দানপত্র, দলিল।
Deem, *v.* বিবেচনাদ্বারা স্থির ক।

Deep, *s.* সাগর, সমুদ্র; অতলস্পর্শ জল। [তীক্ষ্ণবোদ্ধা।
Deep, *a.* গম্ভীর, ঘোর, নিগূঢ়; ধূর্ত্ত,
Deépen, *v.* গম্ভীর ক, ঘোর ক।
Déeply, *ad.* গুরুতররূপে, গাম্ভীর্য্য [রূপে।
Deer, *s.* হরিণ, মৃগ, কুরঙ্গ।
Deface, *v.* বিকৃতি ক, বিরূপ ক।
Defalcátion, *s.* তহবিলভাঙ্গন, ন্যূনতা
Defamátion, *s.* অপবাদ, দুর্নাম, কলঙ্ক।
Defámatory, *a.* নিন্দক, দুর্নামজনক।
Defáme, *v.* দুর্নাম ক, অপবাদ দে।
Defaúlt, *s.* আজ্ঞা লঙ্ঘন, কর্ত্তব্য কর্ম্মের ত্রুটি।
Defaúlter, *s.* নিয়মের অন্যথাকারী।
Deféat, *s.* পরাভব, পরাজয়, হারি।
Deféat, *v.* পরাজয় ক, পরাস্ত ক, ব্যর্থ ক, নিস্ফল ক।
Défecate, *v.* গাদ কাট, পরিষ্কার ক।
Deféct, *s.* দোষ, কলঙ্ক, অভাব।
Deféction, *s.* স্বপক্ষত্যাগ, ত্রুটি, রাজবিদ্রোহ।
Deféctive, *a.* দোষযুক্ত, অসম্পূর্ণ।
Defénce, *s.* আশ্রয়; হেতু দর্শান, দোষ খণ্ডন।
Defénceless, *a.* নিরাশ্রয়, দুর্ব্বল।
Defénd, *v.* আশ্রয় দে, রক্ষা ক।
Deféndant, *s.* রক্ষাকর্ত্তা, প্রতিবাদী।
Defénsive, *a.* রক্ষাকারক, সতর্ক।
Defér, *v.* বিলম্বে কর্ম্ম ক, স্থগিত ক।
Déference, *s.* আজ্ঞাধীনত্ব স্বীকার, সম্ভ্রম, বিনয়। [যুদ্ধার্থ আহ্বান।
Defíance, *s.* আস্পর্দ্ধা, হেয়জ্ঞান;
Defíciency, *s.* অকুলান, অভাব।

Defícient, *a.* অসম্পূর্ণ, অপ্রতুল, অনুপযুক্ত।
Defíle, *v.* অপবিত্র ক, ভ্রষ্ট ক।
Defíle, *s.* সঙ্কীর্ণ পথ, কন্দর; সৈন্যদল শ্রেণী বদ্ধ হইয়া চলন।
Defínable, *a.* নির্ণেয়, বর্ণনীয়।
Defíne, *v.* নির্দ্ধার্য্য ক, বর্ণন ক, সীমা নির্দ্দিষ্ট ক।
Définite, *a.* নির্দ্ধারিত, নিশ্চিত।
Definítion, *s.* ব্যাখ্যা, অর্থ, গুণ বর্ণন।
Defínitive, *a.* নিশ্চিত, চূড়ান্ত।
Deflection, *s.* বিপথগমন, বিমুখ হওন; একপার্শ্বে হেলন। [ভ্রষ্ট ক।
Deflower, *v.* কুমারী গমন ক; শ্রী-
Deflúxion, *s.* শারীরিক রসের অধঃপতন।
Defórm, *v.* কুৎসিত ক, কুরূপ ক।
Defórmity, *s.* কুৎসিতরূপ, কদাকার।
Defraúd, *v.* জুয়াচুরি ক; প্রবঞ্চনা ক।
Defráy, *v.* ব্যয় নির্ব্বাহ ক, খরচ
Defúnct, *a.* মৃত, নির্জীব। [যোগা।
Defý, *v.* আস্পর্দ্ধা ক, তাচ্ছল্য ক; যুদ্ধে আহ্বান ক। [ধর্ম্মক্ষয়।
Degéneracy, *s.* অপগমন, পৈত্রিক
Degénerate, *a.* বিকৃতিপ্রাপ্ত, নষ্ট, পৈত্রিক ধর্ম্ম ক্ষয়ী।
Deglutítion, *s.* গিলন, গিলনশক্তি।
Degradátion, *s.* মহাহানি, পদভ্রংশ।
Degráde, *v.* নিম্ন ক, পদভ্রংশ ক, অসম্ভ্রম ক। [৩৬০ ভাগের এক ভাগ।
Degrée, *s.* ক্রম, পদ, অংশ, চক্রের
Dehórt, *v.* পরামর্শদ্বারা বিরত করা।
Deificátion, *s.* দেবত্ব দান।

Déify, *v.* দেবত্ব দান ক, দেবতার ন্যায় পূজা ক।
Deign, *v.* দয়া করিয়া সম্মত হ।
Déism, *s.* ব্রাহ্মধর্ম্ম, একাত্মজ্ঞান।
Déi st, *s.* অদ্বৈতবাদী, একাত্মবাদী।
Déity, *s.* পরমেশ্বর, ঈশ্বরত্ব।
Dejéct, *v.* মনোম্লান ক, বিমর্ষ ক।
Dejéction, *s.* ম্লানতা, বিষাদ, উদ্বেগ।
Deláy, *s.* বিলম্ব, গৌণ, গতিক্রিয়া।
Deléctable, *a.* মনোরম, মনোহর।
Delectátion, *s.* সন্তোষ, মনোরঞ্জন।
Délegate, *s.* প্রতিভূ, প্রতিনিধি।
Délegate, *v.* প্রতিনিধিরূপে নিযুক্ত ক, ভারার্পণ ক।
Deletérious, *a.* হিংসক, সাঙ্ঘাতিক।
Delf, *s.* প্রস্তরাকর; মৃৎপাত্র।
Delíberate, *v.* বিচার ক, বিবেচনা ক।
Delíberate, *a.* বিবেচক, ধীর, সতর্ক।
Deliberátion, *s.* বিবেচনা, চর্চ্চা।
Délicacy, *s.* সুভক্ষ্য; কোমলতা; শারীরিক দৌর্ব্বল্য।
Délicate, *a.* সুন্দর, কোমল, সূক্ষ্ম।
Delícious, *a.* উপাদেয়, সুস্বাদু।
Delíght, *s.* সন্তোষ, আহ্লাদ, হর্ষ।
Delíghtful, *a.* হর্ষজনক, মনোহর।
Delíneate, *v.* পাণ্ডুলেখ্য ক; বর্ণনা ক।
Delineátion, *s.* পাণ্ডুলেখ্য; বর্ণনা।
Delínquency, *s.* অপরাধ, ত্রুটি।
Delínquent, *s.* অপরাধী, দোষী।
Delírious, *a.* মতিচ্ছন্ন, প্রলাপী।
Delírium, *s.* প্রলাপ, অচেতনতা।
Delíver, *v.* সমর্পণ ক; উদ্ধার ক।
Delíverance, *s.* উদ্ধার, মুক্তি, ত্রাণ।
Delívery, *s.* সমর্পণ; প্রসব ক্রিয়া।
Dell, *s.* গহ্বর, গর্ত্ত, কুহর।
Delúde, *v.* ভুলা, ভোগা দে, ঠকা।
Déluge, *s.* জলপ্লাবন, বন্যা।
Delúsion, *s.* মায়া, মোহ, ধোঁকা।
Delúsive, *a.* মায়িক, ভ্রান্তিকর।
Delve, *v.* খনন ক, গর্ত্ত কাট।
Démagogue, *s.* নীচলোকের দলপতি।
Demánd, *s.* দাওয়া, প্রশ্ন, গ্রাহকতা।
Demánd, *v.* দাওয়া ক; জিজ্ঞাসা ক।
Demarcátion, *s.* সীমাভেদ করণ।
Deméan, *v.* আচরণ ক; অধঃ ক, জঘন্য ক।
Deméanour, *s.* আচরণ, গতিক।
Dementátion, *s.* উন্মত্ত করণ।
Demérit, *s.* নির্গুণতা, দোষ।
Demésne, *s.* স্বাধীনা ভূমি, বাটীর জমী।
Démi-, *a.* অর্দ্ধ, অর্দ্ধেক।
Démigod, *s.* উপদেবতা, অর্দ্ধদেবতা।
Demíse, *s.* মৃত্যু, মরণ, প্রাণত্যাগ।
Demít, *v.* অবনত ক, টাঙ্গা।
Demócracy, *s.* সাধারণ রাজ্যত্ব, প্রজাদের প্রভুত্ব।
Demólish, *v.* উচ্ছিন্ন ক, নাশ ক।
Demolítion, *s.* বিনাশ, উচ্ছিন্ন করণ।
Démon, *s.* ভূত, দানব, পিশাচ।
Demóniac, *s.* ভূতগ্রস্ত ব্যক্তি।
Demonólogy, *s.* ভৌতিক বিদ্যা।
Demónstrable, *a.* মীমাংসাযোগ্য, প্রতিপাদ্য।
Demónstrate, *v.* প্রমাণদ্বারা নিশ্চয় ক।
Demonstrátion, *s.* দৃঢ় প্রমাণ।

Demónstrative, *a.* সুপ্রামাণিক, সন্দেহভঞ্জক।
Demóralize, *v.* নীতি ভ্রষ্ট ক।
Demúr, *v.* গৌণ ক, দ্বৈধ ক, সন্দেহ ক
Demúre, *a.* গম্ভীর, ধীর ; অধোমুখ
Demúrrage, *s.* নৌকার গহরি ভাড়া।
Den, *s.* বন্যপশুর গর্ত, গহ্বর।
Deníal, *s.* অস্বীকার, অপহ্নব, নকার
Dénizen, *s.* পৌরজন, নগরের সামাজিক ক্ষমতা বিশিষ্ট প্রজা।
Denóminate, *v.* নাম দে, সংজ্ঞা ক।
Denominátion, *s.* নাম, সংজ্ঞা।
Denóte, *v.* লক্ষণ ক, দর্শা, বুঝা।
Denoúnce, *v.* দণ্ডপ্রচার ক, ভয় দর্শা, দোষ দে।
Dense, *a.* ঘন, নিবিড়, গাঢ়, ঘোর।
Dénsity, *s.* ঘনত্ব, গাঢ়ত্ব, দার্ঢ্য।
Déntal, *a.* দন্ত্য, দন্তসম্বন্ধীয়। [যুক্ত।
Dentículated, *a.* করাতের ন্যায় দন্ত-
Déntifrice, *s.* মঞ্জন, মাঁজন, মিসি।
Déntist, *s.* দন্তরোগের চিকিৎসক।
Dentítion, *s.* শিশুর দন্ত উঠন।
Denúde, *v.* উলঙ্গ ক, নগ্ন ক, বিবস্ত্র ক।
Denunciátion, *s.* ভয় প্রদর্শন, অপবাদ দেওন।
Dený, *v.* অস্বীকার ক, অপহ্নব ক।
Déodand, *s.* প্রায়শ্চিত্তরূপ অর্থদণ্ড।
Depárt, *v.* প্রস্থান ক, স্থানান্তরে গমন ক।
Depártment, *s.* বিভাগ, পরিচ্ছেদ ; পৃথক্ কর্ম্ম ; চাক্‌লা।
Depárture, *s.* প্রস্থান, স্থানান্তরেগমন।
Depénd, *v.* ঝুল, পরাধীন হ, আস্থা ক।
Depéndence, *s.* সম্পর্ক, নির্ভর, আস্থা
Depéndent, *a.* পরাধীন, আশ্রিত।
Depíct, *v.* চিত্র ক, বর্ণনা ক।
Deplétion, *s.* শূন্য করণ। [নক;হেয়,
Deplórable, *a,* বিলপনীয়, শোকজ-
Deplóre, *v.* বিলাপ ক, খেদ ক।
Deplóy, *v.* সৈন্যশ্রেণী বিস্তার ক।
Depónent, *s.* সাক্ষী, শপথকারক।
Depópulate, *v.* মনুষ্যশূন্য ক।
Depopulátion, *s.* দেশ উচ্ছিন্ন করণ।
Depórt, *v.* আচরণ ক ; দেশান্তর ক।
Depórtment, *s.* আচার, ব্যবহার।
Depóse, *v.* পদচ্যুত ক ; সাক্ষ্য দে।
Depósit, *s.* গচ্ছিত দ্রব্য, বন্ধক।
Depósit, *v.* গচ্ছিত ক, ন্যস্ত ক।
Depósitary, *s.* গচ্ছিত দ্রব্যগ্রাহক।
Deposítion, *s.* সাক্ষ্য ; পদচ্যুতকরণ।
Depósitory, *s.* রাখিবার স্থান, ভাণ্ডার।
Dépót *s.* ভাণ্ডার, দ্রব্যাগার।
Depráve, *v.* নষ্ট ক, ভ্রষ্ট ক, বিগড়।
Deprávity, *s.* দুষ্টতা, ভ্রষ্টামি, নষ্টতা।
Déprecate, *v.* বিঘ্নবারণ প্রার্থনা ক, ক্ষমা প্রার্থনা ক।
Depréciate, *v.* মূল্যন্যূন ক ; তুচ্ছ ক।
Depredátion, *s.* লুট, অপহার।
Depredátor, *s.* লুটেরা, ডাকাইত।
Depréss, *v.* ভারের দ্বারা নীচ ক ; বিষণ্ণ ক।
Depréssion, *s.* অবনমন, চাপন।
Deprivátion, *s.* অপহার, ক্ষতি।
Deprívе, *v.* কাড়িয়া ল, হৃত ক।
Depth, *s.* গভীরতা, গহেরা ; ঋতুর মধ্য বা শেষ কাল ; নিগূঢ়তা।

Deputátion, *s.* প্রতিনিধিরূপে প্রেরণ।
Depute, *v.* নিয়োগ ক, প্রেরণ ক।
Députy, *s.* প্রতিনিধি, পরিবর্ত্তী।
Derange, *v.* ব্যতিক্রম ক, ফেরফার ক।
Deránged, *a.* উন্মত্ত, হতবুদ্ধি, হতজ্ঞান।
Derelíction, *s.* পরিত্যাগকরণ, বর্জ্জন।
Deríde, *v.* বিদ্রূপ ক, উপহাস ক।
Derísion, *s.* বিদ্রূপ, উপহাস, ঠাট্টা।
Derivátion, *s.* মূলানুসন্ধান, ব্যুৎপত্তি।
Derívative, *a.* ব্যুৎপন্ন, ব্যুৎপাদক।
Deríve, *v.* উৎপন্ন হ, উৎপত্তি ক।
Derniér, *a.* শেষ, অন্তিম, অন্ত্য।
Dérogate, *v.* হ্রাস ক, মানহানি ক।
Derógatory, *a.* অপমানক, হ্রাসকর।
Descánt, *v.* বিস্তারিত করিয়া কহ, বাদানুবাদ ক।
Descénd, *v.* নাম, অধোগমন ক।
Descéndant, *s.* সন্তান, বংশ, সন্ততি।
Descént, *s.* অধোগমন; গড়ানিয়া স্থান; জন্ম।
Describe, *v.* বিশেষরূপে কহ, বর্ণন ক
Descríption, *s.* বর্ণনা, ব্যাখ্যা; প্রকার।
Descríptive, *a.* বর্ণনকারী, নিদর্শনা।
Descrý, *v.* দূর হইতে দৃষ্টি ক।
Désecrate, *v.* অপবিত্র ক, প্রতিষ্ঠা লোপ ক।
Désert, *s.* অরণ্য, মরুভূমি, জনশূন্যস্থান; গুণাগুণ, যোগ্যতা।
Desért, *v.* ত্যাগ ক, বিবর্জ্জন ক।
Desérter, *s.* পলাতক, ভাগড়া।
Desérve, *v.* উপযুক্ত হ, ভদ্রাভদ্রের যোগ্য হ।
Desérvedly, *ad.* যথাযোগ্য।
Desérving, *a.* যোগ্য, উপযুক্ত।
Desiderátum, *s.* অবর্ত্তমান অতি বাঞ্ছনীয় বস্তু।
Desígn, *s.* অভিপ্রায়; প্রতিমূর্ত্তি।
Desígn, *v.* কল্পনা ক, চিহ্ন ক।
Designátion, *s.* নিয়োজন, নির্দ্দেশ।
Desígnedly, *ad.* যথেচ্ছায়, জ্ঞাতসারে।
Desígning, *a.* ধূর্ত্ত, চতুর, শঠ, খল।
Desírable, *a.* বাঞ্ছনীয়, মনোহর।
Desíre, *s.* বাঞ্ছা, আকাঙ্ক্ষা, ইচ্ছা।
Desírous, *a.* আকাঙ্ক্ষী, ইচ্ছুক।
Desíst, *v.* নিরস্ত হ, নিবৃত্ত হ, থাম।
Desk, *s.* লিখিবার মেজ, লেখন সাধনাধার।
Désolate, *a.* উজাড়, নরশূন্য, অনাথ।
Désolate, *v.* উচ্ছিন্ন ক, শূন্য ক।
Desolátion, *s.* সর্ব্বনাশ, উচ্ছিন্নতা।
Despáir, *s.* নিরাশা, অভরসা।
Desperádo, *s.* দুঃসাহসী, রাগান্ধা [ন্য।
Désperate, *a.* নিরাশ. রাগান্ধ, ভয়শূ-
Déspicable, *a.* তুচ্ছনীয়. হেয়, অধম।
Despíse, *v.* তুচ্ছ ক, অবজ্ঞা ক।
Despíte, *s.* দ্বেষ, হিংসা, ঈর্ষ্যা।
Despóil, *v.* অপহরণ ক, লূট ক।
Despónd, *v.* ভরসা হীন হ, নিরাশ হ
Despóndency, *s.* নিরাশা, নির্ভরসা।
Déspot, *s.* স্বেচ্ছাচারী রাজা।
Despótic, *a.* স্বেচ্ছাধীন; উপদ্রবী।
Déspotism, *s.* একাধিপত্য, স্বেচ্ছামতে প্রভুত্ব; উপদ্রব।
Dessért, *s.* ফলাহার, ইউরোপীয়েরদের মধ্যে মাংস ভোজনের পরে যে ফল ভক্ষণ হয়।

Destinátion, *s.* যে কোন বিশেষ অভিপ্রায়ে কোন বিষয়ের নির্দ্ধার্য্য করা যায়; নিরূপিত স্থান।
Déstine, *v.* দণ্ড দে; নিরূপণ ক, অবধারিত ক।
Déstiny, *s.* অদৃষ্ট, কপাল, ভাগ্য।
Déstitute, *a.* রহিত, হীন, অনাথ।
Destitútion, *s.* দীনহীনতা, দুর্দ্দশা।
Destróy, *v.* বিনাশ ক, উচ্ছিন্ন ক।
Destrúction, *s.* বিনাশ, ধ্বংস।
Destrúctive, *a.* বিনাশক, ধ্বংসক।
Désuetude, *s.* নিবৃত্তি, বিচ্ছেদ, অব্যবহার।
Désultory, *a.* অস্থির, অনিয়মিত।
Detách, *v* বিভিন্ন ক, পৃথক্ ক।
Detáchment, *s.* সৈন্যের যে ভাগ কোন বিশেষ কর্ম্মে প্রেরিত হয়।
Detáil, *s.* বিশেষ বিবরণ, বৃত্তান্ত, ব্যাখ্যা।
Detáin, *v.* আটক ক, রাখ, বন্ধ ক।
Detéct, *v.* দোষ ধর, সন্ধান পূর্ব্বক ধর।
Detéction, *s.* দোষ প্রকাশ করণ।
Deténtion, *s* আটক, আটকান।
Detér, *v.* উদ্যোগভঙ্গ ক, নিবারণ ক।
Detérgent, *a.* পরিষ্কারক, মলনাশক।
Detériorate, *v.* মন্দ ক, কদর্য্য ক।
Deteriorátion, *s.* বিগড়ান, নষ্ট করণ।
Detérminate, *a.* নির্দ্ধারিত, নিশ্চিত।
Determinátion, *s.* নিষ্পত্তি, মনস্থ।
Detérmine, *v.* স্থির ক, নির্দ্ধারিত ক, নিষ্পত্তি ক।
Detést, *v.* ঘৃণা ক, অত্যন্ত অশ্রদ্ধা ক।
Detestátion, *s.* ঘৃণা, অশ্রদ্ধা, দ্বেষ।
Dethróne, *v.* সিংহাসনচ্যুত ক।
Detonátion, *s.* ফাটনের হঠাৎ শব্দ।
Detráct, *v.* হিংসাপূর্ব্বক অন্যের যশোহানি ক, নিন্দা ক।
Detráction, *s.* মানের হ্রাস করণ, নিন্দা, অপলাপ।
Détriment, *s.* অপচয়, অপকার।
Deúce, *s.* দুই, দুরি; ভূত।
Devastátion, *s.* উচ্ছিন্নতা, নাশ।
Devélope, *v.* প্রকাশ ক, আবির্ভাব ক।
Déviate, *v.* পথের বাহিরে যা।
Deviátion, *s.* বিপথগমন, বক্রগতি।
Devíce, *s.* কল্পনা, ছল; মুদ্রার অঙ্ক বা চিহ্ন।
Dévil, *s.* ভূত, দৈত্য; দুরাচার।
Dévilish, *a.* ভূতের ন্যায়; দুষ্টামি, দুরাচারী।
Dévious, *a.* বিপথগামী, বাঁকা।
Devíse, *v.* কল্পনা ক, চিন্তা ক; দানপত্রদ্বারা দান ক।
Devóid, *a.* শূন্য, হীন, রহিত, বিনা।
Devóir, *s.* সেবা, পরিচর্য্যা, উপাসনা।
Devólve, *v.* গড়িয়া পড়, কর্ম্মের ভার [পড়।
Devóte, *v.* উৎসর্গ ক, দান ক।
Devóted, *a.* পরায়ণ, আসক্ত, আবিষ্ট।
Devotée, *s.* যোগী, তপস্বী, সন্ন্যাসী।
Devótion, *s.* ধর্ম্মনিষ্ঠা, ভক্তি, ঔৎ-
Devótional, *a.* ধর্ম্মসম্বন্ধীয়। [সুক্য।
Devoúr, *v.* গ্রাস ক, খাইয়া ফেল।
Devoút, *a.* ঈশ্বর পরায়ণ, ধর্ম্মনিষ্ঠ।
Dew, *s.* শিশির, নীহার।
Déwlap, *s.* গলকম্বল, সাস্না।
Déxter, *a.* দক্ষিণ, ডাইন।

Dextérity, *s.* দক্ষতা, নিপুণতা।
Déxterous, *a.* নিপুণ, দক্ষ, তৎপর।
Diabólical, *a.* ভূতের ন্যায়, অতিদুষ্ট।
Díadem, *s.* কিরীট, মুকুট, শিরোভূষণ
Diagnóstic, *s.* রোগনিশ্চায়ক চিহ্ন।
Diágonal, *s.* কোণটানা, আড়েটানা।
Díagram, *s.* অনুরূপক্ষেত্র, চিত্র।
Díal, *s.* ঘড়ীর উপরিস্থ অঙ্কিত ভাগ, সূর্য্যঘড়ী, রৌদ্রঘড়ী।
Díalect, *s.* প্রদেশীয় ভাষা।
Díalogue, *s.* কথোপকথন, প্রশ্নোত্তর।
Diámeter, *s.* ব্যাসরেখা। [রূপে।
Diamétrically, *ad.* ঠিক বিপরীত-
Díamond, *s.* হীরা, হীরক মণি।
Díaper, *s.* বুটাতোলা কাপড়।
Diaphorétic, *a.* স্বেদজনক।
Diarrhœ'a, *s.* গ্রহণী, আমাশয়।
Díary, *s.* রোজনামা, দৈনন্দিন।
Dice, *s.* অক্ষ, পাশা, পাষ্টি, দ্যূত।
Díctate, *s.* আদেশ, আজ্ঞা, বিধি।
Díctate, *v.* লেখা; কর্ত্তৃত্ব ক।
Dictátion, *s.* কহিয়া লেখান, আদেশ করণ।
Dictátor, *s.* একাধিপতি, আদেশক; রোমাণেরদের মধ্যে সর্ব্ব পরাক্রম বিশিষ্ট ব্যক্তি।
Dictatórial, *a.* কর্ত্তৃত্বরূপ, দাম্ভিক।
Díction, *s.* শব্দবিন্যাস, বাক্য প্রবন্ধ।
Díctionary, *s.* অভিধান, শব্দকোষ।
Didáctic, *a.* উপদেশক, শিক্ষাদায়ক।
Die, *s.* মুদ্রার ছেনি; পাষ্টি; রঙ্গ।
Die, *v.* মর, প্রাণত্যাগ ক, কালপ্রাপ্ত হ।
Díet, *s.* পথ্য, আহার; রাজসভা।
Díet, *v.* পথ্য দে, আহার দে।
Díffer, *v.* বিভিন্ন হ, অনৈক্য হ।
Dífference, *s.* প্রভেদ, অনৈক্য।
Dífferent, *a.* ভিন্ন, পৃথক্, বিশেষ।
Dífficult, *a.* দুরূহ, দুষ্কর, কঠিন।
Dífficulty, *s.* কষ্টতা, কাঠিন্য, ক্লেশ।
Díffidence, *s.* অবিশ্বাস, সন্দেহ।
Díffident, *a.* মৃদু, সন্দেহযুক্ত, ভীরু।
Diffúse, *v.* ব্যাপ্ত ক, বিস্তার ক।
Diffúse, *a.* বিস্তারিত, ব্যাপ্ত; বহুল।
Diffúsion, *s.* বাহুল্য, বিস্তার করণ।
Diffúsive, *a.* ব্যাপন গুণবিশিষ্ট।
Dig, *v.* খনন ক, খুঁড়, কোঁড়।
Dígest, *s.* ব্যবস্থার সংহিতা, বিধিসার সংগ্রহ।
Digést, *v.* পাক ক; বর্গ বিলী ক; সার সংগ্রহ ক।
Digéstion, *s.* পাক; শ্রেণী করণ।
Dígit, *s.* একহইতে নয় পর্য্যন্ত অঙ্ক, বুরুল বা অঙ্গুষ্ঠের তিন অংশ; চন্দ্র বা সূর্য্যের ব্যাসের দ্বাদশাংশের একাংশ।
Dígitated, *a.* অঙ্গুলীবৎ।
Dígnify, *v.* গৌরবান্বিত ক, উন্নত ক।
Dígnitary, *s.* উচ্চপদস্থ পুরোহিত, উন্নত ব্যক্তি।
Dígnity, *s.* গৌরব, সম্ভ্রম, উচ্চপদ
Digréss, *v.* বাক্যান্তর কথ, বিচল।
Digréssion, *s.* বক্র গমন; বাক্যান্তর কথন, পাশ কথা।
Dike, *s.* পগার, আলি, জাঙ্গাল।
Dilapidátion, *s.* ভগ্ন হওন, ক্ষয়, নাশ।
Diláte, *v.* বিস্তারিত ক, প্রশস্ত ক।

Dílatory, *a.* দীর্ঘসূত্রী, অসত্বর, গৌণকারী। [জঞ্জাল।
Dilémma, *s.* দ্বিধা, বিকল্প, কুকাপ,
Díligence, *s.* মনোযোগ, পরিশ্রম।
Díligent, *a.* শ্রমী, উদ্যোগী, প্রয়াসী।
Dilúte, *v.* পাতলা ক, তরল ক। [স্পষ্ট।
Dim, *a.* ঝাপসা দৃষ্টি, ঘোর ২, অ-
Diménsion, *s.* পরিমাণ, পরিসর।
Dimínish, *v.* হ্রাস ক, ন্যূন ক।
Diminútion, *s.* হ্রাস, অল্পতা, ন্যূনতা।
Dimínutive, *a.* ক্ষুদ্র, খর্ব্ব, বেঁটিয়া।
Dímity, *s.* ডিমটিকাপড়, সূক্ষ্ম তুলাবস্ত্র
Dímple, *s.* চিবুক বা গালের টোল।
Din, *s.* নিনাদ, গোল, শব্দ, কোলাহল।
Díne, *v.* প্রধান ভোজন ক, মধ্যাহ্নে আহার ক।
Díngy, *a.* মাটিয়া বর্ণ, মৃৎবর্ণ।
Dínner, *s.* প্রধান ভোজন, মধ্যাহ্নে আহার। [শক্তি।
Dint, *s.* আঘাতদ্বারা টোল; বল,
Diócesan, *s.* প্রধান ধর্ম্মাধ্যক্ষ।
Díocese, *s.* ধর্ম্মাধ্যক্ষের অধিকার।
Dip, *v.* ডুবাইয়া দে, মগ্ন ক।
Díphthong, *s.* স্বরসন্ধি, দ্বিস্বর।
Diplóma, *s.* যোগ্যতার প্রমাণপত্র, সনন্দ। [দূত ব্যাপার।
Diplómacy, *s.* রাজ প্রতিনিধি কর্ম্ম,
Dire, *a.* দারুণ, ভয়ানক, ঘোর।
Diréct, *a.* সোজা, সরল, ঋজু; স্পষ্ট।
Diréct, *v.* লক্ষ্য ক; আজ্ঞা ক, পথ দেখা, শিক্ষা দে। [নামা; নিয়ম।
Diréction, *s.* আজ্ঞা; লক্ষ্য; শিরো-
Diréctly, *ad* এই ক্ষণে; সোজারূপে।

Diréctor, *s.* আজ্ঞাকর্ত্তা, শাস্তিদাতা; সম্পাদক; চিকিৎসার অস্ত্রবিশেষ।
Diréctory, *s.* পঞ্জিকা বিশেষ; প্রার্থনা পদ্ধতি।
Díreful, *a.* দারুণ, ভয়ানক।
Dirge, *s.* খেদোক্তি গান।
Dirk, *s.* ছোরা, ছুরিকা, যমধার।
Dirt, *s.* কর্দ্দম, কাদা, মল, পঙ্ক।
Dírty, *a.* অপরিষ্কার, ময়লা।
Dis-, ভিন্ন বা বিপরীতবোধক শব্দ।
Disabílity, *s.* অক্ষমতা, অসামর্থ্য; প্রতিবন্ধক।
Disáble, *v.* অক্ষম ক, অপারক ক।
Disabúse, *v.* ভ্রমহইতে মুক্ত ক।
Disadvántage, *s.* অপকার, ব্যাঘাত।
Disaffection, *s.* অকৌশল, অসন্তোষ, বৈরক্তি।
Disagrée, *v.* অনৈক্য হ, বিপরীত হ।
Disagreéable, *a.* অসন্তোষক, কুৎসিত; বিপরীত।
Dissallów, *v.* অস্বীকার ক, নিষেধ ক।
Disannúl, *v.* অন্যথা ক, রহিত ক।
Disappéar, *v.* অন্তর্দ্ধান হ, অদৃশ্য হ।
Disappóint, *v.* আশাভঙ্গ ক, বঞ্চিত ক
Disapprobátion, *s.* অসম্মতি, অতুষ্টি, নিন্দা।
Disapprόval, *.s* অসম্মতি, অস্বীকার।
Disapprόve, *v.* অসম্মত হ, অসন্তুষ্ট হ, ঘৃণা ক।
Disárm, *v.* নিরস্ত্র ক, অস্ত্ররহিত ক।
Disarránge, *v.* ব্যতিক্রম ক, ব্যত্যয় ক।
Disáster, *s.* বিপদ, আপদ, দুর্ঘটনা।
Disástrous, *a.* অমঙ্গল, অনিষ্ট।

Disavów, *v.* অপহ্নব ক, অস্বীকার ক।
Disavówal, *s.* অপহ্নব, অস্বীকার।
Disbánd, *v.* সৈন্যদল ভঙ্গ ক, ছাড়াইয়া দে।
Disbeliéf, *s.* অপ্রত্যয়, অনাস্থা।
Disbeliéve, *v.* অপ্রত্যয় ক, অশ্রদ্ধা ক।
Disbúrden, *v.* ভারহইতে মুক্ত ক।
Disbúrse, *v.* ব্যয় ক, খরচ ক।
Disbúrsement, *s.* ব্যয়, খরচ।
Discárd, *v.* কর্ম্মচ্যুত ক, পদচ্যুত ক।
Discérn, *v.* দর্শন ক, বুঝ, পরীক্ষা ক।
Discérning, *a.* বিজ্ঞ, সুবুদ্ধি, দূরদর্শী।
Discérnment, *s.* বুদ্ধি, বিবেচনা, পরীক্ষা। [পরিশোধ।
Discharge, *s.* নির্গত করণ, কর্ম্মচ্যুত;
Discharge, *v.* ভার রহিত ক, মুক্ত ক; নির্ব্বাহ ক।
Discíple, *s.* শিষ্য, ছাত্র, পড়ুয়া।
Disciplinárian, *s.* কঠিন শাসনকর্ত্তা।
Díscipline, *s.* শাসন, শিক্ষা, দণ্ড।
Discláim, *v.* অস্বীকার ক, অপহ্নব ক।
Disclóse, *v.* ব্যক্ত ক, প্রকাশ ক।
Disclósure, *s.* গুপ্ত বিষয় প্রকাশ।
Discólour, *v.* বিবর্ণ ক, মলিন ক।
Discómfit, *v.* পরাজয় ক, পরাস্ত ক।
Discómfiture, *s.* পরাভব, হারি।
Discómfort, *s.* অসুখ, উৎকণ্ঠা।
Discompóse, *v.* অস্থির ক, উত্ত্যক্ত ক।
Discompósure, *s.* বৈলক্ষণ্য, অস্থিরতা।
Disconcert, *v.* অপ্রস্তুত ক, অপ্রতিভ ক।
Disconnéct, *v.* অসংলগ্ন ক, পৃথক্ ক।
Discónsolate, *a.* বিষণ্ণ, নিরাশ, উদাস।
Discontént, *s.* অসন্তোষ, অতুষ্টি।
Discontínue, *v.* নিবৃত্তি ক, বিরত হ।
Discord, *s.* অনৈক্য, অমেল, বিরোধ।
Discórdant, *a.* অসঙ্গত, ব্যতিক্রান্ত।
Díscount, *s.* টাকার বাট্টা, ধরাট।
Discóuntenance, *v.* অনাদর ক, অননুগ্রহ ক; ভরসা হীন ক।
Discoúrage, *v.* ভগ্নাশ ক, উদ্যম ভঙ্গ ক, প্রতিকূল হ। [প্রবন্ধ।
Discoúrse, s. কথোপকথন, উপদেশ,
Discoúrteous, *a.* অশিষ্ট, অসভ্য।
Discóver, *v.* ব্যক্ত ক, সন্ধান পা।
Discóvery, *s.* সন্ধান, আবিষ্ক্রিয়া।
Discrédit, *s.* অপমান, অবিশ্বাস।
Discréditable, *a.* লজ্জাজনক, অমান্য।
Discréet, *a.* পরিণামদর্শী, প্রজ্ঞ।
Discréetly, *ad.* বিবেচনাপূর্ব্বক।
Discrépancy, *s.* বৈলক্ষণ্য, ব্যতিক্রম।
Discrétion, *s.* পরিণামদর্শিতা, সতর্কতা।
Discrétionary, *a.* স্বেচ্ছাধীন।
Discríminate, *v.* ভেদাভেদ ক, পৃথক্ ক। [বেচনা।
Discriminátion, *s.* প্রভেদ করণ; বি-
Discursion, *s.* ইতস্ততঃ ভ্রমণ, পর্য্যটন।
Discúrsive, *a.* ইতস্ততঃ ভ্রমণশীল, [চঞ্চল।
Díscus, *s.* চক্র, লোহার চক্র।
Discúss, *v.* বিচার ক, বিতণ্ডা ক।
Disdáin, *s.* হেয়জ্ঞান, তাচ্ছল্য।
Diséase, *s.* রোগ, পীড়া, ব্যামোহ।
Disembárk, *v.* নৌকাহইতে নাম।
Disembódied, *a.* দেহহীন, দলছাড়া।
Disembógue, *v.* সমুদ্রে নদী পড়।
Disembówel, *v.* অন্তর হইতে নির্গত ক।

Disencúmber, *v.* ভারহইতে মুক্ত ক, উদ্ধার ক।
Disengáge, *v.* মুক্ত ক, অব্যস্ত ক।
Disentángle, *v.* বন্ধনহইতে মুক্ত ক, নিরুৎপাত ক।
Disesteém, *s.* পরিহার, অবজ্ঞা।
Disfávour, *s.* অপ্রসন্নতা, নিগ্রহ।
Disfígure, *v.* বিমূর্ত্তি ক, বিরূপ ক।
Disfránchise, *v.* সামাজিক ক্ষমতা ভ্রষ্ট ক।
Disgórge, *v.* উদ্গার ক, বমন ক।
Disgráce, *s.* অপমান, অনাদর, অখ্যাতি।
Disguíse, *s.* ছদ্মবেশ, প্রচ্ছন্নবেশ।
Disgúst, *s.* অরুচি, বৈরক্তি, ঘৃণা।
Dish, *s.* ভোজনপাত্র, থালা।
Dishabílle, *s.* এলুয়া পরিচ্ছদ, নগ্নত্ব।
Dishéarten, *v.* মনোভগ্ন ক, নিরাশ ক
Dishével, *v.* কেশ মুক্ত ক, এলুয়া।
Dishónest, *a.* অসরল, প্রবঞ্চক, অযথার্থ।
Dishónesty, *s.* খলতা; অসরলতা।
Dishónour, *s.* অপমান, অসম্ভ্রম।
Dishónourable, *a.* অপমানক, হেয়।
Disinclinátion, *s.* অনিচ্ছা, বিমতি।
Disingénuous, *a.* কুটিল, অসরল।
Disinhérit, *v.* পৈত্রিক অধিকার রহিত ক।
Disintér, *v.* কবরহইতে নির্গত ক।
Disínterested, *a.* নির্লোভী, নিঃস্বার্থী।
Disjoín, *v.* বিয়োগ ক, বিচ্ছেদ ক।
Disjoínt, *v.* গ্রন্থিচ্যুত ক, অসন্ধি ক।
Disjúnction, *s.* অসন্ধি, পৃথক্ করণ।
Disjúnctive, *a.* বিচ্ছেদক, বিভেদক।
Disk, *s*, সূর্য্যাদির পরিবেশ; চক্র।
Dislíke, *s.* অরুচি, বৈরক্তি, ঘৃণা।
Díslocate, *v.* গ্রন্থিভগ্ন ক; স্থানান্তর ক।
Dislódge, *v.* নিঃসৃত ক, বহিষ্কৃত ক।
Dislóyal, *a.* প্রভুভক্তি বিহীন।
Dislóyalty, *s.* প্রভুভক্তি বিহীনতা।
Dísmal, *a.* খেদজনক, গ্লানিজনক, ভয়ানক।
Dismántle, *v.* বিবস্ত্র ক, অসজ্জ ক; [বিনাশ ক।
Dismást, *v.* মাস্তুল নষ্ট ক।
Dismáy, *s.* ভয়, শঙ্কা, ত্রাস, আতঙ্ক।
Dismémber, *v.* অঙ্গচ্ছেদন ক।
Dismíss, *v.* বিদায় ক; পদচ্যুত ক।
Dismíssal, Dismíssion, } *s.* বিদায়; পদচ্যুতি।
Dismoúnt, *v.* অবরোহণ ক, নাম।
Disobédience, *s.* আজ্ঞালঙ্ঘন, অবাধ্যতা।
Disobédient, *a.* আজ্ঞা ভঙ্গক, অবশ।
Disobéy, *v.* আজ্ঞালঙ্ঘন ক।
Disoblíge, *v.* অসন্তুষ্ট ক, অপকার ক।
Disoblíging, *a.* অনুপকারী, অসুশীল।
Disórder, *s.* গোলমাল, অক্রম; রোগ।
Disórganize, *v.* বিশৃঙ্খল ক।
Disówn, *v.* অস্বীকার ক, অপহ্নব ক।
Dispárage, *v.* তুলনাদ্বারা হতাদর ক, অপবাদ দে, অবজ্ঞা ক।
Dispáragement, *s.* নিন্দা, অপমান।
Dispárity, *s.* অসমানতা, অতুল্যতা।
Dispássionate, *a.* ধীর, স্থিরমনাঃ, নীরাগী, অপক্ষপাতী।
Dispatch, *s*, ত্বরা; শীঘ্র প্রেরিত পত্র।

Dispátch, *v.* ত্বরায় প্রেরণ ক; বধ ক।
Dispél, *v.* দূর ক, ঘুচা, মিটা।
Dispénsary, *s.* ঔষধালয়।
Dispensátion, *s.* বণ্টন; মনুষ্যের প্রতি ঈশ্বরের ব্যবহার।
Dispénse, *v.* বণ্টন ক, বিতরণ ক।
Dispéople, *v.* লোকশূন্য ক,উচ্ছিন্ন ক।
Dispérse, *v.* ছিন্নভিন্ন ক, ছড়া।
Dispírit, *v* নিরাশ ক, হতাশ ক।
Displáce, *v.* স্থানান্তর ক, পদচ্যুত ক।
Displáy, *v.* দর্শা, প্রকাশ ক, ধুমধাম ক
Displáy, *s.* দর্শান; ঐশ্বর্য্য, আড়ম্বর।
Displéase, *v.* অসন্তুষ্ট ক, বিরক্ত ক।
Displéasure, *s.* অসন্তোষ, ক্রোধ।
Dispórt, *s.* ক্রীড়া, কৌতুক, খেলা।
Dispósal, *s.* অধীন, অধিকার; নিরূপণ
Dispóse, *v.* ইচ্ছুক ক; সাজা, নিয়ম ক।
Dispóse of, *v.* বিক্রয় ক, দান ক।
Dispóser, *s.* বিতরণকর্ত্তা, পরিকল্পক, শাসনকর্ত্তা।
Disposítion, *s.* স্বভাব, ধারা, ইচ্ছা।
Dispossésss, *v.* অধিকারচ্যুত ক।
Dispropórtion, *s.* অসমানতা, অমেল।
Dispróve, *v.* অসাভ্যস্ত ক, প্রমাণ খণ্ড।
Dísputable, *a.* বিতণ্ডনীয়, বিচার্য্য।
Dísputant, *s.* বিবাদী, বিতণ্ডক।
Disputátion, *s.* বিতণ্ডা, বিবাদ।
Dispúte, *s.* বিবাদ, বিরোধ, ঝকড়া।
Disquálify, *v.* অযোগ্য ক, অক্ষম ক।
Disquíet, *v.* অস্থির ক, উদ্বিগ্ন ক।
Disquíetude, *s.* অস্থিরতা, উদ্বেগ।
Disquisítion, *s.* বাদানুবাদ, বিতর্ক।
Disregárd, *s.* অবজ্ঞা, উপেক্ষা।
Disrélish, *s.* অরুচি, বিস্বাদ, বিরাগ।
Disréputable, *a.* অপমানজনক, হেয়।
Disrepúte, *s.* অখ্যাতি, অপমান।
Disrespéct, *s.* অনাদর, অসম্ভ্রম।
Disrespéctful, *a.* অনাদরকারী, অসভ্য।
Disróbe, *v.* পরিচ্ছদ ত্যাগ ক, বিবস্ত্র ক।
Disrúption, *s.* বিভেদ, ভাঙ্গন।
Dissatisfáction, *s.* অসন্তোষ, অতৃপ্তি।
Disséct, *v.* অস্ত্রদ্বারা ব্যবচ্ছেদ ক।
Dissémble, *v.* কপটতা ক, ছল ক; গোপন ক।
Disséminate, *v.* ব্যাপ্ত ক, বপন ক।
Dissénsion, *s.* অনৈক্য, বিরোধ।
Dissént, *v.* বিবেচনাতে অনৈক্য হ, মতান্তর হ।
Dissertátion, *s.* ব্যাখ্যা, প্রবন্ধ, প্রসঙ্গ।
Disservice, *s.* অপকার, অনিষ্ট।
Dissever, *v.* দ্বিখণ্ড ক, বিয়োগ ক।
Dissímilar, *a.* অসদৃশ, অতুল্য।
Dissimilárity, *s.* অসাদৃশ্য, প্রভেদ।
Dissimulátion, *s.* কাপট্য, প্রতারণা।
Díssipate, *v.* ছড়া, উড়া, অপব্যয় ক।
Dissipátion, *s.* ছড়ান, অপব্যয়, লম্পটতা।
Díssolute, *a.* লম্পট, লোচ্চা, লট্টুয়া।
Dissolútion, *s.* দ্রবকরণ; নাশ, মরণ।
Dissólve, *v.* দ্রব ক; ভাঙ্গ, ভঞ্জন ক।
Dissólvent, *a.* দ্রবকারী, দ্রাবক।
Díssonance, *s.* স্বরের অমিলন, কার্কশ্য।
Díssonant, *a.* অমেল, কর্ক্কশ, কুশ্রাব্য।
Dissúade, *v.* কথাদ্বারা নিবৃত্ত করা।

Dissuásive, *a.* নিরস্তকারী, নিবর্ত্তক।
Dissy'llable, *s.* দ্ব্যক্ষর শব্দ।
Dístaff, *s.* পাঁইজ, সূত্র তর্কুটী।
Dístance, *s.* দূরত্ব, অন্তরত্ব।
Dístant, *a.* দূর, দূরস্থ; অনালাপী।
Distáste, *s.* অরুচি, বিতৃষ্ণা, বিরাগ।
Distémper, *s.* রোগ; কুস্বভাব।
Disténd, *v.* প্রস্থে বিস্তীর্ণ ক, প্রসার।
Disténsion, *s.* বিস্তীর্ণকরণ, প্রসারণ।
Dístich, *s.* দ্বিচরণ শ্লোক।
Distíl, *v.* চোয়া, ক্ষর, নিঃসর।
Distíllery, *s.* মদ্যের ভাটী।
Distínct, *a.* ভিন্ন, পৃথক্; স্পষ্ট।
Distínction, *s.* প্রভেদ; মর্য্যাদা।
Distínctive, *a.* প্রভেদসূচক।
Distínctly, *ad.* স্পষ্টরূপে,সবিশেষ।
Distínguish, *v.* ভেদাভেদ ক, চিন, নির্ণয় ক, সম্ভ্রান্ত ক।
Distínguished, *a.* মর্য্যাদাবান্, প্রসিদ্ধ
Distórt, *v.* মোচড়া,বিকৃত ক।
Distórtion, *s.* মোচড়ান; ব্যঙ্গ; বিকটাকার, প্রকৃতার্থের বৈলক্ষণ্য।
Distráct, *v.* বিরক্ত ক, উন্মত্ত ক।
Distrácted, *a.* ব্যাকুল, ক্ষিপ্ত, উন্মত্ত।
Distráin, *v.* ক্রোক ক,ধর,আটক ক।
Distráint, *s.* ক্রোক করণ, নিরোধ।
Distréss, *s.* দুঃখ, দুর্গতি; ক্রোক।
Distréss, *v.* দুঃখ দে, ক্লেশ দে।
Distréssing, *a.* দুঃখদায়ক, ক্লেশদ।
Distríbute, *v.* বিভাগ ক, অংশ ক।
Dístrict, *s.* চাকলা, প্রদেশ, পল্লী।
Distrúst, *s.* অপ্রত্যয়, অবিশ্বাস।
Distúrb, *v.* ব্যস্ত ক, এলোমেলো ক।
Distúrbance, *s.* গণ্ডগোল, কলহ,বৈরক্তি।
Disúnion,*s.*পার্থক্য,বিভেদ, অনৈক্য।
Disuníte, *v.* পৃথক্ ক, বিভিন্ন ক।
Disúse, *s.* অব্যবহার, নিবৃত্তি।
Ditch, *s.* গড়খাই, খাত, গর্ত্ত।
Ditto, *ad.* ঐ, তথা, সেই।
Ditty, *s.* সংক্ষেপ গীত, গান।
Diurètic, *a.* মূত্রোৎপাদক।
Diúrnal, *a.* দিনসম্বন্ধীয়, দৈনিক।
Diván, *s.* তুরুক দেশীয় রাজসভা।
Divárìcate, *v.* দ্বিভাগ ক, বিভক্ত হ।
Dive, *v.* ডুব দা, তলিয়া যা, মগ্ন হ।
Divérge, *v.* একস্থানহইতে প্রসার, বিকীর্ণ হ।
Dívers, *a.* নানা, বিবিধ, অনেক।
Díverse, *a.* প্রকারান্তর, বিভিন্ন।
Divérsion, *s.* ব্যতিক্রম, কৌতুক; ক্রীড়া, লীলা।
Divérsity, *s.* বিভিন্নতা, বৈজাত্য।
Divért, *v.* আমোদ ক, রহস্য ক; নিবৃত্ত ক, কোন পথহইতে অন্য দিগে ফির।
Divérting, *a.* রসিক, কৌতুকী।
Divést,*v.*উলঙ্গ ক, বিবস্ত্র ক; হরণ ক।
Divíde, *v.* বিভিন্ন ক, বিভাগ ক।
Dívidend, *s.* অংশ; অঙ্কহার্য্য; লভ্যাংশ।
Divinátion,*s.* ভবিষ্যৎ কথন,গণকতা।
Divíne, *v.* ভবিষ্যদ্বাক্য কহ, অনুমান ক।
Divíne, *a.* পারমার্থিক ঐশ্বরীয়।
Divíne, *s.* ধর্ম্মশাস্ত্রজ্ঞ, পুরোহিত।

Divínity, *s.* ঈশ্বরত্ব ; ঐশ্বরিক বিদ্যা।
Divísible, *a.* বিভাজ্য, অংশনীয়।
Divísion, *s.* ভাগ, অঙ্ক হরণ,বিচ্ছেদ।
Divísor, *s.* অঙ্কহারক।
Divórce, *s.* স্ত্রীপুরুষের বিবাহ বন্ধন হইতে মুক্ত হওন।
Divúlge, *v.* ব্যক্ত ক, প্রচার ক।
Dizzy, *a.* ঘূর্ণিত, ঘূর্ণায়মাণ।
Do *v.* কর, সম্পন্ন ক, নির্ব্বাহ ক।
Dócile, *a.* বশ্য, নম্র, মেধাবী।
Docílity, *s.* নম্রতা, বশ্যতা, শিক্ষা-শীলতা, মেধা।
Dock, *s.* জাহাজ নির্ম্মাণ স্থান, গুদি।
Dock,*v.* ছেদ,কর্ত্ত,লাঙ্গূল কাট ; নৌকা নির্ম্মাণ স্থানে নিবেশ ক।
Dócket, *s.* গাঁইটের শিরোনামা; বিস্তারিত লেখার সংক্ষেপ।
Dóctor, *s.* চিকিৎসক, বৈদ্য ; পারমার্থিক, স্মৃতি, বৈদ্যক, এই তিন বিষয়ক বিদ্যাতে যে ব্যক্তি সর্ব্বশ্রেষ্ঠ উপাধি প্রাপ্ত হইয়াছে।
Dóctrine, *s.* মত, শিক্ষা, উপদেশ।
Dócument, *s.* নিদর্শনপত্র, লিপি।
Dodge,, *v.* প্রতারণা ক, ফাঁকি দিয়া বা পলাইয়া ফির।
Doe, *s.* হরিণী, মৃগী।
Dóer, *s.* কর্ম্মকারক, কর্ম্মকর্ত্তা।
Doff, *v.* বস্ত্র ত্যাগ ক ; গৌণ ক।
Dog, *s.* কুক্কুর, কুর্ত্তা, শ্বা।
Dog, *v.* পশ্চাৎ ২ গমন ক।
Dógdays, *s.* ২৮ শ্রাবণ অবধি ২৮ ভাদ্র পর্য্যন্ত কাল।
Dógged, *a.* একগুঁয়া, উগ্র, ক্রোধী।
Dóggerel, *s.* কুৎসিত কবিতা। [য়ম।
Dógma, *s.* কোন মতের মূল কথা, নি-
Dogmátical, *a.* নিশ্চয়ার্থ, স্বমতাভিমানী।
Dóings, *s.* ব্যাপার, ক্রিয়া, কার্য্য।
Dóle, *v.* বিতরণ ক, অল্পদান ক।
Dóleful, *a.* শোকান্বিত, বিষাদজনক।
Doll, *s.* পুত্তলিকা, পুতুল, দারুক।
Dóllar, *s.* রৌপ্য মুদ্রা বিশেষ।
Dólour, *s.* শোক, বিলাপ, দুঃখ।
Dólphin, *s.* সামুদ্রিক মৎস্য বিশেষ।
Dolt, *s.* নির্ব্বোধ, মূর্খ, বোকা।
Domáin, *s.* ভূম্যধিকার, রাজত্ব।
Dome, *s.* ছাতের চূড়া, গুম্বেজ।
Doméstic, *s.* ঘরের চাকর, ভৃত্য।
Doméstic, *a.* গৃহ সম্বন্ধীয়,স্বদেশীয়।
Domésticate, *v.* ঘরপোষা ক।
Dómicile *s.* ঘর, বাটী, বাসস্থান।
Dóminant, *a.* প্রভুত্ববান, প্রধান।
Dominátion, *s.* পরাক্রম, প্রভুত্ব।
Dominéer, *v.* দম্ভপূর্ব্বক কর্ত্তৃত্ব ক।
Domínical, *a.*রবিবার সম্বন্ধীয়।
Domínion, *s.* রাজত্ব, অধিকার।
Donátion, *s.* দান, প্রদান,পুরস্কার।
Dónative, *s.* দান, পারিতোষিক।
Dónjon, *s.* দুর্গমধ্যস্থ কারাগার।
Dónor, *s.* দাতা, দায়ক, দানকর্ত্তা।
Doom, *s.* দণ্ডাজ্ঞা; অদৃষ্ট ; প্রলয়।
Doómsday, *s.* পরলোকে বিচারের
Door, *s.* দ্বার, প্রবেশের পথ। [দিন।
Doórkeeper, *s.* দ্বারপাল,দৌবারিক।
Dórmant, *a.* নিদ্রিত, অপ্রকাশ।
Dórmitory, *s.* শয়নাগার;কবরস্থান।

Dórsal, *a.* পৃষ্ঠদেশস্থ।
Dose, *s.* ঔষধের মাত্রা বা মোড়ক।
Dot, *s.* বিন্দু, খুঁটনি। [অত্যন্ত স্নেহ।
Dótage, *s.* বার্দ্ধক্য প্রযুক্ত হতবুদ্ধিতা;
Dótard, *s.* বার্দ্ধক্যপ্রযুক্ত যাহার হতবুদ্ধি হইয়াছে; প্রেমে মুগ্ধ।
Dote, *v.* অপরিমিত প্রেম ক।
Doúble, *a.* দোহারা, দ্বিগুণ, মোড়া।
Doúble, *v.* দ্বিগুণ ক, দোমড়া।
Double-déaling, *s.* কাপট্য, খলতা।
Doúblet, *s.* অঙ্গরাখা বিশেষ; যুগ্ম।
Doubt, *s.* সন্দেহ, সংশয়, দ্বিধা।
Doúbtful, *a.* সন্দিগ্ধ, অনিশ্চিত।
Doúbtless, *a.* নিঃসন্দেহ, অবশ্য।
Douceúr, *s.* পারিতোষিক, উৎকোচ।
Dough, *s.* ছানা ময়দা।
Doúghty, *a.* বীর, বিক্রমী,সাহসী।
Dove, *s.* কপোত, ঘুঘু।
Dóvetail,*v.*ফিঙ্গা যোড় দে,গুন্থন ক।
Dówager, *s.* মৃত স্বামীর ধন ভাগিনী বিধবা।
Dówdy, *a.* কুরূপা, কুৎসিত বেশা।
Down, *s.* মাঠ; নবীন পালখ।
Down, *pr.* নীচে, অধঃ।
Dówncast, *a.* অধোমুখ, বিষণ্ণ।
Dównfall, *s.* অধঃপতন, নিপাত।
Dównright, *a.* স্পষ্ট,প্রকৃত, নিতান্ত।
Dównward, *ad.* অধোদিগে।
Dówny, *a.* নবীন পালখ বিশিষ্ট।
Dówry, *s.* যৌতুক, স্ত্রীধন, পণ।
Dóxy, *s.* বেশ্যা, বারস্ত্রী, বারবধূ।
Doze, *v.* ঝিমা, তন্দ্রা যা, ঢুল, অবসন্ন হ।
Dózen, *s.* দ্বাদশ, বারো।

Drab, *s.* বারাঙ্গনা; কপিশ বস্ত্র বিশেষ।
Drab, *a.* পিঙ্গলবর্ণ, তাম্রবর্ণ।
Draft, *s.* টাকার চিঠী, হুণ্ডী।
Drag, *v.* হিঁচড়িয়া টান, আকর্ষণ ক।
Drággle, *v.* মৃত্তিকায় টানিয়া ময়লা ক
Drágon, *s.* পক্ষবিশিষ্ট কল্পিত সর্প, নাগ।
Drágonfly, *s.* ঝিল্লী, ঝিঁঝিপোকা।
Dragóon, *s.* অশ্বারূঢ় সেনা।
Drain, *v.* নালা, নর্দ্দমা, পয়নালা।
Drain, *v.* নালাদ্বারা জল বাহির ক, নীরস ক।
Drake, *s.* পাতিহাঁস, পুংহংস।
Dram, *s.* পরিমাণ বিশেষ; ঢোঁক; সুরামাত্রা।
Dráma, *s.* যাত্রা, নাটক, কাব্য। [স্রষ্টা।
Drámatist, *s.* নাটক কর্ত্তা, কাব্যশা-
Dráper, *s.* বস্ত্রবিক্রেতা, কাপড়িয়া।
Drápery, *s.* বস্ত্র, বস্ত্র ব্যবসায়; ছবির পরিচ্ছদ।
Draught, *s.* পান করণ, ঢোঁক, টান, এক ছাঁকে ধৃত মৎস্য; নৌকা যত জলে চলে তাহার পরিমাণ; পাণ্ডুলেখ্য।
Draughts, *s.* বড়িয়া খেলা বিশেষ।
Draúghtsman, *s.* চিত্রকর,লিপিকর।
Draw, *v.* আকর্ষণ ক; ছবি তোল।
Dráwback, *s.* প্রতিদান, ফিরত।
Dráwbridge, *s.* তোলা সাঁকো।
Dráwer, *s.* আকর্ষক; হুণ্ডী কাটে যে; দেরাজ, দ্রাজ।
Dráwers, *s.* পাজামা, ইজার।
Dráwing, *s.* চিত্র, ছবি, পট।

Drawl, *v.* ধীরে ২ কথ।
Dray, *s.* মদ্যবাহক গাড়ী।
Dread, *s.* শঙ্কা, আশঙ্কা, ত্রাস, ভয়।
Dréadful, *a.* ভয়ঙ্কর, ভয়ানক, ভীম।
Dream, *s.* স্বপ্ন, নিদ্রাকালীন দর্শন; বৃথা বাসনা।
Dréary, *a.* অরণ্যবৎ, ত্রাসজনক।
Dredge, *s.* কস্তুরা ধরিবার জাল; মিশ্রিত শস্য।
Dregs, *s.* গাদ, কাইট, মলা, শিটা।
Drench, *v.* সিক্ত ক; ঔষধ খাওয়া।
Dress, *s.* পরিধেয় বস্ত্র, পরিচ্ছদ।
Dress, *v.* বস্ত্রপরিধান ক; পাক ক।
Dríblet, *s.* অল্প ২, কিঞ্চিৎ, ক্ষুদ্রাংশ।
Dríer, *s.* শুষ্ককারক, শোষক।
Drift, *s.* অভিপ্রায়; বায়ুর গতি, বায়ুর দ্বারা রাশীকৃত বস্তু।
Drift, *v.* ঠেলিয়া দে, বহিয়া যা।
Drill, *s.* সৈন্যের শিক্ষা; তুরপণ।
Drink, *v.* পান ক।
Drink, *v.* পানীয় দ্রব্য; ঢোঁক।
Drip, *v.* ফোঁটা২ পড়, বিন্দু ২ পত।
Drípping, *s.* দগ্ধমাংসের মেধ যাহা বিন্দু ২ করিয়া ক্ষরণ হয়।
Drive, *v.* চালা, হাঁকা, তাড়া।
Drível, *v.* লাল ফেল, ছেপ ফেল।
Dríveller, *s.* উন্মত্ত, নির্ব্বোধ, পাগল।
Dríver, *s.* সারথি, গাড়োয়ান, চালক।
Drízzle, *v.* গুঁড়নি বৃষ্টি পত।
Droll, *a.* তামসিক, রসিক, উচ্চন্ড।
Dróllery, *s.* বিদ্রূপ, পরিহাস, ব্যঙ্গ।
Drómedary, *s.* উষ্ট্র বিশেষ, সাঁড়নী।
Drone, *s.* অকর্ম্মণ্য পুং মধুমক্ষিকা।
Droop, *v.* আমরিয়া পড়, ম্লান হ, মূর্চ্ছিত হ।
[পরিহিত হীরক।
Drop, *s.* বিন্দু, ফোঁটা, পৃষৎ; কর্ণে
Drop, *v.* বিন্দু ২ পড়, পড়িতে দে, ত্যাগ ক।
Drópsy, *s.* জলোদরী রোগ, শোথ বিশেষ।
Dross, *s.* ধাতুর খাইদ, গাদ, মলা।
Drought, *s.* অনাবৃষ্টি; তৃষ্ণা।
Drove, *s.* পশ্বাদির পাল, ভিড়।
Dróver, *s.* রাখাল, পশুব্যবসায়ী।
Drown, *v.* জলে ডুবিয়া মর, মগ্ন ক।
Drówsiness, *s.* নিদ্রাকর্ষণ, ঝিমনি।
Drówsy, *a.* নিদ্রাক্রান্ত, নিদ্রালু।
Drub, *v.* মুষ্ট্যাঘাত ক, কীলা।
Drúbbing, *s.* প্রহার, মারণ, কীলন।
Drudge, *v.* নীচকর্ম্ম ক, দাসত্ব ক।
Drúdgery, *s.* নীচকর্ম্ম; দাসত্ব। [ব্য।
Drug, *s.* ঔষধ, ভেষজ; মূল্য হীন দ্র-
Drúggist, *s.* পসারী, গন্ধবণিক্।
Drúid, *s.* পূর্ব্বকালীন বৃটানদের পুরোহিত।
Drum, *s.* জয়ঢাক, ঢক্কা, ঢোল।
Drúmmer, *s.* ঢাকী, ঢেঁড়রিয়া।
Drúmstick, *s.* ঢাকের কাঠী।
Drúnk, *a.* মত্ত, মাতাল, বিহ্বল।
Drúnkard, *s.* মদ্যপায়ী, মাতাল।
Drúnkenness, *s.* মাতলামী, মত্ততা।
Dry, *a.* শুষ্ক, নীরস; নির্জল, অনাবৃষ্টি; পিপাসু, তৃষিত; মরু।
Dúal, *a.* দ্বিবচন, দ্বিসংখ্যক।
Dub, *v.* বিশেষ উপাধি দে।
Dúbious, *a.* সন্দেহ বিশিষ্ট, সন্দিগ্ধ।

Dúcal, *a.* ডুকনামক কুলীন পদবী সম্বন্ধীয়।
Dúcat, *s.* মুদ্রা বিশেষ রৌপ্য হইলে যাহার ২।০ স্বর্ণ হইলে ৪৸০ মূল্য হয়
Dúchy, *s.* ড্যুকের ভূম্যধিকার।
Duck, *v.* জলে মগ্ন ক, ডুবা, বুড়া।
Duck, *s.* পাতিহাঁস; স্নেহ বাক্য।
Dúckling, *s.* পাতিহাঁসের শাবক।
Duct, *s.* পথ, প্রণালী, নালা।
Dúctile, *a.* নমনীয়, বিস্তারণীয়।
Ductílity, *s.* নমনীয়তা, বশতা।
Dúdgeon, *s.* ক্রোধ, অভিমান।
Due, *s.* রাজকর, মাশুল, শুল্ক।
Due, *a.* পাওনা, আদেয়; উপযুক্ত।
Dúel, *s.* দুই জনে পরস্পর যুদ্ধ।
Dúellist, *s.* পরস্পর যুদ্ধকারী।
Duénna, *s.* গৃহিণী, রক্ষিকা।
Duét, *s.* দুই জনে মিলিয়া গান।
Dug, *s.* পশুর স্তন, কুচ, মাঁই।
Duke, *s.* কুলীনের উপাধি বিশেষ।
Dúkedom, *s.* উক্ত কুলীনের অধিকার।
Dúlcet, *a.* সুশ্রাব্য, মিষ্ট, মধুর।
Dúlcimer, *s.* বাদ্য যন্ত্রবিশেষ, তান্‌পূরা
Dull, *a.* স্থূলবুদ্ধি, ভোঁতা; বিষণ্ণ।
Dúly, *ad.* উপযুক্তরূপে, যথাযোগ্য।
Dumb, *a.* বোবা, গোঙ্গা, মূক, অবাক।
Dúmpling, *s.* গোলাকৃতি পিষ্টক।
Dumps, *s.* বিষাদ, উৎকণ্ঠা, উদ্বেগ।
Dun, *v.* উত্তেজনা ক, ধর্ণা দে, অতিশয় প্রার্থনাপূর্ব্বক ঋণ দান প্রার্থনা ক।
Dun, *s.* ঋণ দানার্থ উত্তেজনাকারক, টাকা পাইবার নিমিত্ত ধর্ণাদায়ক।
Dun, *a.* পিঙ্গলবর্ণ, তাম্রবর্ণ।
Dunce, *s.* দুর্ম্মেধাবী, নির্ব্বোধ, মূর্খ।
Dung, *s.* গোবর, সারমাটি, বিষ্ঠা।
Dúngeon, *s.* কারাগার, পাতালঘর।
Dúnghill, *s.* সারকুড়, সারের ঢিবী।
Duodécimo, *s.* বার ওরকি ফর্দ্দের পুস্তকের পরিমাণ।
Dupe, *s.* প্রতারিত, আশুপ্রত্যয়ী।
Dupe, *v.* প্রবঞ্চনা ক, ভোগা দে।
Dúplicate, *s.* দ্বিতীয়, দোকর।
Duplícity, *s.* চাতুরী, প্রবঞ্চনা, খলতা।
Dúrable, *a.* বহুকালস্থায়ী, শক্ত।
Durabílity, *s.* বহুকাল স্থায়িত্ব, অক্ষয়তা।
Dúrance, *a.* কারাবদ্ধাবস্থা, আটক।
Durátion, *a.* স্থায়িত্ব, স্থিতি, টেঁকন।
Dúring, *pr.* কালব্যাপিয়া, যাবৎ।
Dusk, *s.* গোধূলি সময়, ঈষদন্ধকার।
Dúsky, *a.* নিষ্প্রভ, তিমিরবৎ, ঝাপ্সা বিশিষ্ট।
Dust, *s.* ধূলা, রেণু; নীচ অবস্থা।
Dust, *v.* ধূলা ঝাড়, পুঁচ।
Dúster, *s.* ঝাড়ন, মার্জ্জনী, গামচা।
Dútiful, *a.* আজ্ঞাবহ, আজ্ঞাধীন, ভক্ত।
Dúty, *s.* কর্ত্তব্যকর্ম্ম, ধর্ম্ম; শুল্ক।
Dwarf, *v.* বামন, বাউনিয়া, অতুঙ্গ।
Dwárfish, *a.* খর্ব্ব, খাট, বেঁটিয়া।
Dwell, *v.* বাস ক, থাক; বহুকাল পর্য্যন্ত বক্তৃতা ক।
Dwélling, *s.* বাসস্থান, বাটী, ঘর।
Dwíndle, *v.* হ্রাস পা, ক্ষয় হ।
Dye, *v.* রঙ্গ ক, ছোপা।
Dy'nasty, *s.* রাজবংশ, রাজকুল।

Dy'sentery, *s.* অতিসার, উদরাময়।
Dy'spepsy, *s.* মন্দাগ্নি, অপাক।

E

Each, *p.* প্রত্যেক, এক এক।
Eáger, *a.* ব্যগ্র, উগ্র,উদ্‌যুক্ত,উৎসুক।
Eágle, *s.* উৎক্রোশ পক্ষী।
Eáglet, *a.* উৎক্রোশ পক্ষীশাবক।
Ear, *s.* কর্ণ, কাণ; শস্যের শীষ।
Earl,*s.*কুলীন পদবীবিশেষ। [ধিকার।
Eárldom, *s.* উক্ত পদবীরপদ বা অ-
Eárly, *ad.* সকালে, অরায়, অগ্রে।
Earn, *v.* উপার্জ্জন ক, লাভ ক, পরি-
শ্রমের বেতন প্রাপ।
Eárnest, *a.* নিতান্ত উদ্‌যুক্ত, উৎসুক।
Eárnest,*s.* গাম্ভীর্য্য,যাথার্থ্য; বায়না।
Eárnestly, *ad.* যত্নপূর্ব্বক,ব্যগ্রুরূপে,
সচেষ্ট। [জগার।
Eárnings, *s.* উপার্জ্জিত টাকা, রো-
Eár-ring, *s.* কুণ্ডল, ঝুম্‌কা,কর্ণভূষণ।
Earth, *s.* মৃত্তিকা; পৃথিবী, ভূমি।
Eárthen, *a.* মৃণ্ময়, মৃত্তিকানির্ম্মিত।
Eárthly,*a.*পার্থিব,ঐহিক,সাংসারিক।
Eárthquake, *s.* ভূমিকম্প, ভূকম্প।
Eárwig,*s.*কাণকোটারী, কীট বিশেষ।
Ease, *s.* শান্তি, বিশ্রাম, অনায়াস।
Eásel,*s.*ছবি করণের আধারবাঠাট।
Eásily,*ad.*অনায়াসে,অকষ্টে,সহজে।
East, *s.* পূর্ব্বদিক্। [স্মরণার্থে পর্ব্ব।
Eáster, *s.* যীশু খ্রীষ্টের পুনরুত্থান
Eásterly, *a.* পূর্ব্ব, পূর্ব্বদিগের।
Eástern, *a.* পূর্ব্বীয়, পূর্ব্বদিক্‌স্থ।
Eástward,*ad.*পূর্ব্বদিগে,পূর্ব্বাভিমুখে
Eásy, *a.* শান্ত সহজ,অনায়াস,সুকর।
Eat, *v.* ভোজন ক,আহার ক; ক্ষয় ক।
Eaves, *s.* ঘরের ছাঁইচ, পরছতী।
Eávesdropper, *s.* কাণাড়ি পাড়া, গো-
পনে শ্রোতা।
Ebb, *s.* ভাটা, জলহ্রাস, ক্ষয়, হ্রাস।
E'bony, *s.* আবলুস কাষ্ঠ, কেন্দু।
Ebullítion, *s.* উথলিয়া উঠন,উপচন।
Eccéntric, *a.* বক্রগামী,মধ্যবিভেদী;
নিয়ম বহির্ভূত।
Eccentrícity, *s.* মধ্যহইতে অপগ-
মন; নিয়মের বৈলক্ষণ্যতা।
Ecclesiástic,*s.* ধর্ম্মোপদেশক,যাজক।
Ecclesiástical,*a.* যাজক পদসম্বন্ধীয়।
E'cho, *s.* প্রতিধ্বনি, প্রত্যাগত শব্দ।
Eclát, *s.* শোভা, প্রভা; যশ, খ্যাতি।
Ecléctic, *a.* মনোনীতকারী, চুনিয়া।
Eclípse, *s.* চন্দ্রাদি গ্রহণ, অন্ধকার।
Eclípse, *v.* আবৃত ক, আচ্ছন্ন ক।
Eclíptic, *s.* রাশিচক্রের মধ্যরেখা।
E'clogue, *s.*মেষাদিপালবিষয়কগীত।
Económical, *a.* পরিমিত ব্যয়ী।
Ecónomist, *s.* পরিমিতব্যয়কারী।
Ecónomy,*s.* পরিমিত ব্যয়; গৃহধর্ম্ম,
কর্ম্মাদির নিয়ম।
E'cstasy, *s.* অত্যন্ত আনন্দ, মোহ।
Ecstátic, *a.* অত্যন্ত আহ্লাদজনক।
Edge, *s.* ধার, কূল, প্রান্তভাগ।
E'dging, *s.* ঝালর, বস্ত্রের ফুঁপি।
E'dible, *a.* খাদ্য, ভক্ষ্য, ভক্ষণীয়।
E'dict, *s.* রাজাজ্ঞা, প্রচারিত আদেশ।
Edificátion, *s.* শিক্ষা, উপদেশ,নিষ্ঠা;
উদ্‌গ্রন্থন।

E′difice, *s.* অট্টালিকা, প্রাসাদ।
E′dify, *v.* শিক্ষা দে, নিষ্ঠা ক।
E′dit, *v.* গ্রন্থসম্পাদন ক।
Edítion, *s.* এক কালে যত গ্রন্থ ছাপা হয়। [স্পাদক।
E′ditor, *s.* গ্রন্থ বা সমাচার পত্র স-
E′ducate, *v.* শিক্ষা করা, পালন ক।
Educátion, *s.* শিক্ষা, প্রতিপালন।
Edúce, *v.* নির্গত ক, দৃষ্টিগোচরে আনয়ন ক।
Eel, *s.* বাইন মৎস্য, কুঁচিয়া।
Effáce, *v.* মুছিয়া ফেল, লুপ্ত ক।
Efféct, *v.* সম্পন্ন ক, সিদ্ধ ক, সাধ।
Efféct, *s.* কর্ম্মের ফল, অর্থসিদ্ধি।
Efféctive, *a.* সফল, কর্ম্মণ্য, সিদ্ধার্থক।
Efficts, *s.* মাল, অস্থাবর ধন।
Efféctual, *a.* ফলদায়ক, গুণকারক।
Efféctually, *ad.* সম্পূর্ণরূপে, সার্থে, ফলোৎপাদন পূর্ব্বক।
Efféminacy, *s.* স্ত্রীবত্তা, মেইয়ামী।
Efféminate, *a.* স্ত্রীবৎ, মেইয়ালী।
Effervésce, *v.* তেজেতে উথলিয়া উঠ।
Effervéscence, s. উথলিয়া উঠন।
Efféte, *a.* বন্ধ্যা, নিষ্ফল, জরা, শক্তিবর্জ্জিত। [কারী।
Efficácious, *a.* সফল, অমোঘ, গুণ-
E′fficacy, *s.* ফলদায়ক শক্তি, গুণ।
Efficiency, *s.* কার্য্যকারিত্ব, সাফল্য।
Efficient, *a.* ফলদায়ক, কর্ম্মণ্য।
E′ffigy, *s.* প্রতিমূর্ত্তি, প্রতিমা।
Efflorescence, *s.* পুষ্পোৎপত্তি।
Efflúvium, *s.* উদ্গত সগন্ধ বাষ্প।
E′ffort, *s.* উদ্যম, উদ্যোগ, যত্ন, চেষ্টা।

Effróntery, *s.* নির্লজ্জতা, প্রগল্ভতা।
Effúlgence, *s.* উজ্জ্বলতা, দীপ্তি।
Effúlgent, *a.* উজ্জ্বল, দীপ্তিমান।
Effúsion, *s.* ঢালন, ঝরণ, পতন।
Egg, *s.* অণ্ড, ডিম, ডিম্ব, বয়দা।
Egg, *v.* উত্তেজনা ক, উস্কা, চিয়া।
E′gotism, *s.* আত্মশ্লাঘা, অহমিকা।
E′gotist, *s.* আত্মশ্লাঘী, অহঙ্কারী।
Egrégious, *a.* অসঙ্গত, আশ্চর্য্য, অতি মন্দ।
E′gress, *s.* বহির্গমন, নির্গমন।
Eight, *a.* অষ্ট, আট।
Eíghty, *a.* আশী, অশীতি। [তর।
Eíther, *p.* দুইয়ের মধ্যে এক, অন্য-
Ejáculate, *v.* নিক্ষেপ ক, প্রক্ষেপ ক।
Ejaculátion, *s.* হঠাৎ উক্তি, লঘু প্রার্থনা। [লিয়া দে, ছাড়।
Ejéct, *v.* নির্গত ক, উদগীরণ ক, ফে-
Eke, *v.* বৃদ্ধি ক, পূর্ণ ক, বড় ক।
Elábórate, *a.* শ্রমেতে সম্পন্ন।
Elábórate, *v.* শ্রমেতে সম্পন্ন ক।
Elápse, *v.* গত হ, অতীত হ, সর।
Elástic, *a.* স্থিতিস্থাপক, যাহা টানিলে বাড়ে এবং ছাড়িয়া দিলে সঙ্কুচিত হয়। [তি প্রাপকতা।
Elastícity, *s.* স্থিতিস্থাপকতা, প্রকৃ-
Eláte, *v.* প্রফুল্লচিত্ত ক, উল্লাসিত ক।
E′lbow, *s.* কফোণি, কণুই, কূর্পর।
E′lder, *a.* জ্যেষ্ঠ, বয়োধিক, প্রাচীন।
E′lderly, *a* বয়োধিক, বৃদ্ধ।
E′ldest, *a.* সর্ব্বজ্যেষ্ঠ, প্রথমজাত।
Eléct, *a.* মনোনীত, গ্রাহ্য, বাছা।
Eléct, *v.* মনোনীত ক, বাছাই ক।

Eléction, *s.* মনোনীত করণ, বাছন।
Eléctrícity, *s.* বিদ্যুতীয় ধর্ম্ম।
Eléctrify, *v.* বিদ্যুতের গুণবিশিষ্ট ক।
Eléctuary, *s.* ঔষধ বিশেষ, গুড়ক।
Eleemósynary, *a.* ভিক্ষাদান সম্বন্ধীয়।
E'legance, *s.* সৌন্দর্য্য, শোভা।
E'legant, *a.* অতিসুন্দর, সুশ্রী, ঠাম।
E'legy, *s.* খেদোক্তি সম্বন্ধীয় গীত।
Eleméntary, *a.* ভৌতিক, অমিশ্রিত।
E'lements, *s.* পঞ্চভূত; মূলবস্তু; বিশেষ বাসস্থান যথা মৎস্যের বাসস্থান জল।
E'lephant, *s.* হস্তী, গজ, করী, কুঞ্জর।
Elephantíasis, *s.* গোদ, শ্লীপদরোগ।
E'levate, *v.* উচ্চ ক, উন্নত ক।
Elevátion, *s.* উঠন, উচ্চতা, উন্নতি।
Eléven, *v.* এগার, একাদশ।
Elf, *s.* কাল্পনিক দৈত্য, প্রেত।
Elícit, *v.* যত্নদ্বারা উৎপন্ন ক; নির্গত ক, সুপ্রকাশ ক। [উপযুক্ত।
E'ligible, *a.* বরণীয়, মননীয়, ইষ্ট,
Elísion, *s.* ছিন্ন করণ; কোন শব্দ উচ্চারণ করণ সময়ে শেষস্থ কতক অক্ষর ত্যাগ করিয়া সংক্ষেপে উচ্চারণ করণ। [বা রস।
Elíxir, *s.* ঔষধ, কোন দ্রব্যের ক্বাথ
Ell, *s.* বস্ত্রের ১।॰ সওয়াগজ পরিমাণ। [বাক্য।
Ellípsis, *s.* অণ্ডাকৃতি; লক্ষণা, উহ্য
Ellíptical, *a.* অণ্ডাকৃত; লক্ষিত, উহ্য।
Elocútion, *s.* কথকতা, বাক্পটুতা।
Elòngate, *v.* দীর্ঘ ক, লম্বা ক।
Elópe, *v.* পলায়ন ক, চম্পট ক।
E'loquence, *a.* বাক্পটুতা, সদ্বক্তৃতা।
E'loquent, *a.* বাক্পটু, সদ্বক্তা, বাগ্মী।
Else, *ad.* নতুবা, অন্য, এতদ্ভিন্ন, আর।
Elsewhére, *ad.* অন্যত্র, স্থানান্তরে।
Elúcidate, *v.* অর্থপ্রকাশ ক, স্পষ্ট ক।
Elúde, *v.* এড়াইয়া যা, ছলের দ্বারা পলায়ন ক।
Elýsian, *a.* স্বর্গীয়, মনোহর, সুখদ।
Elýsium, *s.* স্বর্গ, বৈকুণ্ঠ, সুখদ স্থান।
Emáciated, *a.* ক্ষীণ, শীর্ণ, কৃশ, রুগ্ন।
E'manate, *v.* নির্গত হ, নিঃসৃত হ।
Emanátion, *s.* নির্গমন, নিঃসরণ।
Emáncipate, *v.* দাসত্বহইতে মুক্ত ক।
Emásculate, *v.* অণ্ডচ্ছেদন ক, নপুংসক ক। [তাহা সুগন্ধি দ্রব্যযুক্ত ক।
Embálm, *v.* শব পচিয়া না যায় এজন্য
Embánkment, *s.* জাঙ্গাল বন্ধী।
Embárgo, *v.* জাহাজ গমনাগমন আটক করণ।
Embárk, *v.* জাহাজে আরোহণ ক।
Embárrass, *v.* অপ্রতিভ ক, দুঃখ দে, লেঠায় ফেল।
Embárrassment, *s.* লেঠা, ঝঞ্ঝাট।
E'mbassy, *s.* দূতকর্ম্ম, দৌত্যকর্ম্ম।
Embéllish, *v.* সুশোভিত ক, ভূষিত ক।
Embéllishment, *s.* ভূষণ, সজ্জা।
E'mbers, *s.* জ্বলৎ অঙ্গার।
Embézzle, *v.* বিশ্বস্ত ধন হরণ ক, গচ্ছিত ধন চুরি ক।
E'mblem, *s.* প্রতিরূপ, চিত্র, চিহ্ন।
Emblemátic, *a.* প্রাতিরূপ্য, নিদর্শনীয়
Embódy, *v.* দেহবিশিষ্ট ক, একত্র ক।
Embólden, *v.* সাহস দে, আশ্বাস দে।

Embòss, *v.* বস্ত্রাদিতে বুটা দেওন দ্বারা শোভা ক, জড়াও কর্ম্ম ক।
Embówel, *v.* নাড়িভুঁড়ি বাহির ক, পোত। [কার ক।
Embráce, *v.* কোলাকোলি ক; স্বী-
Embráce, *s.* আলিঙ্গন,কোলাকোলি।
Embrásure, *s.* দুর্গ প্রাচীরে কামান ছুঁড়িবার ছিদ্র। [ধ।
Embrocátion, *s.* গাত্রে মর্দ্দনীয় ঔষ-
Embroíder, *v.* বস্ত্রে জড়াও কর্ম্ম ক।
Embroídery, *s.* বুটা কর্ম্ম,চিকন কর্ম্ম।
Embróil, *v.* বিবাদ ঘটা, ঝকড়া বাধা।
E′mbryò, *s.* ভ্রূণ,গর্ভস্থ অপূর্ণ প্রাণী।
Emendátion, *s.* অশুদ্ধ শোধন।
E′merald, *s.* পান্না, মরকত মণি।
Emérge, *v.* নির্গত হ, উঠ, উদয় হ।
Emérgency, *s.* অকস্মাৎ বিভ্রাট বা বিপত্তি বা উৎপাত বা দায়; উদয়।
Emérgent, *a.* অত্যাবশ্যক, হঠাৎ।
E′meroids, *s.* অর্শরোগ, হারিষ।
Emérsion, *s.* উদয় হওন, নির্গমন।
E′mery, *s.* লৌহ পরিষ্কারক ধাতু, অয়স্কান্ত মণি।
Emétic, *s.* বমনার্থক ঔষধ।
Emeúte, *s.* কোলাহল, গণ্ডগোল।
E′migrant, *s.* দেশান্তর গমনকারী।
E′migrate, *v.* দেশান্তর গমন ক।
E′minence, *s.* উচ্চতা, ঊর্দ্ধতা; মান, সম্ভ্রম।
E′minent, *a.* প্রধান, খ্যাত্যাপন্ন।
E′minently, *ad.* বিচক্ষণতারূপে।
E′missary, *s.* চর,দূত, গোএন্দা; প্রতিনিধি।

Emíssion, *s.* নিক্ষেপ, প্রক্ষেপ।
Emít, *v.* নির্গত ক, প্রক্ষেপ ক।
E′mmet, *s.* পিপীলিকা, পিপীড়া।
Emóllient,*a.*কোমলকারী,শীতলকারী
Emólument, *s.* লাভ, প্রাপ্তি, বেতন।
Emótion, *s.* উদ্বেগ, মনোবিকার।
Empále, *v.* শূলদ্বারা হত ক; খোঁটার দ্বারা বদ্ধ ক।
Empánnel, *v.* জুরি নির্দ্দিষ্ট ক।
E′mperor, *s.* রাজাধিরাজ,সম্রাট।
E′mphasis, *s.* গুরু উচ্চারণ, ভাবাবধারণ।
Emphátic, *a.* ভাববিশিষ্ট, গুরু উচ্চারিত।
E′mpire, *s.* সাম্রাজ্য,রাজ্য, রাজত্ব।
E′mpiric, *s.* হাতুড়িয়া চিকিৎসক, অবোধ বৈদ্য।
Employ̆, *v.* কর্ম্মে নিযুক্ত ক।
Emplóyer, *s.* কর্ম্মদাতা, প্রভু, কর্ত্তা।
Emplóyment, *s.* কর্ম্ম, ব্যবসায়।
Empórium, *s.* বাণিজ্যস্থান, আড়ঙ্গ।
Empóverish, *v.* নির্ধন ক, দরিদ্র ক।
Empówer, *v.* ক্ষমতার্পণ ক,কর্ত্তৃত্ব দে।
E′mpress, *s.* রাজাধিরাজের পত্নী।
E′mptiness, *s.* শূন্যতা, রিক্ততা।
E′mpty, *a.* শূন্য, রিক্ত, অসার।
Empýreal, *a.* পরিষ্কৃত, আকাশীয়।
Empyréan, *s.* সর্ব্বোপরিস্থ আকাশ।
E′mulate, *v.* প্রতিযোগিতা ক, তুল্য হইতে প্রার্থনা ক।
Emulátion, *s.* প্রতিযোগিতা, দ্বেষ।
E′mulous, *a.* সমযোগ্যাকাঙ্ক্ষী।
Enáble, *v.* ক্ষমতাপন্ন ক, শক্তি দে।

Enáct, *v.* ব্যবস্থাসংস্থাপন ক,কর্ম্মের দ্বারা ব্যক্ত ক।
Enámel, *v.* জড়াও ক, মিনাহ ক।
Enámour, *v.* প্রেমাসক্ত ক, মুগ্ধ ক।
Encámp, *v.* শিবির স্থাপন ক, ছাউনি ক।
Encámpment, *s.* শিবির, ছাউনী।
Encháin, *v.* শৃঙ্খলে বন্ধ ক,বেড়ী দে।
Enchánt, *v.* মোহিত ক, জাদু ক।
Enchántment, *s.* মোহ, ইন্দ্রজাল।
Encháse, *v.*স্বর্ণমণ্ডিত ক, জড়া।
Encírcle, *v.* ঘের, বেড়, বেষ্টন ক।
Enclóse, *v.* বেষ্টন ক, বেড়া দে।
Enclósure, *s.* ঘেরিত স্থান; বেড়া।
Encómiast, *s.* প্রশংসাকারী,স্তোতা।
Encómium, *s.* প্রশংসা, স্তুতিবাদ।
Encómpass, *v.* ঘের,বেড়, বেষ্টন ক।
Encóre, *ad.* পুনশ্চ, পুনর্ব্বার।
Encoúnter, *s.* যুদ্ধ, সংগ্রাম,লড়াই ;
Encoúnter, *v.* সম্মুখাসম্মুখি যুদ্ধ ক; হঠাৎ সাক্ষাৎ ক।
Encoúrage, *v.* সাহস দে, আশ্বাস দে।
Encróach, *v.* অন্যের অধিকারে আক্রমণ ক। [ক।
Encúmber, *v.*ভারাক্রান্ত ক,জড়ীভূত-
Encúmbrance, *s.* ভার, ব্যাঘাত।
Encyclopédia, *s.* বিদ্যাহারাবলি।
End, *s.* শেষ, অন্ত; অভিপ্রায়।
Endánger, *v.*সঙ্কটে ফেল,দায়ে ঠেকা।
Endéar, *v.* স্নেহপাত্র ক, প্রিয় ক।
Endéarment, *s.* স্নেহের কারণ,প্রেম, অনুরাগ।
Endéavour, *s.* চেষ্টা, উদ্যোগ, যত্ন।
Endémic, *a.* দেশীয়,দেশজ; বিশেষ স্থানে ব্যাপ্ত বা উৎপন্ন রোগাদি।
E'ndless, *a.* অশেষ, অনন্ত, নিত্য।
Endórse, *v.* পৃষ্ঠে স্বাক্ষর ক।
Endów, *v.* বৃত্তি দে, দান ক,যুক্ত ক।
Endówment, *s.* বৃত্তিদান, যৌতুক।
Endúe, *v.* প্রাপ্ত করা, জ্ঞানালঙ্কৃত ক।
Endúrance, *s.* সহিষ্ণুতা, তিতিক্ষা।
Endúre, *v.* সহ্য ক; স্থায়ী হ, তিষ্ঠ।
E nemy, *s.* শত্রু,বিপক্ষ, বৈরী, অরি।
Energétic, *a.* বলবৎ,তেজস্বী,উৎসুক।
E'nergy, *s.* প্রভাব, উৎসাহ, তেজঃ।
Enérvate, *v.* দুর্ব্বল ক, ক্ষীণ ক।
Enfeéble, *v.* দুর্ব্বল ক, নিস্তেজ ক।
Enfórce, *v.* প্রবল ক,বলপূর্ব্বক করা।
Enfránchise, *v.* মুক্ত ক, স্বাধীন ক।
Engáge, *v.* চুক্তিপূর্ব্বক প্রস্তুত করিয়া রাখ; অঙ্গীকার ক, প্রবৃত্ত হ।
Engágedly, *ad.* মনোনিবেশপূর্ব্বক।
Engágement, *a.* চুক্তি,নিরূপণ; যুদ্ধ।
Engáging, *a.* প্রিয়ম্বদ, মনোহর।
Engénder, *v.* জন্মা, উৎপন্ন ক।
E'ngine, *s.* কল, যন্ত্র। [নির্ম্মাতা।
Engineér, *s.* কলজ্ঞ, গোলন্দাজ, যন্ত্র-
E'nglish, *s.*ইংরাজ,ইংলণ্ড নিবাসী।
Engráin, *v.* পাকা রঙ্গ ক।
Engrâve, *v.* খোদ, মুদ্রাদি কাট।
Engráving, *s.* খোদিত ছবি,খোদন।
Engróss, *v.* একচেটে ক, সমুদয়ে গ্রাস ক; প্রতিলিপি ক।
Enhánce, *v.* বৃদ্ধি ক, ভারী ক, বাড়া।
Enígma, *s.* হিঁয়ালী,প্রহেলিকা,ঘোর প্রশ্ন।

Enigmátical, *a.* প্রহেলিকাযুক্ত, অস্পষ্ট।
Enjoín, *v.* আজ্ঞা ক, আদেশ ক।
Enjóy, *v.* ভোগ ক, সন্তুষ্ট হ।
Enjóyment, *s.* সুখভোগ, আমোদ।
Enkíndle, *v.* জ্বালিয়া দে, প্রজ্বলিত ক।
Enlárge, *v.* প্রশস্ত ক, বৃদ্ধি ক; মুক্ত ক।
Enlárgement, *s.* বৃদ্ধি, স্ফীতি; মুক্তি।
Enlíghten, *v.* দীপ্তি দে, জ্ঞান দে।
Enlíst, *v.* সৈন্য কর্ম্মে নিয়োগ ক, ফর্দ্দে নাম লিখ।
Enlíven, *v.* সজীব ক; আনন্দিত ক।
E'nmity, *s.* শত্রুতা, বৈরিভাব, দ্বেষ।
Ennóble, *v.* কুলীনপদস্থ ক, কৌলীন্য উপাধির দ্বারা সম্ভ্রান্ত ক।
Ennuí, *s.* ক্লান্তি, শ্রান্তি, অলস প্রযুক্ত বৈরক্তি।
Enórmity, *s.* অতিশয় দুষ্টতা।
Enórmous, *a.* বৃহৎ; মহাপাপিষ্ঠ।
Enóugh, *a.* প্রচুর, যথেষ্ট, বহুল।
Enráge, *v.* রাগান্বিত ক, রোষা।
Enrápture, *v.* আহ্লাদে মগ্ন ক, মোহিত ক।
Enrích, *v.* ধনবান ক; উর্ব্বরা ক।
Enróbe, *v.* বস্ত্র পরিহিত ক, সাজা।
Enról, *v.* ফর্দ্দে নাম অঙ্কপাত ক; জড়িত ক।
Ensámple, *s.* আদর্শ, দৃষ্টান্ত, নিদর্শন।
Enscónce, *v.* দৃঢ় ক, দুর্গাবৃত ক।
Enshríne, *v.* পবিত্র স্থানে রাখ।
E'nsign, *s.* চিহ্ন, পতাকা; পতাকাধারী।
Ensláve, *v.* দাস ক, অস্বাধীন ক।

Ensúe, *v.* ঘট, ফল, আসিয়া পড়।
Entáblature, *s.* স্তম্ভের মস্তকাভরণ।
Entáil, *v.* কোন স্থাবরাদি ধন পুত্র পৌত্রাদিক্রমে ভোগ করিতে পারে ও কেহ দান বিক্রয় না করিতে পারে এমত স্থির ক।
Entangle, *v.* আটকা, জড়িয়া বদ্ধ ক, আপদে ফেল।
E'nter, *v.* প্রবেশ ক, অনুষ্ঠান ক।
E'nterprise, *s.* দুঃসাধ্য কর্ম্ম, প্রৌঢ়ি।
E'nterprising, *a.* উৎসুক, সাহসিক।
Entertáin, *v.* আমোদ ক; আতিথ্য ক।
Entertáining, *a.* সন্তোষজনক, মনোহর।
Entertáinment, *s.* কৌতুক, আমোদ; ভোজ।
Enthróne, *v.* সিংহাসনোপবিষ্ট ক।
Enthúsiasm, *s.* অনুচিত উৎসাহ, মহোদ্যম।
Enthúsiast, *s.* অনর্থক প্রত্যাশী, অযুক্তি পূর্ব্বক উৎসাহি ব্যক্তি।
Enthusiástic, *a.* অনর্থক উৎসাহ যুক্ত।
Entíce, *v.* মন লওয়া, লোভ দেখাইয়া ভুলা।
Entícement, *s.* ভোগা দেওন, লোভ দর্শান।
Entíre, *a.* সম্পূর্ণ, অখণ্ড, অখিল, তাবৎ।
Entírely, *ad.* সর্ব্বতোভাবে; সমুদায়ে।
Entítle, *v.* অধিকার দে, আখ্যা ক।
E'ntity, *s.* ভাব, সত্ত্বা, স্বত্ব, স্বভাব।
Entómb, *v.* কবর দে, গাড়, পোত।
Entomólogy, *s.* কীটবিষয়ক বিদ্যা।
E'ntrails, *s.* নাড়িভুড়ি, আঁতড়ি।
E'ntrance, *s.* দ্বারপ্রবেশ, দ্বার; কর্ম্মে প্রবর্ত্ত হওন।

Entránce, *v.* মূর্চ্ছিত ক, মোহিত ক।
Entráp, *v.* ফাঁদে ধর, কলে ধর।
Entréat, *v.* বিনতি ক, প্রার্থনা ক।
Entréaty, *s.* বিনতি,প্রার্থনা. যাচনা।
E'ntry, *s.* দ্বার ; বহীতে তোলন।
Enúmerate, *v.* একে ২ গণনা ক।
Enúnciate, *v.* উচ্চারণ ক, প্রকাশ ক।
Envélop, *v.* আচ্ছাদন ক, মোড়।
Envelópe, *s.* আচ্ছাদন, মোড়ক, কোষ, খাপ। [ঘৃণা জন্মা।
Envénom, *v.* বিষময় ক, বিষাক্ত ক ;
E'nviable, *a.* ঈষণীয়, বাঞ্ছনীয়।
E'nvious, *a.* পরশ্রীকাতর, হিংসু।
Envíron, *v.* বেষ্টন ক, ঘের।
Envírons, *s.* নগরের প্রান্তভাগ, পার্শ্বস্থ স্থান।
E'nvoy, *s.* রাজদূত, রাজপ্রতিনিধি।
E'nvy, *s.* ঈর্ষ্যা, পরশ্রীকাতরতা।
E'paulet, *s.* সৈন্যদের স্কন্ধোপরিস্থ ঝাঁপ্পা। [শেষ; একদিনজীবী কীট।
Ephémera, *s.* একাহস্থায়ি জ্বরবি-
Ephémeral, *a.* সদ্যোজাত মৃত।
Ephémeris, *s.* যে পঞ্জিকাতে নক্ষত্রের প্রতিদিবসীয় গমন বা অবস্থান লিখিত থাকে, রোজনামা।
E'pic, *s.* বীরের উপাখ্যান বাক্য।
E'picene, *s.* ব্যাকরণ শাস্ত্রে দ্বিলিঙ্গ।
E'picure, *s.* পেটুক,উদরম্ভরি,শারীরিক সুখাভিলাষী।
Epidémic, *a.* দেশব্যাপক ; মারক।
Epiglóttis, *s.* আলজিহ্বা, উপজিহ্বা।
E'pigram, *s.* রসঘটিত হ্রস্ব কবিতা।
Epigrámmatist, *s.* উক্ত কবিতারচক।

E'pilepsy, *s.* অপস্মার, মৃগীরোগ।
E'pilogue, *s.* গ্রন্থের শেষ ভাগ,যাত্রার শেষ কবিতা।
Epíscopacy, *s.* ধর্ম্মাধ্যক্ষের প্রভুত্ব।
Epíscopal, *a.* ধর্ম্মাধ্যক্ষ সম্বন্ধীয়।
E'pisode, *s.* কাব্যের মধ্যে উপকথা।
Epístle, *s.* পত্র, পত্রিকা, লিপি।
Epístolary, *a.* পত্র বিষয়ক, পত্রীয়।
E'pitaph, *s.* কবরের উপর মৃত ব্যক্তির খোদিত বিবরণ।
E'pithet, *s.* গুণবাচক পদ, উপনাম।
Epítome, *s.* সংক্ষেপ, সারসংগ্রহ।
Epítomise, *v.* সারসংগ্রহ ক।
E'poch, *s.* সন, শক, শকাব্দা, নির্ণীত কাল।
E'quable, *a.* সমভাব, সমান, সম।
E'qual, *a.* সমতুল্য, অপক্ষপাত।
E'quality, *s.* তুল্যতা,সমভাব, সাম্য।
E'qualize, *v.* সমতুল্য ক, সমান ক।
Equanímity, *s.* স্থিরতা, ধীরত্ব।
Equátion, *s.* তুল্য করণ,সমান করণ।
Equátor, *s.* নাড়ীমণ্ডল, বিষুব রেখা।
Equatórial, *a.* নাড়ীমণ্ডল সম্বন্ধীয়।
Equéstrian, *a.* অশ্বারূঢ়, অশ্ব সম্বন্ধীয়।
Equiángular, *a.* সমকোণবিশিষ্ট।
Equidístant, *a.* সমদূরবর্ত্তী, তুল্যান্তরস্থ। [তুল্যদিক্ যুক্ত।
Equiláteral, *a.* সমভুজ বিশিষ্ট,
Equilíbrium, *s.* সমতা, সমভাব।
Equinóctial, *a.* বিষুবরেখা সম্বন্ধীয়।
E'quinox, *s.* বিষুবকাল,সমদিবারাত্রি।
Equíp, *v.* সসজ্জ ক, সাজা, সন্নদ্ধ ক।
E'quipage, *s.* পারিষদ,যানবাহনাদি।

E'quipoise, *s.* তুল্যপরিমাণ, সমভার।
E'quitable, *a.* যথার্থ, প্রকৃত, ন্যায্য।
E'quity, *s.* ন্যায়, যাথার্থ্য, সাধুতা।
Equívalent, *a.* সমমূল্য, সমগুণবিশিষ্ট
Equívocal, *a.* দ্ব্যর্থক, দ্বিকল্প, সন্দিগ্ধ।
Equívocate, *v.* অনিশ্চিত কথা কহ।
E'ra, *s.* সন, শাল, শক, শকাব্দা।
Eradiátion, *s.* অংশুপাত, আভা।
Erádicate, *v.* সমূলে উৎপাটন ক, বিনাশ ক।
Eráse, *v.* তুলিয়া ফেল, লোপ ক।
Erásure, *s.* মিটান, ঘুচান, মোছন।
Ere, *ad.* পূর্ব্বে, অগ্রে, আগে।
Eréct, *v.* নির্ম্মাণ ক, গাঁথ, খাড়া ক।
Eréct, *a.* খাড়া, সোজা, ঋজু, খাড়।
Eréction, *s.* গঠন, স্থাপন, উত্থাপন।
E'rmine, *s.* উত্তম লোম নির্ম্মিত বস্ত্র; পশুবিশেষ। [মণ ক; ভ্রান্ত হ।
Err, *v.* ভুল, চুক, পথ হারাইয়া ভ্র-
E'rrand, *s.* দূতের কর্ত্তব্য কর্ম্ম, সম্বাদ, বার্ত্তা।
E'rrant, *a.* ভ্রমণকারী, ভ্রমণশীল; নীচ।
E'rrantry, *s.* পর্য্যটন, ভ্রমণাবস্থা।
Errāta, *s.* অশুদ্ধ শোধন পত্র।
Errátic, *a.* ভ্রমণশীল, অনিয়মিত।
Erróneous, *a.* অশুদ্ধ, মিথ্যা, ভ্রমময়।
E'rror, *s.* ভুল, ভ্রম, ভ্রান্তি, চুক।
Erst, *ad.* আদিতে, পূর্ব্বে, আগে।
Erúctate, *v.* উদ্গীরণ ক, ঢেঁকুরতোল।
E'rudite, *a.* প্রজ্ঞ, বিচক্ষণ, পণ্ডিত।
Erudítion, *s.* পাণ্ডিত্য, বিচক্ষণতা।
Erúption, *s.* বিস্ফোটক; বহির্গমন।
Erysípelas, *s.* রক্তকুষ্ঠ, আগুনিয়া বাত।

Escaláde, *s* দুর্গ প্রাচীরে আরোহণ।
Escápe, *s.* পলায়ন, রক্ষা, নিস্তার; ভুল।
Escheát, *s.* বেওয়ারিসী ধন যাহা রাজহস্তে পতিত হয়।
Eschéw, *v.* ত্যাগ ক, পলায়ন ক।
E'scort, *v.* যাত্রাকালীন রক্ষার্থসৈন্য।
E'sculent, *a.* আহারোপযুক্ত, খাদ্য।
Escútcheon, *s.* বংশমর্য্যাদার লক্ষণ।
Espécial, *a.* বিশেষ, প্রধান, মুখ্য।
Espécially, *ad.* বিশেষতঃ।
Espionáge, *s.* কাণাড়িপনা, অনুসন্ধান।
Esplanáde, *s.* দুর্গতলস্থ মাঠ, ময়দান।
Espoúsal, *s.* বিবাহ করণ, পরিণয়।
Espoúse, *v.* বিবাহের সম্বন্ধ ক; কোন কর্ম্মের ভার ল। [গোয়েন্দাগিরি ক।
Espý, *v.* দূরে দৃষ্টি ক, নিরীক্ষণ ক;
Esquíre, *s.* মর্য্যাদা সূচক উপাধি।
E'ssay, *s.* উদ্যোগ; সংক্ষেপ প্রবন্ধ।
Essáy, *v.* চেষ্টা ক, পরীক্ষা ক।
E'ssence, *s.* সারভাগ, তত্ত্ব, পদার্থ।
Esséntial, *a.* অত্যাবশ্যক, গুরুতর।
Estáblish, *v.* স্থাপন ক, নির্দ্ধারিত ক, দৃঢ় ক। [স্থিরতা।
Estáblishment, *s.* বসতি; স্থাপনা,
Estáte, *s.* বিষয়, ধন, অধিকার; অবস্থা।
Esteém, *s.* সমাদর, আদর, মান।
Esteém, *v.* শ্রেষ্ঠ জ্ঞান ক; বোধ ক।
E'stimable, *a.* সম্ভ্রমের যোগ্য, মান্য।
E'stimate, *s.* সংখ্যা, অনুমানিক ব্যয় নিরূপণ। [গণনা ক।
E'stimate, *v.* সংখ্যা ক, অনুমান ক,
Estimátion, *s.* মূল্যনিরূপণ; বোধ; মর্য্যাদা, সম্ভ্রম।

Estránge, *v.* স্নেহভেদ ক, হস্তান্তর ক।
Estrángement, *s.* স্নেহভঙ্গ, সুহৃদ্ভেদ।
E'stuary, *s.* নদ্যাদির মুখ, খাল, সমুদ্রের খাড়ি।
Etcétera, *ad.* ইত্যাদি, প্রভৃতি।
Etch, *v.* খোদনদ্বারা চিত্র ক। [ক্ষয়।
Etérnal, *a.* নিত্য, অনাদি অনন্ত, অ-
Etérnally, *ad.* চিরকালে, অনাদ্যন্তে।
Etérnity, *s.* নিত্যতা, অনন্তকাল।
E'ther, *s.* অন্তরীক্ষ; অতি নির্ম্মল বায়ু।
Ethéreal, *a.* আকাশীয়, অতি সূক্ষ্ম বায়ু সম্বন্ধীয়।
E'thical, *a.* নীতিবিদ্যা বিষয়ক।
E'thics, *s.* নীতিবিদ্যা, নীতিশাস্ত্র।
Etiquétte, *s.* শিষ্টাচারী ব্যবহার।
Etymólogy, *s.* শব্দসাধন বিদ্যা।
Eúcharist, *s.* খ্রীষ্টের মরণ স্মরণার্থে ভোজন।
Eúlogize, *v.* প্রশংসা ক, স্তব ক।
Eulógium, *s.* প্রশংসা, স্তব, স্তুতি।
Eúnuch, *s.* নপুংসক, ষণ্ড, খোজা।
Eúphony, *s.* সুস্বর, সুতান, মিষ্টস্বর।
Européan, *a.* ইউরোপ দেশীয়।
Evácuate, *v.* বাহির ক, শূন্য ক।
Eváde, *v.* প্রতারণা দ্বারা এড়া।
Evanéscent, *a.* অদৃশ্য; ক্ষণ ধ্বংসী।
Evangélical, *a.* খ্রীষ্টীয়ান ধর্ম্মসম্মত সুসমাচার সিদ্ধ। [চার প্রকাশক।
Evángelist, *s.* খ্রীষ্ট বিষয়ক সুসমা-
Evángelize, *v.* খ্রীষ্টধর্ম্মাবলম্বী ক, উক্ত ধর্ম্ম প্রচার ক।
Eváporate, *v.* বাষ্পীভূত হ, উব।
Evásion, *s.* ওজর, টালমটাল, ছলনা।
Evásive, *a.* ব্যাজকারী, প্রবঞ্চক।
Eve, E'ven, *s.* সন্ধ্যাকাল, বৈকাল।
E'ven, *a.* সমান, একসমান, সুস্থির।
E'ven, *ad.* সত্য, বটে, বরং, ও।
E'vening, *s.* সন্ধ্যাকাল, বৈকাল।
Evént, *s.* ঘটনা, ফল, শেষ, অন্ত।
Evéntual, *a.* কর্ম্মের ফল সম্বন্ধীয়, পরিশেষ।
Evéntually, *ad.* শেষতঃ, অবশেষে।
E'ver, *ad.* কখন, সর্ব্বদা, সতত।
E'vergreen, *s.* সংবৎসর সরস পত্রবিশিষ্ট বৃক্ষ।
Everlasting, *a.* অনন্ত, অক্ষয়, নিত্য।
Everlíving, *a.* অমর, চিরজীবী।
Evermóre, *ad.* সতত, নিরন্তর, সদা।
E'very, *a.* প্রত্যেক, এক ২, সকল।
E'verywhere, *ad.* সর্ব্বত্রে, সর্ব্বস্থানে।
E'vidence, *s.* প্রমাণ, সাক্ষ্য, নিশ্চিততা।
Evident, *a.* স্পষ্ট, প্রত্যক্ষ, চাক্ষুষ।
E'vil, *s.* মন্দ, বিপদ, অপচয়, হানি।
E'vil, *a.* মন্দ, অহিত, অনিষ্ট, দুষ্ট।
Evínce, *v.* প্রকাশ ক, দর্শা, ব্যক্ত ক, প্রমাণ ক।
Evíscerate, *v.* অন্ত্র বাহির ক।
Evóke, *v.* আহ্বান ক, সম্বোধন ক।
Evólve, *v.* খুল, ব্যক্ত ক, আলিয়া দে।
Evolútion, *s.* অনাবৃত করণ, খুলন।
Evúlsion, *s.* উৎপাটন, উন্মূলন।
Ewe, *s.* মেষী, ভেড়ী, মেড়ী।
E'wer, *s.* ডাবর, গাড়ু, ঝারী।
Exacerbátion, *s.* কষ্টের বৃদ্ধি, পীড়ার প্রাদুর্ভাব।
Exáct, *a.* ঠিক, নিশ্চয়, নিয়মবিশিষ্ট।

Exáct, *v.* নিঙ্গড়িয়া ল, শোষ, বল-পূর্ব্বক দাওয়া ক।
Exáctitude, *s.* প্রকৃততা, যাথার্থ্য।
Exáctly, *ad.* ঠিকরূপে, যথার্থরূপে।
Exággerate, *v.* বাড়াইয়া বল, স্তূপ ক।
Exaggerátion, *s.* তিলকে তাল করণ, বাড়াইয়া বলন।
Exált, *v.* বর্দ্ধিষ্ণু ক, প্রশংসা ক।
Exaltátion, *s.* উন্নতি, উত্তোলন।
Examinátion, *s.* পরীক্ষা, আলোচনা।
Exámine, *v.* পরীক্ষা ক, বিতর্ক ক।
Exáminer, *s.* পরীক্ষক, বিচারক।
Exámple, *s.* উদাহরণ, দৃষ্টান্ত, প্রমাণ, আদর্শ।
Exásperate, *v.* রাগান্বিত ক, ক্ষেপা।
E'xcavate, *v.* খনন ক, সুড়ঙ্গ কাট।
Exceéd, *v.* অধিক হ, অতিরিক্ত হ।
Exceéding, *a.* অতিবাদ, অতিশয়।
Exceédingly, *ad.* বাহুল্যরূপে, অতি।
Excél, *v.* শ্রেষ্ঠতম হ, উৎকৃষ্ট হ, অতিক্রম ক।
E'xcellence, *s.* উত্তমতা, শ্রেষ্ঠতা।
E'xcellency, *s.* মহামহিমা, শ্রেষ্ঠতা; সম্ভ্রমের পদবী।
E'xcellent, *a.* অত্যুত্তম, শ্রেষ্ঠ, পরম।
Excépt, *pr.* ব্যতিরেকে, বিনা, ছাড়া।
Excépt, *v.* বর্জ্জন ক, ছাড়িয়া দে, আপত্তি ক।
Excéption, *s.* ব্যতিরেক; আপত্তি।
Excéptionable, *a.* অগ্রাহ্য, বর্জ্জনীয়
Excéss, *s.* আধিক্য, প্রাচুর্য্য, অতিরেক।
Excéssive, *a.* অত্যন্ত, অতিরিক্ত।
Exchánge, *s.* পরিবর্ত্ত, বিনিময়, বাট্টা।
Exchequér, *s.* রাজকোষ, রাজভাণ্ডার।
Excíse, *s.* দেশের মধ্যে ব্যবহার্য্য দ্রব্যের উপর রাজকর, নিরীক।
Excísion, *s.* উচ্ছেদ, উপড়ন, সর্ব্বনাশ।
Excítable, *a.* উদ্দীপনীয়, উস্কণীয়।
Excíte, *v.* প্রবৃত্তি জন্মা, উস্কা, চেতা।
Excítement, *s.* চেতানি, প্রবৃত্তি।
Excláim, *v.* উচ্চৈঃস্বরে কহ, চেঁচা।
Exclamátion, *s.* চমৎকারজ্ঞাপক শব্দ, গোল, সোর।
Exclúde, *v.* দলচ্যুত ক, বহিষ্কৃত ক।
Exclúsion, *s.* বহিষ্করণ, বর্জ্জন করণ।
Exclúsive, *a.* ভিন্ন; বর্জ্জনকারী।
Exclúsively, *ad.* একাকীরূপে, ভিন্ন।
Excommúnicate, *v.* মণ্ডলীচ্যুত ক, অব্যবহার্য্য ক।
Excóriate, *v.* ছাল তুলিয়া ফেল।
E'xcrement, *s.* বিষ্ঠা, মল, পুরীষ।
Excrésence, *s.* উপমাংস, আব।
Excrúciate, *v.* যন্ত্রণা দে, যাতনা দে।
Excúlpate, *v.* নিরপরাধী ক, নির্দ্দোষী ক। [নিশ্চিত পথ লঙ্ঘন করণ।
Excùrsion, *s.* বেড়ান, কিয়দ্দূর যাত্রা,
Excúsable, *a.* ক্ষমণীয়, মার্জ্জনীয়।
Excúse, *s.* দোষ খণ্ডন; আপত্তি, ওজর, ছুত।
Excúse, *v.* ক্ষমা ক, দোষগ্রহণ না ক।
E'xecrable, *a.* অভিশাপযোগ্য, ঘৃণ্য।
E'xecrate, *v.* অভিশাপ দে, শাপ দে, ঘৃণা ক।
Execrátion, *s.* অভিশাপ, মন্যু।
E'xecute, *v.* নির্ব্বাহ ক; আদালতের আজ্ঞাক্রমে প্রাণদণ্ড ক।

Execútion, *s.* নিষ্পত্তি, বিচারানুসারে প্রাণদণ্ড।
Execútioner, *s.* হন্তা, হন্তারক, জল্লাদ।
Exécutive, *s.* কর্ম্ম সম্পাদক।
Exécutor, *s.* মৃতব্যক্তির বিষয় রক্ষক।
Exegétical, *a.* অর্থকারক, প্রকাশক।
Exémplar, *s.* আদর্শ, উদাহরণ।
E'xemplary, *a.* নিদর্শনের যোগ্য।
Exémplify, *v.* নিদর্শন দে, দৃষ্টান্ত দে।
Exèmpt, *v.* ত্যাগ ক, গণনা না ক, মুক্ত ক।
E'xercise, *s.* ব্যায়াম; অভ্যাস, অনুশীলন।
E'xercise, *v.* কর্ম্মে নিযুক্ত ক, অভ্যাস ক।
Exercitátion, *s.* অভ্যাস, ব্যবহার।
Exért, *v.* যত্ন ক, পরিশ্রম ক।
Exértion, *s.* যত্ন, উদ্যোগ, প্রয়াস।
Exhalátion, *s.* বাষ্পোদ্গমন, উদ্ভাব, ভাপ।
Exhále, *v.* বাষ্প উঠা, প্রশ্বাস ক, ভাপ উঠ।
Exháust, *v.* সমুদয় ব্যয় ক, ক্ষীণ ক, খালি ক।
Exhaústed, *a.* অবসন্ন, ক্লান্ত।
Exhaústion, *s.* অবসাদ, ক্ষীণতা।
Exhíbit, *v.* দেখা, দর্শা, প্রকাশ ক।
Exhibítion, *s.* প্রদর্শন, দেখান; সং।
Exhílerate, *v.* আহ্লাদিত ক, তুষ্ট ক।
Exhórt, *v.* উপদেশ দে, সৎপরামর্শ দে।
Exhortátion, *s.* উপদেশ, সৎপরামর্শ।
Exhumátion, *s.* কবর হইতে বহিষ্করণ
E'xigency, *s.* অতুল, দুর্যোগ, দুর্গতি, হঠাৎ প্রয়োজন।
E'xile, *s.* স্বদেশবহির্ভূত, দেশান্তরগত।
E'xíst, *v.* হও, জীবিত থাক, বর্ত্তমান হ।
Exístence, *s.* জীবদ্দশা, অস্তিত্ব, স্থিতি।
E'xít, *s.* প্রস্থান, বহির্গমন; মরণ।
E'xodus, *s.* যাত্রা, প্রস্থান, বহির্গমন; মূসা কর্তৃক খ্রীষ্টিয়ান ধর্ম্মপুস্তকের দ্বিতীয় ভাগ।
Exónerate, *v.* দোষ হইতে মুক্ত ক।
Exórbitant, *a.* অপরিমিত, অসঙ্গত।
E'xorcise, *v.* ভূত ছাড়া, ঝাড়, ফুঁ য়া
E'xorcist, *s.* ভূতড়িয়া, ওঝা।
Exórdium, *s.* ভূমিকা, মঙ্গলাচরণ।
Exótic, *s.* বিদেশী, অন্যদেশীয়।
Expánd, *v.* প্রস্ফুটিত হ; প্রসারিত ক।
Expánse, *s.* বিস্তৃত বস্তু; আকাশ।
Expánsive, *a.* বিস্তারণশক্তিবিশিষ্ট।
Expátiate, *v.* পর্য্যটন ক, বিস্তারিত ক।
Expátriate, *v.* স্বদেশ ত্যাগ করা।
Expéct, *v.* আশা ক, অপেক্ষা ক।
Expectátion, *s.* আশা, প্রতীক্ষা।
Expéctorate, *v.* শ্লেষ্মা নিক্ষেপ ক।
Expédiency, *s.* উপযুক্ততা, যোগ্যতা, আবশ্যকতা।
Expédient, *a.* উচিত, অবশ্য কর্ত্তব্য।
Expédient, *s.* গতি, উপায়, কল্পনা।
E'xpedite, *v.* সুগম ক, ত্বরা ক।
Expedítion, *s.* শীঘ্রতা; যুদ্ধযাত্রা, দুরূহ কর্ম্ম।
Expedítious, *a.* ত্বরা, সত্বর, শীঘ্র।
Expél, *v.* বহিষ্কৃত ক, নিঃসৃত ক।
Expénd, *v.* ব্যয় ক, ফুরা, উড়া।
Expénditure, *s.* ব্যয়, খরচ।
Expénse, *s.* ব্যয়, খরচ, মুল্য।

Expénsive, *a.* ব্যয়শীল, অপরিমিত ব্যয়ী; বহু মূল্য।
Expérience, *s.* বহুদর্শিতা, কার্য্য ক্রমে প্রাপ্ত জ্ঞান, পরীক্ষা।
Expériment, *s.* ব্যবহার, পরীক্ষা।
Experiméntal, *a.* পরীক্ষা সম্বন্ধীয়।
Expért, *a.* দক্ষ, পটু, নিপুণ, তৎপর।
E'xpiate, *v.* প্রায়শ্চিত্ত ক, পাপ ক্ষয় ক।
Expiátion, *s.* প্রায়শ্চিত্ত, প্রতীকার।
Expirátion, *s.* শেষ, মরণ; প্রশ্বাস।
Expíre, *v.* শ্বাস ত্যাগ ক, প্রাণত্যাগ ক; শেষ হ।
Expláin, *v.* অর্থ ক, বুঝাইয়া দে।
Explanátion, *s.* অর্থ প্রকাশ, টীকা, ব্যাখ্যা।
Explánatory, *a.* স্পষ্টার্থকারী।
E'xpletive, *s.* উপাক্ষর, শ্লোকের পাদ পূরণার্থ শব্দ।
E'xplicable, *a.* স্পষ্টকরণীয়, অভিধেয়, প্রতিপাদ্য।
Explicátion, *s.* অর্থকরণ, ব্যাখ্যা।
Explícit, *a.* স্পষ্ট, সুব্যক্ত, প্রত্যক্ষ।
Explóde, *v.* ফুট, উড়াইয়া দে, অপমান পূর্ব্বক তাড়াইয়া দে।
Exploít, *s.* বৃহৎ কর্ম্ম, মহাকাণ্ড।
Explóre, *v.* অন্বেষণ ক, অনুসন্ধান।
Explósion, *s.* সশব্দে ফুটন। [ক।
Expórt, *v.* রপ্তানি ক, বিদেশে প্রেরণ ক।
E'xport, *s.* রপ্তানি, বিদেশে প্রেরিত দ্রব্য। [আপদে ফেল।
Expóse, *v.* ব্যক্ত ক, দোষ ব্যক্ত ক;
Exposítion, *s,* অর্থ প্রকাশক, টীকা।
Expósitor, *s.* অর্থপ্রকাশক, টীকাকার।
Expóstulate, *v.* বুঝাওনের দ্বারা মানা ক, অনুযোগ ক।
Expostulátion, *s.* প্রতিবাদ, অনুযোগ। [বিপদ গ্রস্ততা।
Expó sure, *s.* ব্যক্ত করণ, প্রকাশ;
Expóund, *v.* অর্থ প্রকাশ ক, বুঝা।
Expréss, *v.* কথ, উল্লেখ ক; নিংড়া।
Expréss, *a.* স্পষ্ট, প্রত্যক্ষ, নিশ্চিত।
Expréss, *s.* বেগগামী দূত, দৌড়িয়া।
Expréssion, *s.* কথা কহনের ধারা; নিষ্পীড়ন। [কাশকারী।
Expréssive, *a.* অর্থ প্রতিপাদক, প্র-
Expréssly, *ad.* স্পষ্টরূপে, নিশ্চয়রূপে
Expúlsion, *s.* বহিষ্করণ, নিরাকরণ।
Expúnge, *v.* মুছিয়া ফেল, ঘুচা, মিটা।
Expúrgate, *v.* পরিষ্কার ক, শুদ্ধ ক।
E'quisite, *a.* উৎকৃষ্ট, অত্যুত্তম, সম্পূর্ণ।
E'xtant, *a.* বর্ত্তমান, বিদ্যমান, সুস্পষ্ট।
Extémporary, *a.* উপস্থিত কল্পনীয়, চিন্তা ব্যতিরেকে উক্ত।
Extémpore, *ad.* উপস্থিত কল্পনামতে, বিনাভ্যাসে। [ক।
Exténd, *v.* বাড়া, বিস্তারিত ক, প্রপঞ্চ-
Exténsion, *s.* বিস্তারণ, প্রসারণ।
Exténsive, *a.* প্রশস্ত, বৃহৎ, বিস্তারিত।
Extént, *s.* আয়তন, প্রসার, সীমা।
Exténuate, *v.* লঘু ক, ক্ষীণ ক, সূক্ষ্ম ক।
Extenuátion, *s.* লঘুতা, ন্যূনতা, দোষ লাঘব করণ।
Extérior, *a.* বাহ্য, বহির্দিকের।
Extérminate, *v.* উচ্ছিন্ন ক, সমূলে উৎপাটন ক।

Extérnal, *a.* বাহ্য, দৃষ্টিগোচর।
Extínct, *a.* নির্ব্বাণ, লুপ্ত, গত, অবসন্ন।
Extínguish, *v.* নির্ব্বাণ ক, লোপ ক।
Extínguisher, *s.* নির্ব্বাণকারী।
Extírpate, *v.* উচ্ছিন্ন ক, উপড়া।
Extól, *v.* প্রতিষ্ঠা ক, প্রশংসা ক।
Extórt, *v.* দৌরাত্ম্যদ্বারা ল, শুষিয়া ল।
Extórtioner, *s* অন্যায় রূপে ধনগ্রাহক
E'xtra, *a.* অতিরিক্ত, অধিক, বাড়ন্ত।
Extráct, *v.* নির্গত ক; বাছিয়া ল।
E'xtract, *s.* সারভাগ, নির্যাস; চুম্বক।
Extráction, *s.* নির্গত করণ; বংশ।
Extráneous, *a.* অস্বাভাবিক, ভিন্ন।
Extraórdinary, *a.* অসাধারণ, অদ্ভুত।
Extrávagance, *s.* অপব্যয়; অনিয়ম।
Extrávagant, *a.* অপরিমিত ব্যয়ী; নিয়মাতিক্রমী।
Extréme, *s.* অন্তভাগ, সীমা, অন্ত।
Extréme, *a.* অতিরিক্ত, আত্যন্তিক।
Extrémely, *ad.* অতিশয়রূপে। [দায়।
Extrémity, *s.* অন্তভাগ, সীমা; দুর্দশা,
E'xtricate, *v.* উদ্ধার ক, মুক্ত ক।
Extrínsic, *a.* বাহিরের, বাহ্য।
Exúberance, *s.* বাহুল্য, আধিক্য।
Exudátion, *s.* ঘর্ম্ম হওন, ঘামন।
Exúde, *v.* ঘর্ম্মের দ্বারা নির্গত হ।
Exúlt, *v.* অত্যন্ত আনন্দ ক, উল্লাসিত হ, দম্ভ ক।
Exultátion, *s.* উল্লাস, মহাহ্লাদ।
Eye, *s.* চক্ষু, নেত্র, অক্ষি; সূচির ছিদ্র।
Eye, *v.* অবলোকন ক, দৃষ্টি ক।
Ey'eball, *s.* অক্ষিকূটক, চক্ষুর তারা।
Ey'ebrow, *s.* ভ্রূ।
Ey'elash, *s.* চক্ষুর রোঁয়া, ভোমা, পক্ষ্ম।
Ey'elet, *s.* গবাক্ষ, দীপ্ত্যর্থ ছিদ্র।
Ey'elid, *s.* চক্ষুর পাতা, অক্ষিপুট।
Ey'eservice, *s.* চক্ষুর গোচরে সেবা।
Ey'esore, *s.* চক্ষুঃশূল, চক্ষুঃক্লেশদ বস্তু।
Ey'ry, *s.* শিকারি পক্ষীর বাসস্থান।

F.

Fáble, *s.* হিতোপদেশের গল্প।
Fábric, *s.* অট্টালিকা, ঘরের গাঁথনি, গঠন।
Fábricate, *v.* নির্ম্মাণ ক; কৃত্রিম ক।
Fabricátion, *s.* কৃত্রিম করণ; গাঁথন।
Fábulist, *s.* ইতিহাসবাক্য রচক।
Fábulous, *a.* কল্পিত, কাল্পনিক।
Face, *s.* মুখমণ্ডল, বদন, আস্য।
Facétious, *a.* হাস্যরসবিশিষ্ট, কৌতুকী
Fácile, *a.* সহজ, সুগম, নম্রশীল।
Facílitate, *v.* সুগম ক, সহজ ক।
Facílity, *s.* অনায়াস, সুবিধা।
Fácing, *s.* অলঙ্কার, হাঁসিয়া, সঞ্জাব; *a.* মুখামুখি।
Facsímile, *s.* অবিকল আদর্শ।
Fact, *s.* কর্ম্ম, কার্য্য; সত্যতা।
Fáction, *s.* রাজবিদ্রোহীর দল, বিরোধ।
Fáctious, *a.* উপদ্রবী, রাজবিদ্রোহী।
Factítious, *a.* কৃত্রিম, কাল্পনিক, অস্বাভাবিক। [রিতার্থ।
Fáctor, *s.* কর্ম্মকারক, প্রতিনিধি; পূ-
Fáctory, *s.* কুঠী, আড়ৎ, বাণিজ্যস্থান।
Fáctotum, *s.* সর্ব্বকর্ম্মকারক।

Fáculty, *s.* গুণ, মনের শক্তি, ক্ষমতা, অন্তরেন্দ্রিয়; বিদ্যালয়ের অধ্যাপকগণ।
Fade, *v.* মলিন হ, ম্লান হ, বিকৃত হ।
Fæ'ces, *s.* বিষ্ঠা, মল, পুরীষ।
Fag, *v.* পরিশ্রান্ত হ, ক্লান্ত হ।
Fag-énd, *s.* বস্ত্রের দশি, শেষভাগ, হেয়াংশ।
Fágot, *s.* জ্বালানি কাষ্ঠের আটি।
Fail, *v.* অকৃতার্থ হ, ত্রুটি ক; নির্ধন হ।
Faílure, *s.* দেউলিয়া হওন, ত্রুটি, ভুল।
Fain, *ad.* ইচ্ছানুক্রমে, স্বেচ্ছাপূর্ব্বক।
Faint, *a.* অবসন্ন, নিষ্প্রভ, ফিকা।
Faint, *v.* মূর্চ্ছিত হ, পরিশ্রান্ত হ।
Fair, *a.* সুন্দর, গৌরবর্ণ; ন্যায্য।
Fair, *s.* মেলা; সুন্দরী স্ত্রী।
Fáiry, *s.* পরী, মোহিনী, উপদেবী।
Faith, *s.* বিশ্বাস, প্রত্যয়, শ্রদ্ধা, ধর্ম্ম।
Faíthful, *a.* বিশ্বাসী, প্রত্যয়যোগ্য, ধার্ম্মিক। [বিশ্বাসঘাতক।
Faíthless, *a.* অধার্ম্মিক, অবিশ্বাসী,
Fálchion, *s.* টাঙ্গী, খড়্গ বিশেষ।
Fálcon, *s.* বাজপক্ষী, শ্যেন।
Fálconer, *s.* বাজপক্ষী পালক।
Fall, *v.* পত, চ্যুত হ, হ্রাস পা।
Fallácious, *a.* ভ্রমজনক, মিথ্যা, বৃথা।
Fállacy, *s.* মিথ্যাযুক্তি, প্রবঞ্চনা।
Fállible, *a.* ভ্রান্তিবিশিষ্ট, ভ্রমযোগ্য।
Fállow, *a.* অচষা, পতিত, উজ্জট।
False, *a.* মিথ্যা, বৃথা; বিশ্বাসঘাতক।
Fálsehood, *s.* মিথ্যা কথা, অসত্য।
Fálsify, *v.* মিথ্যা ক, কৃত্রিম ক।
Fálsity, *s.* মিথ্যা কথা, অসত্য।

Fálter, *v.* অস্পষ্ট কথ, থতমত খা, ঘ-
Fame, *s.* যশ, সুখ্যাতি, কীর্ত্তি। [বরা।
Famíliar, *s.* বন্ধু, আত্মীয়, সুহৃৎ।
Famíliar, *a.* আলাপী, জ্ঞাত, অনুগত।
Familiárity, *s.* সখ্যভাব, প্রণয়, জ্ঞাতৃত্ব। [হারদ্বারা জ্ঞাত হ।
Famíliarize, *v.* সৌহার্দ্দ জন্মা, ব্যব-
Fámily, *s.* পরিবার, কুল, গোষ্ঠী।
Fámine, *s.* আকাল, দুর্ভিক্ষ্য।
Fámish, *v.* অনাহারে প্রাণ নষ্ট ক।
Fámous, *a.* খ্যাত্যাপন্ন, প্রসিদ্ধ।
Fan, *s.* পাখা, ব্যজন; কুলা, সূর্প।
Fan, *v.* পাখা ক; শস্য ঝাড়।
Fanátic, *s.* ধর্ম্মবিষয়ে উন্মত্ত ব্যক্তি: *a.* কোন বিষয়ে অযুক্তিরূপে উৎসুক।
Fanáticism, *s.* অযুক্তিরূপে ব্যগ্রতা; ধর্ম্ম বিষয়ে ভ্রান্তি।
Fánciful, *a.* কাল্পনিক, ভ্রমজনিত।
Fáncy, *s.* মনের কল্পনা, আখুট, অনুরাগ।
Fáncy, *v.* মানস ক; ভাল বাস।
Fane, *s.* মন্দির, ধর্ম্মশালা।
Fang, *s.* পশ্বাদির দন্ত, বিষদন্ত; থাবা।
Fángled, *a.* ভড়কিয়া, চিত্রবিচিত্র।
Fantástic, *a.* কল্পিত, মানসিক।
Fántasy, *s.* অনর্থক মানস, অসার
Far, *a.* দূর; অন্তর, অসমীপ। [চিন্তা।
Farce, *s.* পরিহাস ঘটিত নাটক।
Fárdel, *s.* ক্ষুদ্র মোট, পুলিন্দা।
Fare, *s.* খাদ্যদ্রব্য; নৌকাদির ভাড়া।
Fare, *v.* ভালমন্দ অবস্থা প্রাপ্ত হ; ভক্ষণ ক।
Farewéll, *s.* প্রস্থানকালীন বন্দনা।

Farináceous, *a.* শস্যভাব বিশিষ্ট, আটাবৎ।
Farm, *s.* যোতের ভূমি, ইজারা।
Farm, *v.* ভূমি পত্তনি দে।
Fármer, *s.* যোতদার, কৃষক, চাষা।
Fárrier, *s.* অশ্বচিকিৎসক,নালবন্ধী।
Fárriery, *s.* অশ্বচিকিৎসা, নালবন্ধ।
Fárrow, *s.* শূকর শাবক।
Fárther, *a.* অধিক দূর, দূরতর।
Fárthest, *a.* অতিদূর, দূরতম।
Fárthing, *s.* ইংলণ্ডীয় মুদ্রা বিশেষ।
Fáscinate, মোহিত ক, কুহক ক।
Fascíne, *s.* কাষ্ঠের আটি।
Fáshion, *s.* ধারা,রূপ,প্রকার,রীতি।
Fáshion, *v.* গঠ, ধারামত ক।
Fáshionable, *a.* চলিত ধারানুযায়ী।
Fast, *s.* উপবাস, উপাস, অনাহার।
Fast, *a.* শক্ত, দৃঢ়, স্থির; ত্বরিত।
Fast, *ad.* শীঘ্রুরূপে, শক্তরূপে, দৃঢ়রূপে।
Fásten, *v.* বন্ধন ক, বন্ধ ক, দৃঢ় ক।
Fástening, *s.* বন্ধনী, হুড়কা।
Fastídious,*a.* অসন্তুষ্ট,খিটখিটিয়া।
Fástness, *s.* দুর্গম্যস্থান, দুর্গ, গড়।
Fat, *s.* বসা, মাংসতৈল, বপা।
Fat, *a.* স্থূলকায়, পুষ্ট, স্থূল, মোটা।
Fátal, *a.* প্রাণনাশক, সাংঘাতিক।
Fátalist,*s.* দৈবপরায়ণ,দৈববিশ্বাসী।
Fatálity, *s.* দৈবঘটনা, অদৃষ্ট।
Fate, *s.* অদৃষ্ট, কপাল, প্রাক্তন।
Fáther, *s.* পিতা, জনক; পূর্ব্বপুরুষ।
Fáther-in-law,*s.* শ্বশুর।
Fátherless, *a.* পিতৃহীন, অনাথ।
Fátherly, *a.* পিতৃতুল্য, পিতৃবৎ।
Fáthom, *s.* বাঁউ, ব্যাম, বাহু, চতুর্হস্ত পরিমাণ।
Fáthom, *v.* গভীরতা পরিমাণ ক।
Fáthomless, *a.* অতলস্পর্শ,অগাধ।
Fatígue, *s.* শ্রান্তি, ক্লান্তি, পরিশ্রম।
Fátling, *s.* পুষ্ট পশু।
Fátten, *v.* পুষ্ট ক, স্থূল ক।
Fatúity, *s.* উন্মত্ততা, নির্ব্বোধতা।
Fault, *s.* দোষ, অপরাধ, ত্রুটি।
Fáultless, *a.* নির্দ্দোষী, নিরপরাধী।
Fávour,*s.* অনুগ্রহ; পক্ষপাত,গণতা।
Fávourable, *a.* অনুকূল,অনুগ্রাহক।
Fávourite, *s.* প্রিয় ব্যক্তি,স্নেহপাত্র।
Fawn, *s.* হরিণের শাবক।
Fawn, *v.* তোষামোদ ক,আনুগত্য ক, মৃগ প্রসব হ।
Fay, *s.* পরী; বিশ্বাস।
Féalty, *s.* প্রভুভক্তি, আজ্ঞাধীনতা।
Fear, *s.* ভয়, ত্রাস, ভীতি; আদর।
Feárful, *a.* শঙ্কিত, ভীত; ভয়ানক।
Féarless, *a.* নির্ভয়, অকুতোভয়, সাহসিক।
Féasible, *a.* সাধ্য, সহজ,সম্ভবনীয়।
Feast, *s.* ভোজ, মহোৎসব, পর্ব্ব।
Feat, *s.* সাহসিক কর্ম্ম,বৃহদ্ব্যাপার।
Feáther, *s.* পক্ষ, পাখা, পালখ।
Féature, *s.* মুখের ডৌল, লক্ষণ।
Fébrifuge, *s.* জ্বরনাশক ঔষধ।
Fébrile, *a.* জ্বরজাত, জ্বরঘটিত।
Fébruary, *s.* ইউরোপীয় বৎসরের দ্বিতীয় মাস।
Féculence, *s.* মালিন্য, গাদ, মল।

Féculent, *a.* পিটাযুক্ত, গাদময়, মলিন।
Fecúndity, *s.* উর্ব্বরত্ব, ফলবত্ত্বা।
Féderal, *a.* নিয়ম সম্বন্ধীয়, সন্ধি বিষয়ক।
Fee, *s.* বেতন, বানী, পারিতোষিক।
Feéble, *a.* দুর্ব্বল, ক্ষীণ, জীর্ণ।
Feed, *v.* ভোজন করা, আহার ক।
Feel, *v.* স্পর্শ ক, সুখ বা দুঃখ বোধ ক।
Féeler, *s.* স্পর্শক; কীটের শুঙ্গা।
Féeling, *s.* বোধ, দয়া, কৃপা, স্নেহ।
Feign, *v.* ছলনা ক, প্রতারণা ক।
Feígned, *a.* কল্পিত, মিথ্যা, ভাক্ত।
Feint, *s.* ছল, ছলনা, ফাঁকী; কাপট্য।
Felícitate, *v.* পর মঙ্গলে আহ্লাদ প্রকাশ ক; মঙ্গলাচরণ ক।
Felícity, *s.* সুখ, আহ্লাদ, মঙ্গল।
Felíne, *a.* বিড়ালবৎ, বিড়াল জাতীয়।
Fell, *v.* কাটিয়া ফেল, ছেদন ক।
Fell, *a.* নিষ্ঠুর, নির্দ্দয়, হিংস্র, ক্রূর।
Félloe, *s.* চক্রের পরিধি, চাকার ঘের।
Féllow, *s.* সমজুটী; ছাত্র; বেটা; বিদ্যালয়ের বৃত্তিভুক্।
Féllowship, *s.* সংসর্গ, অংশিত্ব; বিদ্যালয়ের বৃত্তির অধিকার।
Felo-de-sé, *s.* আত্মঘাতী, আত্মহত্যা কারক। [আঙ্গুল হাড়া।
Félon, *s.* মহদ্দোষী, অত্যাপরাধী;
Felónious, *a.* দুষ্ট, হিংস্রক; মহা পাতকী।
Félony, *s.* মৃত্যুযোগ্য অপরাধ।
Felt, *s.* লোমনির্ম্মিত জমাট বস্ত্র।
Fémale, *a.* স্ত্রী, স্ত্রীলিঙ্গ, স্ত্রীসম্বন্ধীয়।

Féminine, *a.* স্ত্রীজাতীয়; মৃদু, স্ত্রীবৎ
Fémoral, *a.* উরু সম্বন্ধীয়।
Fen, *s.* জলাভূমি, আর্দ্রভূমি, ঝিল।
Fence, *s.* বেড়া, ঘেরা, আবরণ।
Fence, *v.* বেড়া দে; ঢালিপাইক খেল।
Fénd, *v.* অবরোধ ক, নিবারণ ক।
Fénnel, *s.* শলুফা শাক।
Fermént, *v.* ফুলিয়া উঠ, ফাঁপ।
Férment, *s.* ফাঁপন; কলহ, গণ্ডগোল।
Ferócious, *a.* নিষ্ঠুর, হিংস্র, জিঘাংসু।
Ferócity, *s.* হিংস্রত্ব, নিষ্ঠুরতা, ক্রূরতা।
Férret, *s.* নকুলের ন্যায় পশু; ফিতা বিশেষ।
Férret, *v.* গুপ্তস্থানহইতে বাহির ক।
Ferrúginous, *a.* লৌহগুণ বিশিষ্ট।
Férrule, *s.* সামী, সাঁপী, গুলা।
Férry, *s.* পার ঘাটা, খেয়া ঘাট; খেয়া নৌকা।
Férryboat, *s.* খেয়ার নৌকা।
Fértile, *a.* উর্ব্বরা, ফলবান, সফল।
Fertílity, *s.* উর্ব্বরত্ব, ফলবত্ত্বা।
Fértilize, *v.* উর্ব্বরা ক, ফলবান ক।
Férula, *s.* ছাত্র প্রহারার্থ কাষ্ঠের হাতা বিশেষ।
Férvency, *s.* ঔৎসুক্য, উৎসাহ।
Férvent, *a.* আবিষ্ট, ব্যগ্র, উৎসুক, অনুরাগী।
Férvid, *a.* উষ্ণ, তপ্ত, তেজস্বী, ব্যগ্র।
Férvour, *s.* আবিষ্টতা, ঔৎসুক্য।
Féstal, *a.* পর্ব্বাহ বিষয়ক, উৎসবান্বিত।
Féster, *v.* ফোস্কা পড়, রস, পাক।
Féstival, *s.* পর্ব্ব, মহোৎসব, আনন্দোৎসব।

Féstive, *a.* উৎসববিষয়ক, আনন্দী।
Festívity, *s.* হর্ষতা, আমোদ,উৎসব।
Festoón, *s.* পুষ্পমালা, পুষ্পাহার।
Fetch, *v.* আনয়ন ক, উৎপন্ন হ।
Fetch, *s.* ছল, ফাঁকী, প্রবঞ্চনা।
Fétid, *a.* দুর্গন্ধি, কুবাসী, পূতিগন্ধি।
Fétlock, *s.* ঘোটকের হাঁটুর তলে জাত লোম।
Fétter, *s.* শৃঙ্খল, পায়ের বেড়ী।
Fétus, *s.* ভ্রূণ, জরায়ুস্থ প্রাণী।
Feud, *s.* কলহ, বিবাদ, ঝকড়া।
Feúdal, *a.* ভূমির বন্দোবস্ত বিষয়ক, চাকরাণ।
Féver, *s.* জ্বর, তাপ, উষ্মা।
Féverish, *a.* জ্বরাক্রান্ত, জ্বরগ্রস্ত।
Few, *a.* অল্পসংখ্যক, কএক।
Fíat, *s.* আজ্ঞা, আদেশ; হউক।
Fib, *s.* মিথ্যা কথা, অসত্য কথা।
Fíbre, *s.* তন্তু, আঁশ, সূত্র।
Fíbrous, *a.* আঁশাল, তন্তুবিশিষ্ট।
Fíckle, *a.* চঞ্চল, চপল, অস্থির।
Fíction, *s.* গল্প, কল্পিত রচনা, উপন্যাস।
Fictítious, *a.* কল্পিত,কৃত্রিম,মিথ্যা।
Fíddle, *s.* বেহালা, বীণা।
Fidélity, *s.* বিশ্বস্ততা, প্রভুভক্তি।
Fídget, *v.* উষিপিষি ক, চঞ্চল হ।
Fidúcial, *a.* প্রত্যয়ী, অসন্দিগ্ধ।
Fidúciary, *s.* গচ্ছিত বিষয়ের রক্ষক
Fie, *int.* ছিছি, ধিক।
Fief, *s.* জায়গীর, তালুক, বৃত্তিভূমি।
Field, *s.* ক্ষেত্র,মাঠ,কেদার; রণস্থল।
Fiend, *s.* ভূত,পিশাচ,শয়তান,দৈত্য।
Fierce, *a.* জিঘাংসু, ভয়ানক, ক্রূর।
Fíery, *a.* আগ্নেয়,উগ্রস্বভাব,রাগাল।
Fife, *s.* বংশী, বাঁশী, সানাই।
Fífteen, *a.* পঞ্চদশ, পোনের।
Fífty, *a.* পঞ্চাশ।
Fig, *s.* আঞ্জির, ডুমুর বৃক্ষ বা তৎ-[ফল।
Fight, *s.* যুদ্ধ, লড়াই, সংগ্রাম।
Fígment, *s.* কল্পনা, ছল, রচা কথা।
Fígurative, *a.* উপমাবিশিষ্ট,রূপক।
Fígure, *s.* আকার, মূর্ত্তি, প্রতিমা, ছবি; অঙ্ক, সংখ্যা।
Fígure, *v.* সাকার ক, অঙ্কিত ক।
Fílament, *s.* আঁশ, তন্তু, সূক্ষ্ম সূত্র।
Fílbert, *s.* ফল বিশেষ।
Filch, *v.* চুরি ক, হাত ছেঁচড়ামি ক।
File, *s.* উখা; নথী; পত্রাদি গাঁথিবার শিক; সেনাশ্রেণী।
File, *v.* উখাদ্বারা ঘর্ষ, নথীতে রাখ।
Fílial, *a.* সন্তানবৎ, পুত্রধর্ম্মক।
Fíligree, *s.* স্বর্ণাদির গুণার কর্ম্ম।
Fílings, *s.* উখার গুড়া।
Fill, *v.* পূর্ণ ক, পরিতৃপ্ত ক, ভর।
Fíllet, *s.* কেশ বন্ধনের ফিতা; উরুর মাংসল ভাগ।
Fíllip, *v.* টোকা মার, তুড়ি দা।
Fílly, *s.* ঘোটকের স্ত্রীবৎস।
Film, *s.* ছানী, চক্ষুর অতি পাতলা চাম্‌ড়া।
Fílter, *v.* চোয়া, ছাঁক, ক্ষরা।
Filth, *s.* মল, বিষ্ঠাদি।
Fílthy, *a.* সমল, মলিন, অপবিত্র।
Fíltrate, *v.* ছাঁক, গাদ কাট, ক্ষরা।
Fin, *s.* মৎস্যের ডেনা।

Fínal, *a.* শেষ, অন্ত্য, চরম, চূড়ান্ত।
Fínally, *ad.* শেষে, অবশেষে, চরমে।
Finánce, *s.* আয়, রাজস্ব, ধনার্জ্জন।
Finánciál, *a.* রাজস্ব সম্বন্ধীয়, আয় বিষয়ক।
Find, *v.* অন্বেষণদ্বারা প্রাপ্ত হ, পা।
Fine, *s.* অর্থদণ্ড; শেষ।
Fine, *a.* সূক্ষ্ম, মিহি, উত্তম, নির্ম্মল।
Fíner, *s.* ধাতু পরিষ্কারক।
Fínery, *s.* বেশভূষা, আভরণাদি; চুলা বিশেষ।
Finésse, *s.* ছল, কৌশল, নৈপুণ্য।
Fínger, *s.* অঙ্গুলী, আঙ্গুল; fore-তর্জ্জনী; middle-মধ্যমা; ring-অনামিকা; little-কনিষ্ঠা।
Fínger, *v.* অঙ্গুলীদ্বারা স্পর্শ ক।
Fínical, *a.* সুবেশেতে যত্নবিশিষ্ট, সুপরিচ্ছদী।
Fínis, *s.* সমাপ্তি, ইতি, সাঙ্গ।
Fínish, *v.* সমাপ্ত ক, সম্পূর্ণ ক।
Fínite, *a.* অনিত্য, পরিমেয়, সসীম।
Fir, *s.* দেবদারু কাষ্ঠ, সুরতরু।
Fire, *s.* অগ্নি, অগ্নিদাহ, তেজ।
Fire, *v.* অগ্নি দে, আগ্নেয়াস্ত্র ত্যাগ ক।
Fírebrand, *s.* উল্কা, প্রজ্বলিত কাষ্ঠ।
Fíre-engine, *s.* অগ্নিনির্ব্বাণেরদমকল।
Fíre-fly, *s.* জোনাকীপোকা, জোনাক।
Fírelock, *s.* বন্দুক, অগ্নি যন্ত্র।
Fíreman, *s.* গৃহদাহ নির্ব্বাণকারী।
Fírewood, *s.* জ্বালানি কাষ্ঠ, ইন্ধন।
Fíreworks, *s.* আতসবাজী, অগ্নিক্রীড়া।
Fírkin, *s.* নয় গালন অর্থাৎ প্রায় ৩০ সের ধারি পিপা।

Firm, *a.* শক্ত, দৃঢ়, স্থির; সারযুক্ত।
Firm, *s.* বাণিজ্যার্থে সম্প্রদায়; বাণিজ্যের কুঠী।
Fírmament, *s.* আকাশমণ্ডল।
First, *a.* প্রথম, আদ্য; প্রধান, শ্রেষ্ঠ।
Fírstborn, *a.* প্রথমজাত, অগ্রজ, জ্যেষ্ঠ।
Fírstfruits, *s.* প্রথমজাত ফল।
Fírstling, *s.* প্রথমজাত সন্তান।
Fírst-rate, *a.* সর্ব্বশ্রেষ্ঠ, অত্যুত্তম।
Físcal, *a.* রাজস্ব সম্বন্ধীয়।
Fish, *s.* মৎস্য, মাছ, মীন।
Fish, *v.* মৎস্য ধর।
Físherman, *s.* ধীবর, মৎস্যব্যবসায়ী।
Físhery, *s.* মৎস্যব্যবসায়; মৎস্য ধরা যায় বা জন্মে যে স্থানে।
Fish-hook, *s.* মৎস্য ধরণার্থ বড়শী।
Físhmonger, *s.* মাছুয়া, মৎস্য বিক্রেতা।
Físsure, *s.* ছিদ্র, রন্ধ্র, বিবর, ফাঁক।
Fist, *s.* মুষ্টি, মুঠা, কিল, ঘুষা।
Físticuffs, *s.* মুষ্টামুষ্টি, ঘুষাঘুষী।
Fístula, *s.* ভগন্দর, মলদ্বারেক্ষতবিশেষ
Fit, *s.* অপস্মার; রোগের উপসর্গ।
Fit, *a.* উচিত, উপযুক্ত, বিহিত।
Fit, *v.* উপযুক্ত হ, ঠিক হ, প্রস্তুত ক।
Five, *a.* পাঁচ, পঞ্চ।
Fives, *s.* এণ্ডাল ক্রীড়া বিশেষ; ঘোটকের রোগ বিশেষ।
Fix, *v.* স্থাপিত ক, দৃঢ় ক, নিয়ম ক।
Fíxture, *s.* স্থাপিত দ্রব্য; যাহা আঁটান গিয়াছে।
Flábby, *a.* শ্লথ, অদৃঢ়, ঢিলা, লোলিত।
Fláccid, *a.* নরম, ঢিলা, অশক্ত।

Flag, *s.* পতাকা; জলজ বৃক্ষ বিশেষ; মেজেতে বসাইবার পাতর।
Flag, *v.* শ্রান্ত হ, শিথিল হ, ম্লান হ।
Flagellátion, *s.* কোড়া মারণ, প্রহার।
Flágeolet, *s.* সানাইবৎ ক্ষুদ্র বাঁশী।
Flagítious, *a.* অতি দুষ্ট, দুরাচার।
Flágon, *s.* কুঁজা, দ্রাক্ষারসের পাত্র।
Flágrancy, *s.* দোষের আতিশয্য, প্রসিদ্ধত্ব।
Flágrant, *a.* জ্বলন্ত; অতিদুষ্ট, প্রসিদ্ধ।
Flágstaff, *s.* পতাকাদণ্ড, ধ্বজাদণ্ড।
Flail, *s.* শস্য মর্দ্দনের দণ্ড। [থাক।
Flake, *s.* কোষ্ঠা, লুটী, গোছা; ঝল্ক;
Flámbeau, *s.* উল্কা, ডামর, মসাল।
Flame, *s.* অগ্নিশিখা; আসক্তি, ঔৎসুক্য।
Fláming, *a.* প্রজ্বলিত, জাজ্বল্যমান।
Flank, *s.* পাঁজরা, পার্শ্ব, পক্ষ, সৈন্যের পার্শ্ব ভাগ।
Flank, *v.* পার্শ্ব আক্রমণ বা রক্ষা ক।
Flánnel, *s.* পশমী বস্ত্র বিশেষ।
Flap, *s.* দামন্, বস্ত্রের নীচ ভাগ; ঘোটকের রোগ বিশেষ।
Flap, *v.* পাখা ঝাড়, পাখসাট মার।
Fláp-eared, *a.* লোলিত কর্ণবিশিষ্ট।
Flare, *v.* দপ্ ২ করিয়া জ্বলিয়া উঠ।
Flash, *s.* আভা, চাক্‌চক্য, চক্‌মক্; ক্ষুদ্র জলাশয়।
Fláshy, *a.* ফাঁপা, ভড়কাল, দেখাড়ু।
Flask, *s.* বারুদের শিঙ্গা, পাত্র।
Flat, *s.* সমভূমি, সমুদ্রের চর; তলবারের পাতা।
Flat, *a.* সমান, চেপ্‌টা; নিস্তেজ।
Flátly, *ad.* স্পষ্টরূপে, সমতারূপে।
Flátten, *v.* সমান ক, চেপ্‌টা ক; বিষণ্ণ ক।
Flátter, *v.* মিথ্যা প্রশংসা ক।
Flátterer, *s.* স্তুতিবাদকারী, স্তাবক।
Fláttery, *s.* মিথ্যা প্রশংসা, স্তব।
Flátulency, *s.* বায়ুরোগ, কুক্ষি; অনর্থকতা।
Flátulent, *a.* বায়ুরোগগ্রস্ত, বাতুয়া; ফাঁপা, শূন্য। [চল; ঝোল।
Flaunt, *v.* ভড়ক দেখা, বুক ফুলাইয়া
Flávour, *s.* আস্বাদ, সুস্বাদ, গন্ধ।
Flaw, *s.* ছিদ্র, চিড়; কলঙ্ক, দোষ।
Flax, *s.* তিসী, অতসী, মসীনা; শোণ।
Flay, *v.* চর্ম্ম তোল, ছোল।
Flea, *s.* পিশু, ওয়ান্‌কী।
Flédged, *a.* পালখবিশিষ্ট, পক্ষবান।
Flee, *v.* পলায়ন ক, ছট্‌কা, ভাগ।
Fleece, *s.* এক মেষের শরীরহইতে যত পশম পাওয়া যায়, ঊর্ণাগুচ্ছ।
Fleece, *v.* লোম কত্ত; লুট ক।
Fleécy, *a.* লোমবৎ, পশমী।
Fleet, *s.* জাহাজের বহর, পোতবহর; খাড়ি।
Fleet, *a.* দ্রুতগামী, সত্বরগামী।
Fleéting, *a.* শীঘ্রগামী, অস্থায়ী।
Flesh, *s.* মাংস; শারীরিক ধর্ম্ম; নিকট কুটুম্ব।
Fléshly, *a.* শারীরিক, ঐহিক।
Fléshy, *a.* মাংসল, হৃষ্টপুষ্ট।
Flexibílity, *s.* নম্যতা, নমনীয়তা।
Fléxible, *a.* নমনশীল, কোমল, বশ্য।
Fléxure, *s.* নমন, বাঁক, পেঁচ।
Flícker, *v.* পাখসাট মার; মিটমিট ক।

Flight, *s.* পলায়ন, উড়ন ; ঝাঁক; মনের বৈকল্য।
Flíghty, *a.* উড্ডীয়মান, চঞ্চল।
Flímsy, *a.* ক্ষীণ, কৃশ, অদৃঢ় ; তুচ্ছনীয়।
Flinch, *v.* ব্যাঘাত দেখিয়া হঠ।
Fling, *v.* নিঃক্ষেপ ক, ফেলিয়া দে।
Flint, *s.* চক্‌মকীর পাতর, অগ্নিউৎপাদক প্রস্তর ; কঠিন দ্রব্য।
Flínty, *a.* চক্‌মকী পাতরময়; নির্দ্দয়।
Flíppant, *a.* বাচাল, বহু বাক্যবাদী, চপল। [প্রক্ষেপ।
Flirt, *s.* প্রগল্‌ভা স্ত্রী, খেলাড়ী; হঠাৎ
Flirt, *v.* ছিট্‌কী মার ; বিদ্রূপ ক।
Flit, *v.* উড়িয়া যা, অস্থির হ, সর।
Flitch, *s.* শূকরের লবণাক্ত শুষ্ক পাঁজরা।
Float, *v.* ভাস, জলে বহিয়া যা।
Float, *s.* কাষ্ঠের মাড় ; ফাত্‌না ; তরঙ্গ।
Flock, *s.* পাল, ঝাঁক; লোমের থোবা।
Flog, *v.* প্রহার ক, শাস্তি দে, মার।
Flógging, *s.* প্রহার করণ, মারণ।
Flood, *s.* বন্যা, জলপ্লাবন; জোয়ার।
Floódgate, *s.* জল নির্গমনের দ্বার।
Floor, *s.* ঘরের মেজিয়া, তালা।
Flóral, *a.* পুষ্প সম্বন্ধীয়।
Flórid, *a.* গোলাবি, ঈষদ্রক্তবর্ণ।
Flórin, *s.* রৌপ্য মুদ্রা বিশেষ।
Flórist, *s.* মালাকার, মালী।
Flotílla, *s.* ক্ষুদ্র জাহাজের বহর।
Flounce, *v.* আছাড়িপিছাড়ি ক, আস্ফালন ক। [ভাগ।
Flounce, *s.* বস্ত্রের শোভাকর প্রান্ত-

Floúnder, *v.* ধড়ফড় ক, উল্লম্ফন ক, আস্ফালন ক।
Flour, *s.* ময়দা, আটা, সুজি।
Floúrish, *v.* শ্রীযুক্ত হ; বাগাড়ম্বর ক।
Flow, *v.* প্রবাহ হ, বহিয়া যা।
Flówer, *s.* পুষ্প, কুসুম; যৌবন; সারভাগ।
Flówer, *v.* পুষ্পিত হ, ফুল ধর।
Flówery, *a.* পুষ্পেতে ভূষিত।
Flúctuate, *v.* অনিয়মিত গতি ক, অস্থির হ।
Fluctuátion, *s.* চাঞ্চল্য, অস্থিরতা।
Flue, *s.* বাতাস খেলিবার চুঙ্গী; কোমল লোম। [মলত্ব।
Flúency, *s.* কথা কহনের পটুতা; কো-
Flúent, *a.* বাক্‌পটু ; বহনশীল।
Flúid, *s.* দ্রবদ্রব্য, রস, জলবৎ দ্রব্য।
Flúid, *a.* তরল, দ্রবণীয়, জলবৎ।
Fluídity, *s.* তারল্য, দ্রবভাব।
Fluke, *s.* লঙ্গরের ফাল বা হুল।
Flúmmery, *s.* গোমের জাউ; স্তব।
Flúrry, *s.* ঝটকা, ঘবরাণী, হড়বড়ী।
Flush, *v.* পুলকিত হ ; রক্তবর্ণ হ।
Flush, *a.* তেজস্বী, পরিপূর্ণ, প্রচুর।
Flute, *s.* মুরলী, বংশী, সানাই ; পিপ্পার মধ্যে খোল।
Flútter, *s.* ঘবরাণী, চাঞ্চল্য, ক্ষোভ।
Flútter, *v.* পাখাঝট্‌পট্‌ক, থরথর ক।
Flux, *s.* প্রবহন, সমাগম; অতিসার।
Flúxion, *s.* প্রবহন; বীজগণিতবিশেষ
Fly, *s.* মক্ষিকা, মাছী ; কলের অঙ্গ বিশেষ।
Fly, *v.* উড়িয়া যা, পলায়ন ক।

Foal, *s.* ঘোটকীর বৎস।
Foam, *s.* ফেণা, গাঁজ্‌লা।
Fob, *s.* ঘড়ী রাখিবার জেব।
Fócus, *s.* যে স্থানে সূর্য্যের কিরণ একত্রীভূত হয়, অধিশ্রয়ণী।
Fódder, *s.* পশুর আহারীয় শুষ্কতৃণাদি দ্রব্য।
Foe, *s.* শত্রু, অরি, বিপক্ষ, বৈরী।
Fœtus, *s.* গর্ভস্থ বালক, ভ্রূণ।
Fog, *s.* কুয়াসা, কুজ্‌ঝটিকা।
Fóggy, *a.* কুজ্‌ঝটিকাময়।
Fóible, *s.* দৌর্ব্বল্য, ক্ষীণপক্ষ, ত্রুটি।
Foil, *v.* উদ্যোগ ভঙ্গ ক, পরাজয় ক।
Foil, *s.* পরাজয়; ভোঁতা তলবার।
Foist, *v.* কৃত্রিমপূর্ব্বক লিখ।
Fold, *v.* পাট ক, ভাঁজ ক; আটক ক।
Fold, *s.* খোঁয়াড়; ভাঁজ; গুণ।
Fóliage, *s.* বৃক্ষের পত্র সমূহ।
Fólio, *s.* এক তক্তা কাগজ দুই ভাঁজ করিলে যে ফর্দ্দ হয় সেই পরিমাণের পুস্তক।
Folk, *s.* লোক, মনুষ্যগণ, জনমানব।
Fóllow, *v.* পশ্চাদ্‌গামী হ, আজ্ঞানুবর্ত্তী হ।
Fóllower, *s.* পশ্চাদ্‌গামী, অনুচর।
Fólly, *s.* অবিবেচনা, নির্ব্বুদ্ধিতা।
Fomént, *v.* স্বেদ ক; উন্নত ক; বিবাদ উস্কা।
Fomentátion, *s.* স্বেদ দেওন, সেকন।
Fond, *a.* আসক্ত, অনুরাগী, বৎসল।
Fóndle, *v.* সোহাগ ক, বাৎসল্য ক।
Fóndling, *s.* স্নেহপাত্র, দুলাল।
Fóndness, *s.* অনুরাগ, বাৎসল্য।
Font, *s.* জল রাখিবার খোদিত পাত্র; এক প্রকার ছাপার অক্ষর সমূহ।
Food, *s.* অন্ন, আহার, ভোজ্য, খাদ্য।
Fool, *s.* পাগল, মূর্খ, নির্ব্বোধ; ভণ্ড।
Fóolery, *s.* নির্ব্বুদ্ধিতা, মূর্খতা; অনর্থক ক্রিয়া।
Foolhárdy, *a.* অসম সাহসী, নির্ভয়।
Fóolish, *a.* পাগলের মত, অজ্ঞান।
Fóolishness, *s.* অজ্ঞানতা, মূর্খতা।
Fóolscap, *s.* এক প্রকার কাগজ।
Foot, *s.* চরণ, পাদ, পায়া; ১২ বুরুল।
Fóotball, *s.* পা দিয়া খেলিবার বাঁটুল
Fóoting, *s.* পাদ বিক্ষেপের স্থান; পদ, অবস্থা।
Fóotman, *s.* পদাতিক, দাস, ভৃত্য।
Fóotpad, *s.* ডাকাইত, বাটপাড়।
Fóotpath, *s.* ক্ষুদ্র পথ, সুঁড়িপথ।
Fóotstalk, *s.* বোঁটা, বৃন্ত, ডাঁটা।
Fóotstep, *s.* পাদচিহ্ন, পদাঙ্ক।
Fóotstool, *s.* পাদপীঠ, পদাসন।
Fop, *s.* ভড়কদার, ফুল্লারবিন্দ।
Fóppish, *a.* ভড়কিয়া, ফুলফুলিয়া, রঙ্গীলা।
For, *pr.* কারণ, জন্যে; পরিবর্ত্তে।
For, *c.* কারণ, কেননা, যেহেতুক।
Fórage, *s.* পশ্বাদির ভক্ষণীয় দ্রব্য; ভক্ষ্য দ্রব্যের অন্বেষণ।
Forasmúch, *c.* যেহেতুক, কেননা।
Forbéar, *v.* ক্ষান্ত হ, সহ্য ক।
Forbéarance, *s.* ক্ষান্তি, সহিষ্ণুতা।
Forbíd, *v.* নিষেধ ক, বারণ ক।
Forbídding, *a.* ঘৃণাজনক; নিষেধক।
Force, *s.* বল, ক্ষমতা, অত্যাচার; যুদ্ধার্থে সুসজ্জিত সৈন্য।

Force, *v.* বলেতে করা, বলাৎকার ক।
Fórceps, *s.* চিম্‌টা, সাঁড়াশী, সন্দংশ।
Fórcible, *a.* প্রবল, সবল, পরাক্রান্ত।
Ford, *v.* হাঁটিয়া পার হ।
Ford, *s.* হাঁটিয়া পার হওনের স্থান।
Fórdable, *a.* পদযুজে পার হওনের [যোগ্য।
Fore, *a.* অগ্র, পূর্ব্ব।
Forebóde, *v.* অগ্রেবোধ ক, সূচনা ক।
Forecást, *s.* পরিণামদর্শন, অগ্রেচিন্তা বা কল্পনা।
Fórecastle, *s.* জাহাজের অগ্রভাগ।
Fórefather, *s.* পিতৃলোক, পূর্ব্বপুরুষ।
Fórefinger, *s.* তর্জ্জনী, হস্তের দ্বিতীয় অঙ্গুলী।
Fórefront, *s.* অগ্রভাগ, কপাল।
Foregó, *v.* ত্যাগ ক, হারা; অগ্রেগমন ক।
Foregóing, *a.* পূর্ব্বগামী, পূর্ব্বোক্ত।
Fórehead, *s.* কপাল, ললাট, ভাল।
Fóreign, *a.* বিদেশীয়; নিঃসম্পর্কীয়, [দূরস্থ
Fóreigner, *s.* বিদেশীয় ব্যক্তি।
Foreknów, *v.* ভাবী বিষয় জ্ঞাত হ।
Fóreland, *s.* অন্তরীপ, টেঁক।
Fórelock, *s.* কপালের কেশগোছা।
Fóreman, *s.* কর্ম্মকারকদিগের প্রধান; জুরির সভাপতি।
Fóremost, *a.* অগ্রস্থিত, অগ্রগণ্য।
Fórenoon, *s.* পূর্ব্বাহ্ন, সকাল।
Forénsic, *a.* আদালৎসম্পর্কীয়।
Forerúnner, *s.* অগ্রসর, অগ্রগ।
Fóreseé, *v.* ভাবী দর্শন ক।
Fóresight, *s.* পরিণামদর্শন, দূরদর্শন।
Fóreskin, *s.* লিঙ্গাগ্রচর্ম্ম।
Fórest, *s.* কানন, অরণ্য, বন, অটবী।

Forestáll, *v.* অগ্রে দখল ক; অন্যের পূর্ব্বে ক্রয় ক।
Fórester, *s.* বন রক্ষক, বনবাসী।
Fóretaste, *s.* ভাবী স্বাদ অনুভব; পূর্ব্বে জানন।
Foretéll, *v.* ভবিষ্যদ্বাক্য কহ।
Fórethought, *s.* ভাবী চিন্তা, পূর্ব্বসূচনা, পরিণাম দর্শন।
Forewárn, *v.* পূর্ব্বে সাবধান ক।
Fórfeit, *s.* ধনদণ্ড, অর্থদণ্ড।
Fórfeiture, *s.* অর্থদণ্ড দেওন; বাজেয়াপ্ত করা দ্রব্য।
Forge, *s.* কামারশালা; হাপর।
Forge, *v.* জাল ক; ধাতু পিট; নির্ম্মাণ ক।
Fórgery, *s.* জালখত; জাল করণ, কৃত্রিম করণ।
Forgét, *v.* বিস্মৃত হ, ভুল, পাসর।
Forgétful, *a.* বিস্মৃত, ভ্রান্ত, বিস্মারক
Forgíve, *v.* ক্ষমা ক, মার্জ্জনা ক।
Forgíveness, *s.* ক্ষমা, মার্জ্জনা।
Fork, *s.* মেজের কাঁটা, হুল।
Fórked, *a.* কাঁটাযুক্ত, কণ্টকবৎ।
Forlórn, *a.* দীন, ত্যক্ত, অনাথ।
Form, *v.* নির্ম্মাণ ক, কল্পনা ক, নিয়ম ক।
Form, *s.* আকৃতি, বিধি; দীর্ঘকাষ্ঠাসন।
Fórmal, *a.* যথাবিধি, বিধ্যনুগামী।
Fórmalist, *s.* রীতি মান্যকারী, ব্যবহারানুযায়ী। [কাপট্য।
Formálity, *s.* রীতিমত ব্যবহার;
Formátion, *s.* নির্ম্মাণ, গঠন।
Fórmer, *a.* পূর্ব্ব, প্রথম, আদিম।

Fórmerly, *ad.* পূর্ব্বকালে, অগ্রে, প্রথমে।
Fórmidable, *a.* ভয়ানক, দারুণ।
Fórmless, *a.* নিরাকার, অবয়বহীন।
Fórmula, *s.* রীতি, নিয়ম, ধারা।
Fórmulary, *s.* বিধির গ্রন্থ, আচার ব্যবহারের সংগ্রহ। [স্পষ্টতা।
Fornicátion, *s.* ব্যভিচার ক্রিয়া, ল-
Forsáke, *v.* পরিত্যাগ ক, ছাড়্।
Forsoóth, *ad.* সত্য, বটে।
Forsweár, *v.* মিথ্যা শপথ ক।
Fort, *s.* দুর্গ, গড়।
Forte, *s.* বিশেষ নৈপুণ্যের স্থল।
Forth, *ad.* বাহিরে, অগ্রে।
Forthcóming, *a.* উপস্থিত হওনোপযুক্ত; আগন্তব্য, আগামী।
Fórthwith, *ad.* আপাততঃ, অচিরাৎ
Fortificátion, *s.* দুর্গ নির্ম্মাণ বিদ্যা; দুর্গ, গড়।
Fórtify, *v.* সবল ক; দুর্গ নির্ম্মাণ ক।
Fórtitude, *s.* অকাতরে ক্লেশভোগ করিবার ক্ষমতা, সহিষ্ণুতা, সাহস।
Fórtnight, *s.* এক পক্ষ, দুই সপ্তাহ।
Fórtress, *s.* দুর্গ, গড়।
Fortúitous, *a.* দৈবাৎ, অকস্মাৎ।
Fórtunate, *a.* পয়মন্ত, ভাগ্যবান্।
Fórtune, *s.* ভাগ্য, অদৃষ্ট; সম্পত্তি।
Fórtune-teller, *s.* দৈবজ্ঞ, গণক।
Forty, *a.* চল্লিশ, চত্বারিংশৎ।
Fórum, *s.* বিচারস্থান, ব্যবস্থান; চক।
Fórward, *a.* অগ্রসর, প্রস্তুত, উদ্যত; নির্লজ্জ। [বৃদ্ধি ক।
Fórward, *v.* অগ্রসর ক; সাহায্য ক,
Fórward, *ad.* অগ্রে, আগে।
Fórwardness, *s.* ব্যগ্রতা, প্রস্তুততা, উদ্যোগ।
Fosse, *s.* গড়খাই, খাত, গর্ত্ত, পরিখা।
Fóssil, *s.* প্রস্তরীভূত ধাতুদ্রব্য, মৃত্তিকা হইতে খনন দ্বারা প্রাপ্ত দ্রব্য,—যথা, ধাতু অথবা প্রস্তরীভূত বৃক্ষ, শঙ্খ ইত্যাদি; অস্থি।
Fóster, *v.* পোষণ ক, প্রতিপালন ক।
Fósterbrother, *s.* ধাইভাই, দুগ্ধভাই, একস্তন পায়ী। [সন্তান।
Fósterchild, *s.* পোষ্য সন্তান, পালক
Fosterfáther, *s.* অন্নদাতা পিতা।
Foul, *a.* সমল; দুরাচার, অন্যায়।
Foulmoúthed, *a.* দুর্ম্মুখ, অপ্রিয়বাদী।
Found, *v.* পত্তন ক, স্থাপিত ক।
Foundátion, *s.* ভিত্তিমূল, সংস্থাপন।
Foúnder, *s.* নির্ম্মাতা, পত্তনকারী; ছাঁচে ঢালে যে।
Foúnder, *v.* জলে মগ্ন হ, ডুবিয়া যা।
Foúndery, *s.* ছাঁচে ঢালিবার ঘর।
Foúndling, *s.* অজ্ঞাত বংশ জাত ত্যক্ত শিশু। [জলাশয়।
Foúntain, Fount, *s.* ঝরণা, উনুই,
Four, *a.* চারি, চতুর, চতুষ্টয়।
Fóurfold, *a.* চতুর্গুণ, চতুর্ধা।
Foursquáre, *a.* চতুষ্কোণ, চতুরস্র।
Fourteén, *a.* চৌদ্দ, চতুর্দশ।
Fourth, *a.* চতুর্থ।
Fowl, *s.* পক্ষী, কুক্কুট।
Fówler, *s.* পাখীমারা, ব্যাধ, লুব্ধক।
Fox, *s.* খেঁকশিয়াল, উল্কামুখী।
Fráction, *s.* ভঙ্গন; ভাগ, খণ্ড, অংশ।

Fráctional, *a.* অংশ সম্বন্ধীয়।
Fráctious, *a.* কুন্দলিয়া, কলহকারী।
Frácture, *s.* ভগ্ন, হাড় ভাঙ্গন।
Frágile, *a.* শীঘ্র ভগ্নশীল, ক্ষীণ, অশক্ত।
Fragílity, *s.* ঠুন্‌কাই, অশক্ততা।
Frágment, *s.* খণ্ড, টুকুরা, গুঁড়া।
Frágrance, *s.* সুগন্ধ, সৌরভ, সুবাস।
Frágrant, *a.* সুগন্ধি,সৌরভবিশিষ্ট।
Frail, *a.* আশুবিনাশ্য, অস্থায়ী।
Fráilty, *s.* দৌর্ব্বল্য, ক্ষীণতা।
Frame, *s.* কাঠাম, গঠন, আকৃতি।
Frame, *v.* গঠ, রচনা ক, নিয়ম ক।
Fránchise, *s.* মুক্তি, অধিকার।
Frángible, *a.* শীঘ্র ভগ্নশীল, টুসুক্।
Frank, *s.* বে মাশূলী চিঠী।
Frank, *a.* সরল, অকপট ; বদান্য।
Fránkincense, *s.*কুন্দুরু,ধূপ বিশেষ।
Frántic, *a.* বিক্ষিপ্ত, উন্মত্ত, বিহ্বল।
Fratérnal, *a.* ভ্রাতৃবৎ ; ভ্রাত্রীয়।
Fratérnity, *s.* ভ্রাতৃত্ব ; দল, সমাজ।
Frátricide, *s.* ভ্রাতৃহত্যা ; ভ্রাতৃহন্তা।
Fraud, *s.* চাতুরী, প্রবঞ্চনা, ছলনা।
Fráudulent, *a.* শঠ, কুটিল, ধূর্ত্ত।
Fráught, *pa.* ভরা, পূর্ণ, পরিপূর্ণ।
Fray, *s.* বিরোধ, ঝক্‌ড়া, কলহ।
Fray, *v.* ভয় দর্শা, তাড়না ক।
Freak, *s.* খেয়াল, কৌতুক, অকস্মাৎ বাসনা।
Fréckle, *s.* গাত্রের তিল, জরুড়।
Free, *a.* মুক্ত, স্বাধীন ; ব্যয় রহিত।
Fréebooter, *s.* লুটেরা, ডাকাইত।
Fréedom, *s.* মুক্তি,স্বাধীনতা ; ক্ষমতা।
Fréehold, *s.* নিষ্কর ভূম্যধিকার, জায়গীর।
Fréely, *ad.* অবাধে ; বিনামূল্যে।
Fréeman, *s.* স্বাধীন ব্যক্তি, স্ববশ।
Freespóken, *a.* নির্ভয়ে কথক, নিরপেক্ষ, সত্যব্রত।
Fréestone, *s.* বালিয়া প্রস্তর।
Freethínker, *s.* শাস্ত্রনিন্দক, পাষণ্ড ; কোন প্রচলিত মত দ্বারা আবদ্ধ নয় যে।
Freeze, *v.* শীতেতে জমাট হ।
Freight,*s.* নৌকার বোঝাই বা ভাড়া।
French, *a.* ফ্রান্স দেশীয়।
Frénzy, *s.* উন্মত্ততা, ক্ষিপ্ততা, উন্মাদ।
Fréquency, *s.* নিত্যতা, নৈয়ত্য, বারম্বার।
Frequént, *v.* নিত্য গতায়াত ক।
Fréquent, *a.* পুনঃপুনঃ, নিত্য।
Fréquently, *ad.*পুনঃ পুনঃ, বারবার।
Fresh, *a.* টাট্‌কা, শীতল ; অলবণ, সতেজ।
Fréshen, *v.* সতেজ ক, সবল ক।
Fret, *v.* খিট্‌খিট ক ; খেদ ক ; ঘর্ষ ; ক্ষয় ক।
Frétful, *a.* খিট্‌খিটিয়া, বিরক্ত।
Fríable, *a.*চূর্ণকরণযোগ্য,মুড়মুড়িয়া।
Fríar, *s.* উদাসীন বিশেষ।
Fríction, *s.* ঘর্ষণ, ডলন, বিমর্দ্দন।
Fríday, *s.* শুক্রবার।
Friend, *s.* বন্ধু, মিত্র, সখা, আত্মীয়।
Friéndless, *a.* বন্ধুহীন, অনাথ।
Friéndly, *a.*বন্ধুবৎ;হিতৈষী,অনুকূল।
Friéndship, *s.* বন্ধুতা, আনুকূল্য।

Frígate, *s.* যুদ্ধ জাহাজ বিশেষ।
Fright, *s.* আতঙ্ক, ভয়, শঙ্কা, ত্রাস।
Fríghten, *v.* ভীত ক, ভয় দর্শা।
Fríghtful, *a.*ভয়ানক,ভয়ঙ্কর,দারুণ।
Frígid, *a.* শীতল, নিস্তেজ, নিস্পন্দ।
Frill, *s.* বস্ত্রের ফুঁপি,দশী বা ঝালর।
Fringe, *s.* অঞ্চল, ঝালর, ফুঁপি।
Fríppery,*s.*পুরাতন ও তালীযুক্তবস্ত্র।
Frisk, *v.* উল্লম্ফন ক, কুঁদ, লাফা।
Frith, *s.* সমুদ্রের খাড়ি, খাল।
Frítter, *v.* কুটি ২ ক, টুকরা ২ ক।
Frivólity, *s.* অনর্থকতা, লঘুতা।
Frívolous, *a.*ক্ষুদ্র,তুচ্ছনীয়,অনর্থক।
Frízzle, *v.* চাঁচর ক, কোঁকড়া।
Fro, *ad.* ততঃ,—যথা, ইতস্ততঃ।
Frock, *s.* গা জামা, কুর্ত্তী।
Frog, *s.* মণ্ডূক, ভেক, বেঙ্গ।
Frólic, *s.* খেলা, কৌতুক, পরিহাস।
From, *pr.* হইতে, অবধি, থাকিয়া।
Front, *s.* সম্মুখ, মুখ, অগ্র।
Fróntier, *s.* সীমা, দেশপ্রান্ত।
Fróntispiece, *s.* গ্রন্থাগ্রবর্ত্তী ছবি।
Frost, *s.* হিম, নীহার, তুষার।
Froth, *s.* ফেণা, গাঁজলা, ফেকুয়া।
Fróthy, *a.* ফেণাময়; অনর্থক।
Fróward, *a.* অবাধ্য,অবশ,একগুঁয়া।
Frown, *s.* ভ্রূকুটি, ভ্রূক্ষেপ, মুখের ভাবদ্বারা রাগ প্রকাশ।
Frúctify, *v.* ফলবান্ ক, উর্ব্বরা ক।
Frúgal, *a.*পরিমিতব্যয়ী,অল্পব্যয়ী।
Frugálity, *s.* পরিমিত ব্যয়,মিতব্যয়।
Fruit, *s.* ফল, উৎপত্তি, প্রতিফল।
Frúiterer, *s.* ফল ব্যবসায়ী।
Frúitful, *a.* ফলবান্, উর্ব্বরা।
Fruítion, *s.* ভোগ, ফলভোগ।
Frúitless, *a.* নিষ্ফল, অনর্থক।
Frúmenty, *s.* পরমান্ন, পায়স।
Frústrate, *v.* নিষ্ফল ক, বৃথা ক।
Fry, *v.* ভর্জ্জন ক, ভাজ, ভুণ।
Fry, *s.* মৎস্যপোনা, ঝাঁক; ভাজি।
Fúddle,*v.*মত্ত ক,মাতাল ক,বিহ্বল ক।
Fúel, *s.* জ্বালানি কাষ্ঠ, ইন্ধন।
Fúgitive, *s.* পলাতক,পর্য্যটনকারী।
Fúlcrum, *s.* তশ্‌লা, খোঁটা, ঢেঁকীর গোঁজ।
Fulfíl, *v.* পূর্ণ ক,সফল ক,সম্পন্ন ক।
Fúlgency, *s.* প্রভা, কান্তি, তেজঃ।
Fulíginous, *a.* ধূমময়, ঝুলপড়া।
Full, *a.* পূর্ণ, সম্পূর্ণ, পরিপূর্ণ, ভরা।
Fúller, *s.* রজক, ধোপা।
Fúlly, *ad.* সম্পূর্ণরূপে,সর্ব্বতোভাবে।
Fúlminate, *v.* গর্জ্জন ক, বৃহন্নাদ ক।
Fúlness, *s.* সম্পূর্ণতা, তৃপ্তি, প্রাচুর্য্য।
Fúlsome, *a.* ঘৃণার্হ, অনিষ্টকর।
Fúmble, *v.* আনাড়ী রূপে কর্ম্ম ক।
Fume, *s.* ধূম, বাস্প, ভাপ; কোপ, ক্রোধ।
Fúmigate, *v.* ধূম ক, ভাব্‌রা দে।
Fumigátion, *s.* ধূঁয়া দেওন, ধূপন, ভাব্‌রা দেওন।
Fun, *s.* পরিহাস, কৌতুক, খেলা।
Fúnction, *s.* কর্ম্ম, ব্যবসা, ক্ষমতা।
Fúnctionary, *s.*পদস্থব্যক্তি,কর্ম্মকারী
Fund, *s.* সঞ্চিত ধন, সংস্থান, পুঁজী।
Fúndament, *s.* পাছা,গুহ্য,মলদ্বার।
Fundaméntal, *a.* মূলীয়, মূলীভূত।

Fúneral, *s.* অন্ত্যেষ্টিক্রিয়া, সমাধি।
Funéreal, *a.* অন্ত্যেষ্টিক্রিয়াযোগ্য।
Fúngus, *s.* ছত্র, ছাতা, কোঁড়ক।
Fúnnel, *s.* চুঙ্গী, নলী, খিলী।
Fúnny, *a.* কৌতুকী,পরিহাসী,রসিক
Fur, *s.* পশম, লোম, ঊর্ণা; কাইট।
Fúrbelow, *s.* ঘাঘরার চুনাট বা ঝালর।
Fúrbish, *v.* উজ্জ্বল ক, মার্জ্জন ক, চক্‌মক ক।
Fúrious, *a.* প্রচণ্ড,রাগান্বিত,রাগান্ধ।
Fúrl, *v.* গুটাইয়া রাখ,জড়া,কোঁকড়া।
Fúrlong, *s.* মাইলের অষ্টমাংশ, ৪৫০ হস্ত পরিমাণ।
Fúrlough, *s.* ছুটী,কর্ম্মহইতে বিরাম।
Fúrnace, *s.* হাপর, চুলা, অগ্নিকুণ্ড।
Fúrnish, *v.* যোগা, নির্ব্বাহ ক, সাজা।
Fúrniture, *s.* গৃহের সামগ্রী, সজ্জা।
Fúrrier, *s.* পশম ব্যবসায়ী।
Fúrrow, *s.* ফালকৃত রেখা, সীতা-খাত, গর্ত্ত।
Fúrther, *ad.* অধিক দূরে,অধিকন্তু।
Fúrther, *v.* সাহায্য ক, উপকার ক; বৃদ্ধি ক। [করণ।
Fúrtherance, *s.* সাহায্য, উন্নতি,বৃদ্ধি
Fúrthermore, *ad.* অধিকন্তু,এতদ্ভিন্ন।
Fúrtive, *a.* অপহৃত, অপহৃবদ্বারা প্রাপ্ত।
Fúry, *s.* উৎকট রাগ, ক্রোধ, কোপ।
Furze, *s.* কণ্টক বৃক্ষ বিশেষ।
Fuse, *v.* উত্তাপে দ্রুব ক, গলা।
Fúsee, *s.* কামানের পলিতা, ক্ষুদ্র বন্দুক বিশেষ।
Fúsible, *a.* গলনীয়, দ্রবণীয়।
Fúsil, *s.* এক প্রকার বন্দুক।
Fúsion, *s.* দ্রব করণ, গলা ভাব।
Fuss, *s.* চলাবুলা, ধূমধাম,মহাড়ম্বর, তিলে তাল।
Fústian, *s.* বস্ত্রবিশেষ; গোঁড়াম।
Fústy, *a.* গুমটিয়া,দুরিত,ছাতাপড়া।
Fútile, *a.* অনর্থক, নিষ্ফল।
Futílity, *s.* অনর্থকতা, নিষ্ফলতা।
Fúture, *a.* ভবিষ্যৎ, ভাবী, আগামী
Futúrity, *s.* ভবিষ্যৎকাল,পরলোক।

G.

Gábble, *v.* বড়্‌বড়্‌ক,অস্পষ্ট কথা কহ।
Gáble, *s.* ঘরের ঢালু ছাত।
Gad, *v.* নিরর্থক পরিভ্রমণ ক।
Gádfly, *s.* ডাঁশ, উদ্দংশ।
Gag, *s.* মুখবন্ধ ক, বাক্যরোধ ক।
Gage, *s.* বন্ধক, পণ, প্রতিজ্ঞা।
Gáiety, Gáyety, *s.* হর্ষ, আমোদ।
Gáily, *ad.* কুতূহলে, আনন্দে, রসি-কতারূপে।
Gain, *s.* উপার্জ্জন, লাভ, প্রাপ্তি।
Gain, *v.* লাভ ক,প্রাপ্ত হ,উপার্জ্জন ক।
Gáinsay, *v.* অস্বীকার ক,আপত্তি ক।
Gait, *s.* হাটিবার ডৌল, চলন.ঠমক।
Gáiters, *s.* কাচ,স্থূলবস্ত্রময় জঙ্ঘাত্রাণ।
Gála, *s.* উৎসব, পর্ব্ব, আনন্দ।
Gálaxy, *s.* মন্দাকিনী; শোভন বস্তু সমূহ।
Gale, *s.* ঝটিকা বাতাস,প্রচণ্ড বায়ু,ঝড়।
Gall, *s.* পিত্ত, তিক্তরস; দ্বেষ, রাগ।
Gall, *v.* ছড়্‌যা,ঘর্ষণেতে ক্ষত ক;ত্যক্ত ক।
Gallánt, *s.* উপপতি, জার, ঢেমনা।

Gállant, *a.* সাহসিক, বীর, বিক্রান্ত।
Gállantry, *s.* সাহস; স্ত্রীলোকের প্রতি শিষ্টাচার, জারকি।
Gállery, *s.* ঘরের ভিতরের বারাণ্ডা।
Gálley, *s.* জাহাজ বিশেষ; ছাপা কর্ম্মের অক্ষরাধার।
Gálling, *a.* পীড়াদায়ক, কষ্টকর।
Gállipot, *s.* ঔষধ রাখিবার বাটিকা বা ভাঁড়।
Gállon, *s.* দ্রব দ্রব্যের তিন সের দশ [ছটাক পরিমাণ।
Gállop, *s.* ছাড়তক দৌড়, প্লুতগতি।
Gállows, *s.* ফাঁসীর কাষ্ঠ।
Gálvanism, *s.* গেলবেনিদ্বারা আবিষ্কৃত বিদ্যুতীয় শক্তি।
Gámble, *v.* জুয়াখেলা ক, পাশক্রীড়া ক।
Gámbol, *s.* নৃত্য, খেলা, লম্ফঝম্ফ, উৎপ্লব।
Game, *s.* বাজী, খেলা; মৃগয়া; শীকারে মারা পশু পক্ষ্যাদি।
Game-cóck, *s.* লড়াক্ কুক্কুট।
Gámesome, *a.* ক্রীড়াকর, রসিক।
Gámester, *s.* জুয়ারী, পাশক্রীড়ক।
Gáming, *s.* জুয়াখেলা, পাশক্রীড়া।
Gámmon, *s.* শূকরের সলবণ শুষ্ক জঙ্ঘা।
Gámut, *s.* বাদ্য শিক্ষার প্রথম পাঠ
Gánder, *s.* রাজহংস, হংস।
Gang, *s.* দুষ্ট লোকদের দল, সম্প্রদায়।
Gángrene, *s.* মাংস গলন, পচন।
Gángway, *s.* জাহাজারোহণ দ্বার।
Gáol, *s.* কারাগার, বন্ধন গৃহ।
Gáoler, *s.* কারা রক্ষক, বন্দী পাল।
Gap, *s.* ফাঁক, ফুকর, ছিদ্র, ছেঁদা।
Gape, *v.* হাই তোল; চাহিয়া থাক।
Garb, *s.* পরিচ্ছদ, বেশ, পোশাখ।
Gárbage, *s.* নাড়ীভুঁড়ি; উচ্ছিষ্টান্ন।
Gárble, *v.* পৃথক্ ক, বাছিয়া ল।
Gárden, *s.* বাগান, উদ্যান, উপবন।
Gárdener, *s.* মালী, উদ্যান পালক।
Gárgle, *v.* কুল্‌কুচ ক, ঘড়ঘড়া।
Gárish, *a.* প্রফুল্ল, ফুলফুলিয়া।
Gárland, *s.* পুষ্পমালা, পুষ্পহার।
Gárlic, *s.* রসুন, লশুন।
Gárment, *s.* পরিচ্ছদ, পরিধান বস্ত্র।
Gárner, *s.* গোলা, শস্যাগার।
Gárnish, *v.* ভূষিত ক, শোভিত ক।
Gárniture, *s.* বেশভূষা, সজ্জা।
Gárret, *s.* গৃহেরসর্ব্বোপরিস্থকুঠরী।
Gárrison, *s.* দুর্গের সেনা; দুর্গ।
Garrúlity, *s.* বাচালতা, বাবদূকতা।
Gárrulous, *a.* বকুনিয়া, বাচাল।
Gárter, *s.* মোজা বাঁধা ফিতা।
Gas, *s.* বাস্প, উদ্ভাব।
Gasconáde, *s.* গর্ব্ব, অহমিকা।
Gash, *s.* গভীর ক্ষত, ঘা, ঘালি।
Gasómeter, *s.* বাস্প পরিমাপক যন্ত্র।
Gasp, *s.* খাবি খাওন, হাঁপানি।
Gástric, *a.* উদরীয়, জঠর সম্বন্ধীয়।
Gate, *s.* পুরদ্বার, সিংহদ্বার।
Gáther, *v.* কুড়া, পাড়, সংগ্রহ ক।
Gáthering, *s.* সঞ্চয়; স্ফোটক।
Gáudy, *a.* রঙ্গিলা, রাগরঙ্গযুক্ত।
Gauge, *s.* দ্রব দ্রব্যের পরিমাণ।
Gaunt, *a.* কৃশ, ক্ষীণ, মাংসহীন।
Gaúntlet, *s.* লোহানির্ম্মিতহস্তরক্ষণী।
Gauze, *s.* ঝিলমিলি কাপড়, কপরধূল।

Gáwky, *a.* বোকা, অসভ্য, আনাড়ী।
Gay, *a.* রসিক, হৃষ্টচিত্ত, পুলকিত।
Gaze, *v.* একদৃষ্টে চাহিয়া থাক।
Gazétte, *s.* সমাচার পত্র।
Gazetteér, *s.* সন্দেশাবলী; দেশ বিদেশের বিবরণ ঘটিত পুস্তক।
Gázingstock, *s.* ঘৃণাস্পদ।[সামগ্রী।
Gear, *s.* সজ্জা, বেশ, বেশভূষা; গৃহ-
Gelátinous, *a.* আঠাবৎ, আঠাল।
Geld, *v.* মুষ্কচ্ছেদন ক, দাম্ড়া ক।
Gélding, *s.* ছিন্নমুষ্ক ঘোটক।
Gem, *s.* রত্ন, মণি; মুকুল, কুঁড়ি।
Gémini, *s.* মিথুন রাশি।
Génder, *s.* লিঙ্গ, জাতি।
Genealógical, *a.* বংশাবলীসম্বন্ধীয়।
Geneálogy, *s.* বংশাবলী, কুলজী।
Géneral, *a.* সাধারণ; সচরাচর।
Géneral, *s.* প্রধান সেনাপতি; সাকল্য
Generalíssimo, *s.* সর্ব্ব প্রধান সৈন্যাধ্যক্ষ।
Generálity, *s.* অধিকাংশ, সাধারণত্ব।
Génerally, *ad.* সচরাচররূপে, সামান্যতঃ। [বা নৈপুণ্য।
Géneralship, *s.* সৈন্যাধ্যক্ষের পদ
Génerate, *v.* জন্ম দে, উৎপন্ন ক।
Generátion, *s.* গোষ্ঠী, বংশ, জন্মদেওন।
Genéric, *a.* বর্গ সম্বন্ধীয়, বর্গীয়।
Generósity, *s.* দাতৃত্ব, মহাত্মতা, ঔদার্য্য।
Génerous, *a.* দানশীল, বদান্য, উদার।
Génesis, *s.* বংশ; খ্রীষ্টীয় ধর্ম্মশাস্ত্রের আদিপুস্তক।

Génial, *a.* সৃজক; স্বাভাবিক; পুষ্টিকর।
Génitals, *s.* পুরুষাঙ্গ, উপস্থ।
Génitive, *a.* সম্বন্ধকারক। [বুদ্ধি।
Génius, *s.* গুণ, নৈপুণ্য, স্বাভাবিক
Genteél, *a.* শিষ্ট, সুশীল, সভ্য।
Géntile, *s.* যিহূদীয়ছাড়া অন্যদেশী।
Gentílity, *s.* সুশীলতা, ভদ্রতা; সৎকুলোৎপত্তি।
Géntle, *a.* কোমল, মৃদু, শিষ্ট, মহৎ।
Géntleman, *s.* সম্ভ্রান্ত ব্যক্তি, ভদ্রলোক।
Géntly, *ad.* ধীরে ২; স্নেহপূর্ব্বক।
Géntry, *s.* সম্ভ্রান্ত বা মর্য্যাদাপন্নলোক।
Genufléction, *s.* হাঁটু গাড়ন।
Génuine, *a.* প্রকৃত, অকল্পিত, অকৃত্রিম
Génus, *s.* জাতি, গণ, বর্গ, বর্ণ।
Geógrapher, *s.* ভূগোল বিদ্যাজ্ঞ।
Geográphical, *a.* ভূগোলবিদ্যা সম্ব-
Geógraphy, *s.* ভূগোলবিদ্যা [ন্ধীয়
Geólogy, *s.* মৃত্তিকা নির্ণায়ক বিদ্যা।
Geométrical, *a.* ক্ষেত্রবিদ্যাসম্বন্ধীয়।
Geometrícian, *s.* ক্ষেত্র পরিমাপক শাস্ত্রজ্ঞ।
Geómetry, *s.* ক্ষেত্র পরিমাপক বিদ্যা
Germ, *s.* অঙ্কুর, পাকড়ি, কলিকা।
Gérminate, *v.* অঙ্কুরিত হ।
Gérund, *s.* চতুমন্ত পদ।
Gestátion, *s.* গর্ব্ভধারণ, গর্ব্ভবতীত্ব।
Gestículate, *v.* রঙ্গভঙ্গ ক, ভ্রূকুটি ক।
Géssture, *s.* শরীরের ভঙ্গী।
Get, *v.* প্রাপ্ত হ, উপার্জ্জন ক।
Géwgaw, *s.* খেল্না, ফঙ্গমানী ভূষা।
Ghástly, *a.* ভূতের ন্যায়; বিকট বর্ণ।
Ghérkin, *s.* ক্ষুদ্র ক্ষীরা বা সশা।

Ghost, *s.* ভূত, প্রেত, আত্মা।
Ghóstly, *a.* ভৌতিক, পারমার্থিক।
Gíant, *s.* রাক্ষস, বৃহৎ শরীরী।
Gíbberish, *s.* অর্থহীন বাক্য, দস্যাদির সঙ্কেত ভাষা।
Gíbbet, *s.* ফাঁসী কাষ্ঠ।
Gíbbous, *a.* কূর্ম্মপৃষ্ঠাকার, টোপবৎ।
Gíbe, *s.* বিদ্রূপ, ঠাট্টা, গদ্দি, ব্যঙ্গ।
Gíblets, *s.* হংসের খণ্ডিত অঙ্গ।
Gíddy, *a.* ঘূর্ণায়মান; চঞ্চলবুদ্ধিবিশিষ্ট
Gift, *s.* দান, নৈবেদ্য; গুণ, ক্ষমতা।
Gífted, *a.* গুণবান্, ক্ষমতাবান্, পারগ। [খেলা বিশেষ।
Gig, *s.* এক ঘোড়ার গাড়ী বিশেষ;
Gigántic, *a.* বৃহৎকায়বিশিষ্ট, প্রকাণ্ড।
Gíggle, *v.* খিল্‌খিল্ করিয়া হাস।
Gild, *v.* স্বর্ণে মণ্ডিত ক, সোণালী ক।
Gílding, *s.* সোণালি কর্ম্ম, স্বর্ণ মণ্ডন।
Gill, *s.* মৎস্যের গাল; পক্ষীর থুঁতনীর অধোভাগের মাংস; দ্রব দ্রব্যের পরিমাণ বিশেষ।
Gímlet, *s.* বর্ম্মা, ভমরী, তুরপণ্।
Gin, *s.* মদিরা বিশেষ; ফাঁদ, জাল।
Gínger, *s.* আদা, আদ্রক, শুঁঠ।
Gíngerbread, *s.* আদা, চিনি ময়দামিশ্রিত পিষ্টকান্ন।
Gíngerly, *ad.* সাবধানরূপে।
Gíngle, *v.* ঝিন ২ শব্দ ক।
Gípsy, *s.* বেদিয়ার ন্যায় দেশভ্রমণকারী জাতি।
Gird, *v.* বন্ধন ক, কটিবন্ধন ক।
Gírdle, *s.* কটিবন্ধনী, পটকা।
Girl, *s.* কন্যা, বালিকা, কুমারী।
Girth, *s.* ঘোড়ার পেটীবন্ধনী; বেড়, পরিধি।
Give, *v.* দান ক, অর্পণ ক, উৎসর্গ ক।
Gíver, *s.* দাতা, দায়ক, দানকর্ত্তা।
Gízzard, *s.* হংসাদির পিলা।
Gláciers, *s.* হিমানী ক্ষেত্র।
Glácis, *s.* দুর্গের বাহিরে ঢালু ভূমি।
Glad, *a.* আনন্দিত, হৃষ্ট, হর্ষিত, তুষ্ট।
Gládden, *v.* আনন্দিত ক, তুষ্ট ক।
Glade, *s.* বনের মধ্যে পরিষ্কৃত মাঠ।
Gládiator, *s.* অস্ত্রক্রীড়ক, মল্লযোদ্ধা।
Gládness, *s.* আনন্দ, সন্তোষ, হর্ষ।
Glair, *s.* অণ্ডের শুক্লাংশ।
Glance, *s.* কটাক্ষ, ঈষদ্দৃষ্টি।
Gland, *s.* মাংস গ্রন্থি বিশেষ।
Glánders, *s.* অশ্বের নাসিকার রোগ।
Glare, *s.* উৎকট দীপ্তি, চক্‌মক্।
Gláring, *a.* চক্‌মকিয়া; সুস্পষ্ট।
Glass, *s.* কাঁচ, পরকলা; দর্পণ; পানপাত্র।
Glassblower, *s.* কাঁচপাত্র নির্ম্মাতা।
Glaze, *v.* চিক্‌নাই ক; পরকলা দে।
Glázier, *s.* পরকলা ব্যবসায়ী।
Gleam, *s.* বিদ্যুতের মত দীপ্তি, রশ্মি।
Glean, *v.* পতিতশস্যকুড়িয়া ল, খুঁটিয়া
Glebe, *s.* পুরোহিতের বৃত্তি ভূমি। [ল।
Glee, *s.* আহ্লাদ, হর্ষ, কৌতুক।
Glen, *s.* দুই পর্ব্বতের মধ্যস্থান, উপত্যকা।
Glib, *a.* পিছ্‌লা, স্নিগ্ধ, চিক্কণ।
Glide, *v.* অবাধে বেগে গতি ক, পিছলিয়া যা।
Glímmer, *v.* মিট্‌মিট্ ক।

Glímpse, *s.* ঈষদ্দৃষ্টি, ঈষদ্দীপ্তি।
Glísten, *v.* চকমকিয়া হ, জল্‌জলা।
Glítter, *v.* ঝক্‌মক্ ক, ধক্‌ধক্ ক।
Gloat, *v.* কটাক্ষ ক, বক্রদৃষ্টি ক।
Globe, *s.* ভূগোল, গোলাকৃতি।
Glóbular, *a.* গোলাকার।
Glóbule, *s.* গোলাকৃতি ক্ষুদ্র বিন্দু।
Gloom, *s.* অন্ধকার, ঘোর; বিষণ্ণতা।
Gloómy, *a.* ঘোর, অন্ধকারময়; নিরানন্দ। [স্তব ক।
Glórify, *v.* ধন্যবাদ ক, গৌরব ক,
Glórious, *a.* গৌরবান্বিত, শ্রীযুক্ত।
Glóry, *s.* গৌরব, মহিমা, প্রতাপ।
Glóry, *v.* অহঙ্কার ক, শ্লাঘা ক।
Gloss, *s.* আভা, প্রভা; টীকা।
Glóssary, *s.* শব্দের কোষ, বাক্যাবলী।
Glóssy, *a.* কান্তিযুক্ত, চিক্কণ, স্নিগ্ধ।
Glove, *s.* হাতা, দস্তানা।
Glóver, *s.* হাতা ব্যবসায়ী।
Glow, *v.* উত্তপ্ত হ, ধক্‌ধকা।
Glówworm, *s.* জোনাকী পোকা।
Glue, *s.* শিরীষ।
Glum, *a.* ম্লানমুখ, বিষণ্ণ, অধোমুখ।
Glut, *v.* গ্রাস ক; বিতৃষ্ণা জন্মা।
Glútinous, *a.* আঠাবৎ, চট্‌চটিয়া।
Glútton, *s.* পেটুক, উদরম্ভরি।
Glúttonous, *a.* পেটসর্ব্বস্ব, পেটুক।
Glúttony, *s.* পেটুকতা, অদ্মরতা।
Gnash, *v.* দন্ত ঘর্ষণ ক, কিড়মিড় ক।
Gnat, *s.* মশা, মশক, উদ্দংশ।
Gnaw, *v.* কট্‌মটিয়া চর্ব্বণ ক।
Gnómon, *s.* সূর্য্য ঘড়ীর কাঁটা।
Go, *v.* যা, চল, গমন ক, প্রস্থান ক।
Goad, *s.* অঙ্কুশ, ডাঙ্গশ, পাঁচনী।
Goal, *s.* দৌড়ের লক্ষ্য; শেষাভিপ্রায়, পরিণাম।
Goat, *s.* ছাগ, ছাগল, পাঁঠা, অজা।
Góatherd, *s.* ছাগ রক্ষক।
Góbble, *v.* কোঁৎ করিয়া গিল।
Góblet, *s.* বাটিকা, পানপাত্র, কটোরা।
Góblin, *s.* ভূত, পিশাচ, রাত্রিচর।
God, *s.* ঈশ্বর, পরমেশ্বর; দেব।
Gódchild, *s.* ধর্ম্মপুত্র।
Góddess, *s.* দেবী, দেবপত্নী।
Gódfather, *s.* ধর্ম্মপিতা।
Gódhead, *s.* ঈশ্বরত্ব।
Gódless, *a.* নাস্তিক, পাষণ্ড, অধার্ম্মিক।
Gódliness, *s.* ঈশ্বরের ভক্তি, ধার্ম্মিকতা
Godly, *a.* ঈশ্বর পরায়ণ, ধার্ম্মিক।
Góggle, *v.* বক্র দৃষ্টি ক, টেড়া দৃষ্টি ক।
Góing, *s.* গমন, চলন; আচার।
Goítre, *s.* গলগণ্ড, গরগণ্ড।
Gold, *s.* স্বর্ণ, সোণা; সম্পত্তি।
Góldbeater, *s.* স্বর্ণকার বিশেষ, সোণার পাত নির্ম্মাতা।
Gólden, *a.* স্বর্ণ নির্ম্মিত, স্বর্ণময়।
Góldfinch, *s.* পক্ষী বিশেষ।
Góldleaf, *s.* স্বর্ণ পত্র বা তবক।
Góldsmith, *s.* স্বর্ণকার, সেক্‌রা।
Gong, *s.* কাঁসর, ঘণ্টা, ঘন।
Good, *s.* কুশল, মঙ্গল, কল্যাণ।
Good, *a.* ভাল, ভদ্র, মঙ্গল, সৎ।
Goodbye, *s.* তোমার কল্যাণ হউক, যাত্রাকালে আশীর্ব্বাদ সূচক বাক্য।
Goodly, *a.* সুন্দর, শুভ, উত্তম, চারু।
Goodnature, *s.* সুস্বভাব, সুশীলতা।

Goodness, *s.* ভদ্রতা,শিষ্টতা,সাধুতা।
Goods, *s.* দ্রব্যাদি, সামগ্রী, সম্পত্তি।
Goose, *s.* রাজহংসী; অবোধ।
Gooseberry, *s.* ফল বিশেষ।
Gore, *s.* গাঢ় রক্ত, ঘনীভূত রক্ত।
Gore, *v.* শৃঙ্গের দ্বারা বিদ্ধ ক।
Gorge, *s.* গলা, কণ্ঠ; সুড়ি পথ।
Gorge, *v.* আকণ্ঠ পরিপূর্ণ ক।
Górgeous, *a.* জাঁকাল,শোভাবিশিষ্ট।
Górmandize, *v.*অতিরিক্ত ভোজন ক।
Góry, *a.* রক্তময়,রক্তাক্ত, রক্তলিপ্ত।
Gósling, *s.* রাজহংসের ছানা।
Gospel, *s.* খ্রীষ্টের সুসমাচার।
Góssamer, *s.* মাকড়সার জালের ন্যায় যে সূক্ষ্ম তন্তু আকাশে উড়ে।
Góssip, *s.* গল্প, জনরব; গপ্পিয়া।
Góthic, *a.*অসভ্য,অশিষ্ট; গোথ জাতীয়।
Gouge, *s.* বাটালি বিশেষ।
Gourd, *s.* লাউ, তুম্বী, অলাবু।
Gourmánd,*s.*পেটুকব্যক্তি,বহুভোজী।
Gout, *s.* বাত রোগ বিশেষ।
Góvern, *v.* কর্ত্তৃত্ব ক, শাসন ক।
Góvernance, *s.*কর্ত্তৃত্ব,শাসন।
Góverness, *s.* কর্ত্রী,রক্ষিকা,শিক্ষাদায়িকা।
Góvernment, *s.* কর্ত্তৃত্ব,রাজকর্ম্ম।
Góvernor, *s.* কর্ত্তা, শাসনকর্ত্তা।
Gown, *s.* ঘাঘ্‌রা, গাজামা, লবেদা।
Grace, *s.* অনুগ্রহ,ক্ষমা,প্রসাদ; সৌন্দর্য্য; স্তব বিশেষ; ডুাক অথবা প্রধান ধর্ম্মাধ্যক্ষের সম্ভ্রম সূচক উপাধি।
Gráceful, *a.* মনোহর, সুন্দর, সুশ্রী।
Gráceless, *a.* ধর্ম্মহীন, দুষ্ট, ভ্রষ্ট।
Grácious, *a.* অনুগ্রাহক, কৃপালু।
Gradátion, *s.* অনুক্রম, পর্য্যায়, পরম্পরা।
Grade, *s.* ক্রম,আনুপূর্ব্বী; সোপান।
Grádual, *a.* ক্রমিক, ক্রমাগত; ধীর।
Grádually, *ad.* ক্রমে২,ক্রমশঃ; রীতিপূর্ব্বক।
Gráduate, *v.* ক্রমের অঙ্ক চিহ্নিত ক; মহা বিদ্যালয়ে উপাধিদ্বারা মর্য্যাদাবন্ত ক।
Gráduate, *s.* মহা বিদ্যালয়ে উপাধিপ্রাপ্ত ব্যক্তি।
Graft,*s.*বৃক্ষাদির কলম,সংযুক্তশাখা।
Grain, *s.*শস্য; কণা; পরিমাণবিশেষ; কাষ্ঠের আঁশ।
Gram, *s.* বুট, ছোলা, চণক, চণা।
Gramineous, *a.* তৃণবৎ, তৃণময়।
Graminivorous,*a.*তৃণজীবী,তৃণখাদক
Grámmar, *s.* ব্যাকরণ।
Grammárian, *s.* বৈয়াকরণ।
Grammátical, *a.* ব্যাকরণ সিদ্ধ।
Grámpus, *s.* বৃহৎ মৎস্য বিশেষ।
Gránary, *s.* শস্যের গোলা, বাঁকার।
Grand, *a.* বড়, মহৎ, শ্রেষ্ঠ, উত্তম।
Grándchild, *s.* নাতী, পৌত্র,পৌত্রী, দৌহিত্র,দৌহিত্রী।
Grandeé, *s.* প্রধানব্যক্তি, কুলীন।
Grándeur, *s.* ঐশ্বর্য্য, মহিমা, গৌরব।
Grándfather, *s.* পিতামহ, মাতামহ।
Grándmother,*s.*পিতামহী,মাতামহী
Grandíloquence,*s.*বাগাড়ম্বর,অত্যুক্তি
Grándsire,*s.* পিতামহ, মাতামহ।
Gránite, *s.* কঠিন প্রস্তর বিশেষ।
Granívorous,*a.*শস্যজীবী,শস্যখাদক

Grant, *s.* দত্তদ্রব্য, দান, বৃত্তি; বর।
Grant, *v.* দান ক; স্বীকার ক।
Granteé, *s.* দানভোগী, বৃত্তিভোগী।
Gránular, *a.* দানাবৎ, শস্যবৎ।
Gránulate, *v.* দানাবৎ হ, বীজাকার হ।
Gránulous, *a.* দানাময়, বীজময়।
Grape, *s.* দ্রাক্ষাফল, গোস্তনী।
Gráphic, *a.* সুচিত্রিত, উত্তমরূপে লিখিত, খোদিত।
Grápnel, *s.* ক্ষুদ্র লঙ্গর; অস্ত্র বিশেষ।
Grápple, *v.* হাতাহাতি ক, শক্ত করিয়া ধর, বন্ধ ক।
Grasp, *s.* শক্ত করিয়া ধরণ।
Grass, *s.* ঘাস, তৃণ, যবস।
Grásshopper, *s.* পতঙ্গ, ফড়িঙ্গ
Grassplot, *s.* তৃণাচ্ছাদিত স্থান।
Grate, *s.* আখার ঝাঁঝরী, লৌহবেড়া।
Grate, *v.* কড় ২ ক, ঘর্ষণ ক; বিরক্ত ক।
Gráteful, *a.* কৃতজ্ঞ; তুষ্টিকর।
Gratificátion, *s.* সন্তোষ, তৃপ্তি।
Grátify, *v.* তৃপ্ত ক, সন্তুষ্ট ক।
Grátifying, *a.* মনের মত, তুষ্টিকর।
Gráting, *s.* লোহা নির্ম্মিত ঝাঁঝরী বা গরাদিয়া।
Grátis, *ad.* অমনি, বিনামূল্যে।
Grátitude, *s.* কৃতজ্ঞতা, উপকার স্মরণ।
Gratúitous, *a.* বিনা মূল্যে দত্ত; কারণ রহিত, কল্পিত।
Gratúity, *s.* দান, পারিতোষিক।
Grave, *s.* কবর, সমাধি স্থান।
Grave, *a.* গম্ভীর, ভারী, ধীর।
Grável, *s.* কাঁকর; অশ্মরী রোগ।
Grávid, *a.* ভারী, পূর্ণ; গর্ব্বিণী।

Grávitate, *v.* গুরুত্ব প্রযুক্ত অধঃপাত
Gravitátion, *s.* স্বভাব গুরুত্ব প্রযুক্ত ভূমিতে পতন শীলতা।
Grávity, *s.* গাম্ভীর্য্য, গুরুত্ব, ভার।
Grávy, *s.* মাংসের রস।
Gray, *a.* ধূসরবর্ণ; পক্বকেশ বিশিষ্ট।
Graze, *v.* চর; লঘুস্পর্শ ক।
Grázier, *s.* গোমহিষাদিপালক, রাখাল
Grease, *s.* চর্ব্বি, বসা, তৈলাদি।
Grease, *v.* চর্ব্বি মাখা, তৈলাক্ত ক; উৎকোচ দে।
Greásy, *a.* তেলা, চিক্কণ, স্নিগ্ধ।
Great, *a.* বড়, বৃহৎ, গুরুতর, প্রধান।
Greátly, *ad.* অতিশয়রূপে, অতীব।
Greátness, *s.* বৃহত্ত্ব, গুরুত্ব; মহিমা, খ্যাতি।
Greédy, *a.* পেটুক, লোলুপ, লোভী।
Green, *a.* হরিদ্বর্ণ; অপক্ব, নবীন।
Green, *s.* তৃণযুক্ত মাঠ; শাকাদি।
Greénhouse, *s.* চারা রক্ষণের গৃহ।
Greens, *s.* শাক, খাদ্য তৃণ পত্র।
Greet, *v.* বন্দনা ক, নমস্কার ক; পরমঙ্গলে আহ্লাদ ক।
Gregárious, *a.* পালে ২ গমনশীল।
Grenáde, *s.* লৌহ গোলা বিশেষ।
Grénadier, *s.* দীর্ঘকায় সৈন্য।
Grey, *a.* see Gray.
Gréyhound, *s.* শিকারী কুকুরবিশেষ।
Grídiron, *s.* মাংস কাবাব করণার্থ ঝাঁঝরা।
Grief, *s.* শোক, খেদ, দুঃখ, সন্তাপ।
Gríevance, *s.* ক্লেশের বিষয়; দুঃখ।
Grieve, *v.* দুঃখ দে, শোক ক।

Griévous, *a.* দুঃখদায়ক, কষ্টকর।
Grill, *s.* কাবাব ক, মাংস ঝল্সা।
Grim, *a.* বিকট মূর্ত্তিমান্, কটুমুখ।
Grimáce, *s.* মুখ শিট্‌কান, বক্রমুখ, ভেঙ্গান।
Grimálkin, *s.* বৃদ্ধ বিড়াল।
Grin, *v.* মুখ ভেঙ্গা, খিঁচা, দন্ত দেখা।
Grind, *v.* ঘর্ষণ ক, শাণ দে; চূর্ণ ক; দুঃখ দে।
Grínder, *s.* কসের দাঁত ; ঘর্ষক।
Gríndstone, *s.* শাণপ্রস্তর ; যাঁতা।
Gripe, *v.* বেষ্টন করিয়া ধর, খামচা।
Grípe, *s.* পেট কামড়ানী, টিপন, মোচড়ান।
Grisly, *a.* ভয়ানক, কদাকার, কুৎসিত।
Grist, *s.* যাঁতায় যে তণ্ডুল যোগান যায়; খাদ্য দ্রব্য।
Grístle, *s.* কোমল অস্থি।
Grit, *s.* বালি, কাঁকর; মলবন্ধা, সামান্য আহার।
Grítty, *a.* বালুকাময়, কর্করিয়া।
Grízzled, *a.* ধূসরবর্ণে চিত্রিত।
Groan, *s.* কোঁকানি, কোঁথানি।
Groat, *s.* ইংলণ্ডীয় আড়াই আনা মূল্যের মুদ্রা; নিস্তুষ যব।
Grócer, *s.* মুদী, পসারী। [দ্রব্য।
Grócery, *s.* মুদীখানা; মুদীর বিক্রেয়
Grog, *s.* মদ্য ও জলমিশ্রিত পেয়দ্রব্য।
Groin, *s.* কুঁচকী, বঙ্ক্ষণ।
Groom, *s.* সহিস, অশ্বরক্ষক, ভৃত্য।
Groove, *s.* সীতা, খোল, গর্ত্ত, ঘাঘরি।
Grope, *v.* হাঁতড়াইয়া তত্ত্ব ক।
Gross, *a.* স্থূল, বড়, পুষ্ট, মোটা; মূর্খ।
Gross, *s.* ১৪৪ সংখ্যা; গড়, সমূহ।
Grotésque, *a.* বিকটাকার, কদাকার, অস্বাভাবিক।
Grótto, *s.* গহ্বর, কুঞ্জ, কুটীর।
Ground, *s.* ভূমি, মৃত্তিকা; মূল।
Groúndless, *s.* অমূলক, অনর্থক।
Ground-rent, *s.* খাজানা, ভূমির কর।
Group, *s.* দশ কুড়ি জনের দল, সমূহ।
Grove, *s.* উপবন, কুঞ্জ, বৃক্ষবাটিকা।
Gróvel, *v.* হামাগুড়ী দা; অধোমনাঃ হ।
Grow, *v.* উৎপন্ন হ, জন্মা, বর্দ্ধিত হ।
Growl, *v.* গর্জ্জন ক, বড়্ ২ ক।
Growth, *s.* বৃদ্ধি, উৎপত্তি; উৎপন্ন বস্তু।
Grub, *s.* কীট, পোকা।
Grub, *v.* খুঁড়, উপড়া।
Grudge, *v.* ঈর্ষ্যা ক, অনিচ্ছা পূর্ব্বক দান ক।
Grudge, *s.* বিরোধ, হিংসা, আড়ি।
Grúdgingly, *ad.* ঈর্ষ্যাপূর্ব্বক; অনিচ্ছায়।
Grúel, *s.* কাঁজি, মণ্ড, মাঁড়, আমানি।
Gruff, *a.* কর্কশ, কটুবাদী।
Grúmble, *v.* বিড় ২ ক, কচ্‌কচী ক, বৈরক্ত্য প্রকাশ ক। [শব্দ ক।
Grunt, *v.* ঘোঁত ২ ক, শূকরের ন্যায়
Guána, *s.* গোধিকা, গোসাপ।
Guaranteé, *s.* প্রতিভূ, জামিন।
Guard, *s.* রক্ষক, প্রহরী, চৌকী।
Guard, *v.* রক্ষা ক, চৌকী দে।
Gúardedly, *ad.* সতর্কতা পূর্ব্বক।
Guárdian, *s.* অভিভাবক, রক্ষক।
Guáva, *s.* পেয়ারা, আঞ্জীর।
Guérdon, *s.* পুরস্কার, পারিতোষিক।
Guess, *v.* অনুমান ক, অনুভব ক।

Guest, *s.* অতিথি, অভ্যাগত, নিমন্ত্রিত ব্যক্তি।
Guídance, *s.* উপদেশ, জ্ঞাপন।
Guide, *s.* পথদর্শক, উপদেষ্টা।
Guide, *v.* পথ দেখা, উপদেশ দে।
Guild, *s.* দল, সমাজ, সম্প্রদায়।
Guile, *s.* কুটিলতা, শঠতা, খলতা, প্রতারণা।
Guillotíne, *s.* শিরশ্ছেদন যন্ত্র।
Guilt, *s.* অপরাধ, দোষ, পাপ।
Guíltless, *a.* নিরপরাধী, নির্দ্দোষী।
Guilty, *a.* অপরাধী, দোষী, পাপী।
Guínea, *s.* ইংলণ্ডীয় স্বর্ণ মুদ্রা বিশেষ।
Guise, *s.* বেশ; রীতি, রূপ, ধারা।
Guitár, *s.* সেতারা, তান্পূরা, বেহালা।
Gulf, *s.* মহাখাল, গর্ত্ত, গভীর স্থল।
Gull, *s.* গাংচিল; অবোধ, মূর্খ।
Gúllet, *s.* গলার নলী।
Gulp, *s.* ঢোক গিলন, গ্রাস, ঘোঁট।
Gum, *s.* গোন্দ; মাড়ি, দন্তমূল।
Gúmption, *s.* বুদ্ধি, মেধা, প্রজ্ঞা।
Gun, *s.* বন্দুক, তোপ, কামান।
Gúnner, *s.* গোলন্দাজ।
Gúnnery, *s.* গোলন্দাজী বিদ্যা।
Gúnpowder, *s.* বারুদ।
Gúnshot, *s.* এক গুলি যত দূর যায় তৎপরিমিত স্থান।
Gúrgle, *v.* হুড়হুড় করিয়া পড়।
Gush, *s.* প্রবহন, বেগে নির্গমন।
Gust, *s.* দম্কা বাতাস।
Gusto, *s.* স্বাদ, তার, আস্বাদনের [শক্তি।
Gut, *s.* অন্ত্র, নাড়ী।

Gútter, *s.* নর্দ্দমা, প্রণালী, জুলী।
Guttural, *a.* কণ্ঠ্য, কণ্ঠদ্বারা উচ্চারিত।
Guzzel, *v.* অতিরিক্ত পান ক।
Gymnástic, *a.* মল্লযুদ্ধ সম্বন্ধীয়।
Gyrátion, *s.* ঘূর্ণি, চক্রগতি।
Gyves, *s.* শৃঙ্খল, বেড়ী, নিগড়।

H.

Ha, *int.* হাঃ, আহা, আশ্চর্য্য বোধক অব্যয় শব্দ। [বিক্রেতা।
Háberdasher, *s.* পাইকার, ক্ষুদ্র দ্রব
Habíliment, *s.* পরিচ্ছদ, বস্ত্রাদি।
Hábit, *s.* অভ্যাস, রীতি; পরিচ্ছদ
Hábitable, *a.* বাসকরণের যোগ্য।
Habitátion, *s.* বাসস্থান, বাটী।
Habítual, *a.* স্বাভাবিক, ব্যবহারিত।
Habítuate, *v.* ব্যবহার ক, অভ্যাস ক।
Hábitude, *s.* ব্যবহার, রীতি, আচার।
Hack, *v.* খণ্ড২ ক, কুটি২ ক, কাটকুট ক।
Hack, *s.* ভাড়াটিয়া ঘোড়া, অশ্রান্ত ঘোড়া।
Háckle, *v.* শণ বা পাট আঁচড়নদ্বারা পরিস্কার ক।
Hackney-coach, *s.* ভাড়াটিয়া গাড়ী।
Haft, *s.* বাঁট, মুঠা, হাতল।
Hag, *s.* ডাইনী, খুসনি, কুরূপা স্ত্রী।
Haggard, *a.* বুন্য, রোগদ্বারা কৃশ, শীর্ণ
Hággle, *v.* কচাল ক, ঘেঙ্গাইয়া ক্রয় ক।
Hail, *int.* মঙ্গল হউক, আশীঃ সূচক শব্দ, নমস্কার।
Hail, *v.* ডাক, সম্বোধন ক, প্রণাম ক।
Hail, *s.* শিল, শিলাবৃষ্টি, বর্ষোপল।
Háilstone, *s.* শিলা প্রস্তর।

Hair, *s.* কেশ,চুল,লোম, চিকুর ।
Háirbreadth,*s.* এক চুল অন্তর ।
Háiry, *a.* লোমশঃ,লোমময়,কেশব ।
Hálberd, *s.* বাঁটযুক্ত কুঠার, টাঙ্গী।
Hálcyon, *a.* শুভ, শান্ত, সুস্থির ।
Hale, *v.* আকর্ষণ ক, হিঁচ্‌ড়া, টান ।
Hale, *a.* সুস্থশরীরী, বলবান,সবল ।
Half, *s.* অর্দ্ধেক, অর্দ্ধ, আধা।
Half-blood,*s.* বৈমাত্রেয় বা বৈপিত্র্য ব্যক্তি ।
Hálfpenny, *s.* ইংলণ্ড দেশীয় তাম্র মুদ্রা বিশেষ । [বুদ্ধি বিশিষ্ট ।
Half-witted, *a.* অল্পবুদ্ধিমান্,অর্দ্ধ
Hall,*s.*দালান,শালা,কাছারী,মন্দির
Halleluiah,*s.*ঈশ্বরের প্রতি ধন্যবাদ ।
Hálloo, *v.* উচ্চৈঃস্বরে ডাক, হাঁক ।
Hállow, *v.* পবিত্র ক, শুদ্ধ ক ।
Hallucinátion, *s.* ভ্রম, ভুল, ভ্রান্তি ।
Hálo, *s.* সূর্য্য বা চন্দ্রমণ্ডল; শোভা ।
Halt, *v.* খুঁড়িয়া চল; স্থগিত হ; সন্দিগ্ধ হ ।
Halt, *a.* খোঁড়া, খঞ্জ, নেংড়া, পঙ্গু ।
Hálter, *s.*ফাঁসদড়ী,বাগ্‌ডোর,গলাসী
Halve, *v.* অর্দ্ধাংশ ক, দুই সমান ভাগ ক । [শুষ্ক জঙ্ঘা ।
Ham, *s.* জংঘা, শূকরের লোণা ও
Hámlet, *s.* ক্ষুদ্র পল্লী, সঙ্কীর্ণ গ্রাম, ছোট গাঁ ।
Hámmer, *s.* হাতুড়ী, মার্তেল ।
Hámmock,*s.* জাহাজের ঝুলানবিছা-
Hámper, *s.* বড় ঝাঁকা, ঝাঁপী । [না ।
Hámper,*v.* জড়ীভূত ক, পেঁচে ফেল, আটক ক ।
Hámstring,*v.*জানুর শিরা ছেদন ক।
Hand, *s.* হস্ত, হাত; ঘড়ীর কাটা।
Hand, *v.* হাত ধরিয়া লইয়া চল; দে।
Hándcuff, *s.* হাতকড়ি, হস্তবন্ধনী।
Hándful, *s.* এক মুষ্টি পরিমিত।
Hándicraft, *s.* মজুরি ব্যবসা; শিল্পকর্ম্ম।
Hándiwork, *s.* হস্ত কৃত কর্ম্ম।
Hándkerchief, *s.* রুমাল, গামছা।
Hándle, *s.* হাতল, বাঁট, মুঠা, কড়া।
Hándle, *v.* হাতে ল, স্পর্শ ক।
Hándmaid, *s.* দাসী, পরিচারিকা।
Hándmill, *s.* হাত যাঁতা, চাকী।
Hándsel, *s.* বউনি, বায়না।
Hándsome, *a.* সুশ্রী, সুন্দর; দাতা।
Hándsomely,*ad.*শিষ্টতারূপে; দাতৃস্বরূপে।
Hándwriting,*s.*হস্তাক্ষর, হস্তলিপি ।
Hándy, *a.* কর্ম্মঠ, দক্ষ, কর্ম্মোপযুক্ত।
Hang, *v.* উদ্বন্ধন ক, ফাঁসী দে, টাঙ্গা।
Hánger, *s.* ক্ষুদ্র করবাল, দুম্‌ণি।
Hánger-on,*s.*অনুগত ব্যক্তি,অন্নদাস।
Hángings, *s.* পর্দ্দা, যবনিকা, ঝালর।
Hángman, *s.* জল্লাদ, ফাঁসুড়িয়া।
Hank, *s.* সূতার ফেটী।
Hánker, *v.*স্পৃহা ক, প্রত্যাশা ক, লিপ্সা ক।
Hap, *s.* দৈব ঘটনা, ভাগ্য।
Hapházard,*s.* দৈব ঘটনা, দৈবযোগ।
Hápless, *a.* দুর্ভাগ্য, অভাগ্য, অশুভ।
Háply, *ad.* দৈবাৎ,সহসা, ঘটনাক্রমে; কি জানি।
Háppen, *v.* ঘট, উপস্থিত হ, বর্ত্ত।

Háppiness, *s.* সুখ, আনন্দ,কুশল।
Háppy, *a.* সুখী, হৃষ্ট,সানন্দ,কুশলী
Harángue, *s.* কথকতা,বিস্তারিতবাক্য।
Hárass, *v.* কষ্ট দে, ক্লেশ দে,বিরক্ত ক।
Hárbinger, *s.* অগ্রগামী, দূত,ধাবক।
Hárbour, *s.* বন্দর, জাহাজ থাকিবার খাল।
Hárbour, *v.* আশ্রয় দে, থাকিতে দে।
Hard, *a.* কঠিন, দুষ্কর, দৃঢ়, শক্ত।
Hard, *ad.* নিকটে;কষ্টে,আয়াসপূর্ব্বক।
Hárden, *v.* শক্ত ক, কঠিন ক, দৃঢ় ক।
Hardhéarted, *a.* কঠিনান্তঃকরণ বিশিষ্ট, নিষ্ঠুর, ক্রূর।
Hárdihood, *s.* সাহস; নির্লজ্জতা।
Hárdness, *s.* শক্তি, বল, তেজ; নির্লজ্জত্ব।
Hárdly, *ad.* কষ্টে; প্রায় নহে।
Hárdship, *s.* ক্লেশ, দুঃখ, কষ্ট।
Hárdware, *s.* ধাতুনির্ম্মিত দ্রব্য।
Hárdy, *a.* শক্ত; বলবান, সাহসিক।
Hare, *s.* খরগোশ, শশক, শশারু।
Hárebrained, *s.* ক্ষিপ্ত, চঞ্চল, অবিবেচক।
Hárelip, *s.* গরণাখাঁদা, গল্লাকাটা।
Hark! *int.* শ্রবণ কর, শুন ২।
Hárlequin, *s.* ভাঁড়, ভণ্ড, মস্করা।
Hárlot, *s.* গণিকা, বেশ্যা, বারাঙ্গনা।
Harm, *s.* হানি, ক্ষতি, অপচয়,দোষ।
Hármless, *a.* অহিংসক, সরল।
Harmónious, *a.* ঐক্য বিশিষ্ট, সুশ্রাব্য, সুস্বর, সুতান যুক্ত।
Hármonize, *v.* ঐক্য হ, উপযুক্ত হ; সুশ্রাব্য ক।

Hármony, *s.* ঐক্য, বাদ্যের মিলন।
Hárness, *s.* সজ্জা, সাজ; কবচ।
Harp, *s.* বীণা, বীণ, মোচঙ্গ।
Hárper, *s.* বীণাবাদক, বৈণিক।
Hárpoon, *s.* টেঁটা, পোলো, তেকোলা।
Hárpsichord, *s.* বাদ্য যন্ত্র বিশেষ।
Hárpy, *s.* কল্পিতজন্তুবিশেষ; লোভী, ক্রূর।
Hárrow, *s.* চাসের মই, বাঁশই। [খদ।
Harsh, *a.* কর্কশ,কঠোর,কটু; অসু-
Hárshness, *s.* কঠিনতা, কটুতা, কা-
Hart, *s.* হরিণ, মৃগ। [র্কশ্য।
Hártshorn, *s.* হরিণশৃঙ্গে কৃত ঔষধ।
Hárvest, *s.* ফসল; শস্যসংগ্রহ।
Hash, *v.* কুটি ২ ক, খণ্ড ২ ক।
Hássock, *s.* পূজালয়ে হাঁটু গাড়িয়া বসিবার আসন বিশেষ।
Haste, *s.* শীঘ্রতা, ত্বরা, বেগ।
Hásten, *v.* ত্বরা ক, শীঘ্র ক।
Hástily, *ad.* শীঘ্রতারূপে, ত্বরায়।
Hasty, *a.* উগ্র, শীঘ্র; অসাবধান;
Hat, *s.* টুপী, টোপর। [রাগী।
Hatch, *v.* ডিম্ব ফুটা; কল্পনা ক।
Hátchet, *s.* কুঠার, কুড়ালি, পরশু।
Hate, *v.* ঘৃণা ক, অশ্রদ্ধা ক, দ্বেষ ক।
Háteful, *a.* ঘৃণ্য, ঘৃণার্হ, দ্বেষ্য।
Hátred, *s.* ঘৃণা, অশ্রদ্ধা, দ্বেষ।
Hátter, *s.* টুপী নির্ম্মাতা বা বিক্রেতা।
Haughty, *a.* গর্ব্বিত, অহঙ্কারী, অমর্য্যাদক।
Haul, *v.* টান, আকর্ষণ ক।
Haunch, *s.* জঙ্ঘা, পাছা।
Haunt, *s.* গমনাগমনেরস্থান,আড্ডা

Haunt, *v.* সর্ব্বদা আনুগত্য ক।
Haunted, *a.* ভূতগ্রস্ত,ভূতবিশিষ্ট।
Hautboy, *s.* সানায়ী, বংশী বিশেষ।
Háuteur, *s.* অহঙ্কার, অভিমান।
Have, *v.* কাছে থাক; ধারণ ক,ভোগ ক।
Háven, *s.* জাহাজ থাকিবার খাল, বন্দর।
Hávoc, *s.* নাশ, বিনাশ, উচ্ছিন্ন।
Hawk, *s.* বাজপক্ষী, শ্যেনপক্ষী।
Hawk, *v.* বাজপক্ষীদ্বারা শিকার ক; গলা খাঁকারি দে; ফেরি ক।
Háwker, *s.* ফড়িয়া, পাইকার।
Háwser, *s.* জাহাজের কাছী, দড়া।
